

করোনার এ সংকটেও প্রথম আলো উত্তর আমেরিকা আছে আপনাদের পাশে। সবাই সুস্থ ও নিরাপদ থাকুন। সংক্রমণরোধে নিয়মকানুন মেনে চলুন।


# প্রথম আলো

Prothom Alo North America

25 November 2021, Thursday, 5th Year, Issue 245, 40 Pages




ছেলের জন্মদিনে কুমার বিশ্বজিৎ পরিবারের নিউইয়র্কে পুনর্মিলনী পৃষ্ঠা: ১৫


২৫ নভেম্বর ২০২১, ১০ অগ্রহায়ণ ১৪২৮, ২০ রবিউস সানি ১৪৪৩, বৃহস্পতিবার, বর্ষ ৫, সংখ্যা ২৪৫, পৃষ্ঠা: ৪০


## খালেদা জিয়াকে যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য বা জার্মানি নিতে বলেছেন চিকিৎসকরা

**খালেদা জিয়ার অসুস্থতা**

**ঢাকা অফিস**

বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়াকে চিকিৎসকেরা যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য বা জার্মানির যেকোনো হাসপাতালে নিয়ে চিকিৎসার পরামর্শ দিয়েছেন বলে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর জানিয়েছেন।

গত মঙ্গলবার রাতে বিএনপি চেয়ারপারসনের গুলশান অফিসে গণমাধ্যমকর্মীদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এ তথ্য জানান। মির্জা ফখরুল বলেন, 'খালেদা জিয়াকে চিকিৎসকেরা সেরা চিকিৎসা দেয়ার চেষ্টা করছেন। তাঁরা জোর দিয়ে বলছেন, এখানে কিন্তু তাঁর (খালেদা জিয়া) চিকিৎসা সম্ভব নয়। এখন যে জটিল অবস্থায় আছে সেই চিকিৎসা করতে তাঁকে অ্যাডভান্স সেন্টারে পাঠাতে হবে।



খালেদা জিয়া

মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, 'দেশের নামও তাঁরা (চিকিৎসক) বলেছেন, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য বা জার্মানির যেকোনো জায়গায় হতে পারে। আমরা আমাদের তরফ থেকে, পরিবারের পক্ষ থেকে সকলের সঙ্গে যোগাযোগ করা হচ্ছে। তাঁর চিকিৎসার ব্যাপারে বিদেশের চিকিৎসকদের পরামর্শ নেয়া হচ্ছে।

**এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৩**




**গৃহহীন** বিশ্বের অন্যতম শীর্ষ সম্পদশালী নগরী নিউইয়র্ক প্রায় অর্ধ লক্ষ গৃহহীন লোকের বসবাস। সব বয়সের নারী পুরুষ, এমনকি গর্ভবতী নারীর দেখা পাওয়া যায় নগরীর সড়ক পাশে। ফিফথ এভিনিউ মোড় থেকে গত সপ্তাহে ছবিটি তুলেছেন প্রথম আলো'র আলোকচিত্রী সৈয়দ মাসুদুল কবির।




## হ্যাপি থ্যাংকস গিভিং

**রোকেয়া দীপা**

ক্রিসমাসে পর যুক্তরাষ্ট্রের সবচেয়ে বড় উৎসবের দিন থ্যাংকস গিভিং ডে। প্রতিবছর নভেম্বরের শেষ বৃহস্পতিবার সর্বজনীন এই উৎসব উদযাপন করা হয়। ক্রিসমাস উৎসবের সাথে ধর্মের যোগসূত্র থাকায় পশ্চিমের দেশগুলোতে থ্যাংকস গিভিং ডে বা ধন্যবাদ দিবস একটা সার্বজনীন সামাজিক ও সাংস্কৃতিক উৎসব হয়ে উঠেছে। ২৫ নভেম্বর বৃহস্পতিবার থ্যাংকস গিভিং ডে

**এরপর পৃষ্ঠা ৩১ কলাম ১**

## আমেরিকায় আসার পথে ৩৭ বাংলাদেশি আটক

**মেক্সিকো সীমান্ত**

**রহমান মাহবুব**

আমেরিকার স্থলসীমান্ত দিয়ে নথিপত্রহীন প্রবেশের জন্য বাংলাদেশ থেকে যুবকদের বেপরোয়া যাত্রা মারাত্মকভাবে বেড়ে গেছে। দেশের বিভিন্ন এলাকায় দালাল চক্র ২৫-৩০ লাখ টাকা নিয়ে আমেরিকা পৌঁছে দিতে সক্রিয় রয়েছে। মেক্সিকো সীমান্ত দিয়ে আমেরিকা প্রবেশের জন্য বিপজ্জনক অভিযাত্রায় গ্রেপ্তার হওয়া দক্ষিণ আমেরিকার বিভিন্ন দেশের লোকজনের সাথে বাংলাদেশের নামও উচ্চারিত হচ্ছে।

২০ নভেম্বর শনিবার মেক্সিকোর ভেরাক্রুজ শহরে আমেরিকামুখী নথিপত্রহীন ৬০০ অভিবাসীকে ট্রাকের পেছনে বদ্ধ ট্রেলারে আটক করা হয়। লম্বা লরি ট্রাকের পেছনে দম বন্ধ হয়ে মারা যাওয়ার উপক্রম হয়েছিল এদের। এই ৬০০ জনের মধ্যে ৩৭ জনই বাংলাদেশ থেকে আসা বলে সংবাদ

**এরপর পৃষ্ঠা ৩১ কলাম ১**

## নিউইয়র্কের ডেপুটি মেয়র হচ্ছেন টমাস সুয়াজি!

**মনজুরুল হক**



টমাস সুয়াজি

মার্কিন প্রতিনিধি পরিষদের সদস্য টমাস সুয়াজি নিউইয়র্ক নগরের ডেপুটি মেয়রের দায়িত্ব নিতে পারেন। সদ্য নির্বাচিত মেয়র এরিক অ্যাডামস ভিন্ন একটি বিষয়ের এক

**এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৪**

## কে হচ্ছেন প্রেসিডেন্ট পদে ডেমোক্র্যাট দলের প্রার্থী?

**উত্তর আমেরিকা অফিস**

আমেরিকার আগামী প্রেসিডেন্ট নির্বাচনে কে হচ্ছেন ডেমোক্র্যাট দলের প্রার্থী?—এ প্রশ্নের উত্তর কোনো ডেমোক্র্যাটের কাছে নেই। শারীরিক অবস্থা ভালো থাকলে আমেরিকার ইতিহাসে সবচেয়ে বয়স্ক প্রেসিডেন্ট হিসেবে এখনই দায়িত্ব পালন করা প্রেসিডেন্ট জো বাইডেন আবারও নির্বাচন করার ইচ্ছে রাখেন। রিপাবলিকান দলের প্রার্থী কে হচ্ছেন? —এ বিষয়টিও পরিষ্কার নয়।

দলের মধ্যে জনপ্রিয়তায় সাবেক



জো বাইডেন ও কমলা হ্যারিস।

**এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৪**

## বিরোধ-মামলায় জড়িয়ে বাংলাদেশ সোসাইটির অনিশ্চিত যাত্রা

**উত্তর আমেরিকা অফিস**

নিউইয়র্ক বাংলাদেশ সোসাইটি নিয়ে উদ্ভূত পরিস্থিতির কোন সুরাহা হচ্ছে বলে মনে করা হচ্ছে না। একের পর এক মামলায় জড়িয়ে পড়া এ সংগঠনটির ভবিষ্যৎ এখন অনিশ্চিত। নিউইয়র্কে স্বদেশী জনসমাজ

**এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৪**







Queens Social Adult Day Care Center Inc

# কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইন্‌ক



কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইন্‌ক একটি ডে-কেয়ার সার্ভিস সেন্টার। আমরা লিঙ্গ, জাতি অথবা ধর্ম বৈষম্যহীনভাবে সবধরণের গ্রাহক সেবা প্রদান করি। আমরা দুরারোগে অসুস্থ্য এবং প্রতিবন্ধী গ্রাহকদের, প্রবীণ ব্যক্তিদের নিরাপদ এবং উপযুক্ত ডে-কেয়ার সার্ভিস প্রদান করে থাকি। আমরা নিশ্চিত করি যেন গ্রহক মানসম্পন্ন সেবা আমাদের সেন্টার থেকে পেতে পারেন যাতে করে তাকে কোন নার্সিং হোমে যেতে না হয়। মেট্রোপলিটন এলাকায় আমাদের অভিজ্ঞ কর্মীরা সর্বাত্মক ডে-কেয়ার সেবা প্রদান করে থাকেন।

## ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ফিল্ডট্রিপস্ (পিকআপ এন্ড ড্রপস্)
- ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ওজু ও নামাজের ব্যবস্থা
- টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা

### শিক্ষা কার্যক্রম

- কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- গ্রন্থাগার

### শারিরীক স্বাস্থ্য কার্যক্রম

- ইয়োগা, তাইচি, ব্যয়াম ও জিমের ব্যবস্থা
- ফিজিক্যাল থেরাপী

### মানসিক স্বাস্থ্য পরামর্শ

- রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

### বিনোদনমূলক কার্যক্রম

- পিকনিক
- যাদুঘর ভ্রমণ
- সমদ্র সৈকতে পার্টি
- নৌ-ভ্রমণ ও মৎস শিকার

### আধ্যাত্মিক কার্যক্রম

- শান্ত সময়
- ধ্যান

### অবসর কার্যক্রম

- কেরাম বোর্ড
- লুডু
- দাবা
- ধাঁধা
- অধ্যায়ন

We speak Spanish, Urdu, Hindi & Arabic

আমরা নিজস্ব ট্রান্সপোর্টে ফ্রি পিকআপ এবং ড্রপস করে থাকি










আমরা ৭ দিনই খোলা

For details information please contact

ENGINEER MAHFUZUL HAQUE

MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain

148-41 Hillside Ave, Jamaica, NY 11435

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com

ACE INSTITUTE OF TECHNOLOGY
এইস্‌ ইন্‌স্টিটিউট অফ টেকনোলজি

২০১৯ সাল বাঙালীদের জন্য দারুন সুখবর!
Where it's all about excellence in education
নিউইয়র্ক ষ্টেট শিক্ষা অধিদপ্তর কর্তৃক লাইসেন্সপ্রাপ্ত
Licensed by New York State Department of Education.
কাউন্সিল অব অকুপেশনাল এডুকেশন (সিওই) কর্তৃক এক্রেডিয়েশনপ্রাপ্ত



BECOME A
MEDICAL ASSISTANT
- EKG Technician & Phlebotomy Technician
- Medical Insurance, Billing & Records

Diagnostic Medical Sonographer



BECOME A
COMPUTER NETWORK ADMINISTRATOR
- PC Technician (A+ Cert.)
- Networking Concepts (N+ Cert.)
- Network Security (Security+ Cert.)
- Computer Networking (MCITP/MCTS)

Web & Graphic Design

সুবিধাজনক ক্লাশসূচি
প্রভাতী ক্লাশ
সকাল ৯টা থেকে দুপুর ২টা
সন্ধ্যাকালীন ক্লাশ
বিকাল ৬টা থেকে রাত ৯টা

সাপ্তাহিক ছুটির দিনেও ক্লাশের সুযোগ রয়েছে।
আনুষাঙ্গিক সুবিধা সমূহ
Financial Aid available for select program to those who qualify.

বিস্তারিত জানতে ভিজিট করুন:
www.acecareer.edu | info@acecareer.edu

যোগাযোগ: MANHATTAN 212-695-9700, QUEENS 718-575-3223
40-38. 75th Street, Elmhurst, NY 11373

Gehi & Associates
ATTORNEYS AT LAW
www.gehilaw.com

Grand Opening
আমরা এখন Jackson Height

ফ্রি কনসালটেশন

74-09 37th Ave, Suite 205, Jackson Heights, NY 11372 — TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 — TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 — TEL 718-764-6911



Naresh Gehi, Esq.

*ইমিগ্রেশন *ব্যাংক্র্যাপসি *ক্রেডিট কার্ড মেটার *ডিভোস *সিটিজেনশিপ *চাইল্ড কাস্টডি
*চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন *সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং

WE ARE OPEN 7 DAYS a week

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

আমরা বাংলায় কথা বলি

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTING TO THEIR CREDITORS, PRIOR RESULTS DO NOT GUARANRTEE FUTURE OUTVCOME

CALL: 718-263-5999



Raja Kumar

*তুলনামূলকভাবে কম ফি *সন্ধ্যা এবং সাপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

# মিথ্যা:

~~COVID-19 টিকার কারণে বন্ধ্যাত্ব সৃষ্টি হয়।~~

## সত্য:

এই দাবীগুলোর পেছনে কোন বৈজ্ঞানিক সত্যতা নেই। প্রকৃত পক্ষে, হাজার হাজার মানুষ তাদের COVID-19 টিকা নেওয়ার পর নিরাপদভাবে গর্ভধারণ করেছেন। ডাক্তারগণ সুপারিশ করেন যে যেকোনো ব্যক্তি যিনি বর্তমানে গর্ভবতী বা ভবিষ্যতে গর্ভধারণ করতে চান, তারা যেন COVID-19 টিকা নেন।

**COVID-19 টিকা জীবন বাঁচায়।**
**টিকা নিন।**

আরো তথ্যের জন্য, **NYC.GOV/COVIDVACCINE** ভিজিট করুন।

NYC VACCINE FOR ALL:
SAFE, FREE, EASY

NYC Health
Bill de Blasio
মেয়র
Dave A. Chokshi, MD, MSc
কমিশনার




**পুরনো, খসে পড়া রঙের ধুলোতে সীসা থাকতে পারে,** যা শিশুদের মধ্যে শেখা ও আচরণের সমস্যা তৈরি করতে পারে।

- আপনার বাড়িওয়ালাকে খসে পড়া রঙ সারাতে বলুন। আপনার বাড়িওয়ালা যদি এটা না সারান, তাহলে 311 নম্বরে ফোন করুন।
- মেঝে, জানলার গোবরাট, এবং শিশুদের হাত ও খেলনাগুলো ঘন ঘন ধোবেন।
- আপনার ডাক্তারকে বলুন আপনার শিশুর শরীরে সীসার উপস্থিতি পরীক্ষা করতে।

আরো তথ্যের জন্য **311** নম্বরে ফোন করুন বা **nyc.gov/leadfree** দেখুন।

NYC Health
Bill de Blasio
মেয়র
Dave A. Chokshi, MD, MSc
কমিশনার



পিঠা উৎসবে অংশ নেয়া বাংলাদেশী শিক্ষার্থীরা। ছবি : সংগৃহীত

## সাউদার্ন ইলিনয়ে বাংলাদেশী শিক্ষার্থীদের পিঠা উৎসব

**উত্তর আমেরিকা অফিস**

সাউদার্ন ইলিনয় ইউনিভার্সিটিতে অনুষ্ঠিত হলো দিনভর পিঠা উৎসব। ২১ নভেম্বর রোববার শীতকালীন এই পিঠা উৎসবের আয়োজক এখানকার প্রবাসী বাংলাদেশী শিক্ষার্থীদের সংগঠন বাংলাদেশ স্টুডেন্ট অ্যাসোসিয়েশন।

শিক্ষক, শিক্ষার্থী এবং তাঁদের পরিবারের সদস্যরা ওইদিন সন্ধ্যায় ওই পিঠা উৎসবে অংশ নেন। দেশাত্মবোধক গান দিয়ে উৎসব অনুষ্ঠানের শুরু হয়।

সংগঠনের প্রেসিডেন্ট কাজী মেহেদী হাসান শুভেচ্ছা বক্তব্য রাখেন।

বিশ্ববিদ্যালয়ের ইলেক্ট্রনিক্স বিভাগের অধ্যাপক ড. একেএম মাহবুব মুর্শেদ, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের ড. শেখ শাহিদ আহমেদ, ফুড অ্যান্ড নিউট্রিশনের ড. আফরোজা হাসিন, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের ড. ফারহান ফেরদৌস ও ড. সাবরিনা নিলুফার এবং কম্পিউটার সায়েন্সের ড. সাজেদুল তালুকদার উপস্থিতি ছিলেন।

অনুষ্ঠানটি পরিচালনা করেন সংগঠনের সেক্রেটারি সুমাইয়া বিনতে ইসলাম।

## পেনসিলভেনিয়ায় ট্রেনে ধর্ষণের ঘটনায় প্রতিবাদ

**আসিফ মোক্তাদির**

পেনসিলভেনিয়া রাজ্যের ফিলাডেলফিয়া শহরে এক নারী ট্রেনের ভেতরে ধর্ষণের শিকার হয়েছেন। এ সময় উপস্থিত প্রত্যক্ষদর্শীরা কিছুই করতে পারেননি। এ ঘটনা নারীদের নিরাপত্তা ও আইন ব্যবস্থা নিয়ে যুক্তরাষ্ট্রে আলোড়ন সৃষ্টি করেছে। ধর্ষণে অভিযুক্ত ৩৫ বছরের এক যুবককে আটক করা হয়েছে।

ঘটনার পর সিসিটিভি ফুটেজে দেখা গেছে, এ ঘটনার সময় ট্রেনের ভেতরে আরো প্রত্যক্ষদর্শী ছিলেন। কিন্তু তারা কিছু না করে দাঁড়িয়ে ছিলেন। সাহায্যের হাত বাড়িয়ে না দিয়ে এরকম আচরণে প্রত্যক্ষদর্শীদের মনুষ্যত্ব নিয়ে প্রশ্ন উঠেছে।

গত মধ্য অক্টোবরের এ ঘটনার পর পেনসিলভেনিয়া ন্যাশনাল অর্গানাইজেশন ফর উইমেন এর জোরালো প্রতিবাদ এবং নিরাপত্তা ব্যবস্থা জোরদারের দাবি জানিয়েছে। সংগঠনটির সভাপতি নিনা আহমেদের নেতৃত্বে স্থানীয়সহ বিশাল সংখ্যক বাংলাদেশির উপস্থিতিতে ফিলাডেলফিয়ার সেন্টার সিটিতে বিশাল সমাবেশের আয়োজন করা হয়।

সমাবেশে গণপরিবহনে ক্যামেরার লাইভ মনিটরিং, স্টেশন, ট্রেন, বাসে আরও প্রশিক্ষিত সমাজসেবা কর্মী নিয়োগ, সহিংসতার রিপোর্ট করার জন্য একটি অ্যাপ এবং একটি জরুরি কল বোতাম সম্পর্কে যাত্রীদের প্রশিক্ষণ প্রদানের দাবি জানানো হয়।




পেনসিলভেনিয়া ন্যাশনাল অর্গানাইজেশন ফর উইমেন-এর প্রতিবাদ কর্মসূচি

## এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটি থ্যাংকস গিভিং উপলক্ষে খাবার বিতরণ

**উত্তর আমেরিকা অফিস**

নিউইয়র্কের ৩৬ এভিনিউ এস্টোরিয়ায় এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটি থ্যাংকস গিভিং উপলক্ষে খাবার বিতরণ করেছে। ২২ নভেম্বর সোমবার এ কর্মসুচীতে উপস্থিত ছিলেন সংগঠনের সভাপতি সুহেল আহমেদ, সেক্রেটারি জাবেদ উদ্দিন, কুইন্স টুগেদারের প্রধান নির্বাহী জনাথন।

বিকেল চারটায় খাবার বিতরণ শুরু হয়। বিপুল সংখ্যক লোকজনকে আমেরিকার গুরুত্বপূর্ণ বার্ষিক উৎসবের দিন থ্যাংকস গিভিং উপলক্ষে খাবার গ্রহণ করতে দেখা যায়। উদ্যোক্তারা জানান, কংগ্রেস ওয়েমেন ক্যারোলিন ম্যালোনি তাঁদের কর্মসুচীতে যোগ দিয়েছেন। এছাড়া স্টেট অ্যাসেম্বলিম্যান জহরান মামদানী, এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির উপদেষ্টা এমাদ চৌধুরী, দেওয়ান সাহেদ, আব্দুর রহমানসহ সংগঠনের নেতৃবৃন্দ কর্মসুচীতে অংশ নেন। জাবেদ উদ্দিন জানান, থ্যাংকস গিভিং উপলক্ষে খাবার বিতরণের কর্মসুচীর মাধ্যমে এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটি জনসমাজের সুখ-দুঃখে পাশে থাকার চেষ্টা করছে।




এস্টোরিয়া ওয়েলফেয়ারের খাবার বিতরণ কার্যক্রম। ছবি: প্রথম আলো

## 'নৈতিক শিক্ষা পারিবারিক ভিতকে মজবুত করে'

**ইশতিয়াক রুপু**

২০ নভেম্বর শনিবার কোয়ান্টাম মেডিটেশন সোসাইটি ইউএসএ'র জ্যামাইকাস্থ কার্যালয়ে নিয়মিত সাপ্তাহিক সাদাকায়ন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়। স্থানীয় সকাল ১০টায় রকিবুর রহমানের সঞ্চালনায় অনুষ্ঠিত প্রোগামটি বিশেষ মেডিটেশন দিয়ে শুরু হয়। আলোচক ছিলেন 'সাপ্তাহিক বিপরীত স্রোত' এবং কোয়ান্টাম মিডিয়া সেলের আহ্বায়ক মাহমুদুজ্জামান। আলোচনার বিষয় ছিল 'নৈতিক শিক্ষা পারিবারিক ভিতকে মজবুত করে'। আলোচনাটি ভিডিও স্ট্রিমিংয়ের মাধ্যমে বাংলাদেশ থেকে প্রচার করা হয়।

আলোচক মাহমুদুজ্জামান বলেন, একজন ভালো মানুষ, একটি ভালো পরিবার—এই নিয়ে একটি ভালো সমাজের ভালো জাতি। আর একটি জাতি তখনই ভালো হয়, যখন এর মানুষগুলো হয় ভালো মানুষ।

তিনি বলেন, এই তো কিছুদিন আগেও মা-বাবার দৃঢ়তা আর সততার কাছে আমরা হার মানতাম। আগে শিশুদের শিখানো হতো 'সকালে উঠিয়া আমি মনে মনে বলি, সারাদিন আমি যেন ভালো হয়ে চলি।' আর এখন শেখানো হচ্ছে Johnny Johnny/ yes papa/ Eating suger?/ no papa. অর্থাৎ যেখানে আনন্দের সাথে মিথ্যা বলেও বাবার কাছে প্রশ্রয় পাচ্ছে।

তিনি বলেন, শাশ্বত ধর্মের চিরায়ত শিক্ষা এবং বৈজ্ঞানিক গবেষণার নির্যাস নিয়ে সাজানো কোয়ান্টাম মেথড কোর্স। সময়োপযোগী ভাষায় এবং অত্যন্ত সহজ আঙ্গিকে উপস্থাপিত। এই মেথডের বুননটাই হচ্ছে নৈতিকতার ওপর ভিত্তি করে। এই কোর্সে অংশ নিয়ে একজন মানুষ সত্যের প্রতি, নিজের দায়িত্বের প্রতি আরও সচেতন হয়ে উঠে। ফলে ভালো মা, ভালো বাবা, ভালো সন্তান হয়ে উঠতে পারে। তাই পরিবারের যে সব সদস্যের বয়স ১০ হয়েছে তাদের নিয়ে কোয়ান্টাম মেথড কোর্সে অংশ নিন। ঘরে বসে প্রোগ্রামটিতে অংশ নিতে অনলাইনে qms-usa.org/sadakayon.ভিজিট করতে তিনি আহ্বান জানান।

আগামী ২৭ নভেম্বর শনিবার সকাল ১০টায় ৮৬-৪৭ ১৬৪ স্ট্রিট, সুইট # বি ই, ফোন: ৫১৬ ৭৬১ ১৬১৪ জ্যামাইকা, নিউইয়র্ক কোয়ান্টাম লার্নিং সেন্টার হল এ সোসাইটির নিয়মিত সাপ্তাহিক সাদাকায়ন অনুষ্ঠিত হবে যা সকলের জন্য উন্মুক্ত।




সুধী,
সংগ্রামী শুভেচ্ছা, জানবেন।

বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও জাসদের ৪৯তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে জাসদ কমিটি আগামী ২৮ নভেম্বর ২০২১ রবিবার সন্ধ্যা ৫টায় জুইস সেন্টার অফ জ্যাকসন হাইটস (Jewish Center of Jackson Heights, 37-06 77th Street, Jackson Heights, NY 11372)-এ আলোচনাসভা ও পুনর্মিলনীর আয়োজন করেছে। এ অনুষ্ঠানে যুক্তরাষ্ট্র জাসদের সর্বস্তরের সদস্য ও সমর্থকবৃন্দ এবং প্রগতিশীল, অসাম্প্রদায়িক, গণতান্ত্রিক চেতনায় বিশ্বাসী প্রবাসী বাংলাদেশী সুধীবৃন্দ অংশগ্রহণ করবেন। প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন বাংলাদেশের অন্যতম জাতীয়নেতা জাতীয় সমাজতান্ত্রিক দল- জাসদের সভাপতি জনাব হাসানুল হক ইনু এমপি। সভাপতিত্ব করবেন যুক্তরাষ্ট্র জাসদের সভাপতি জনাব দেওয়ান শাহেদ চৌধুরী।

আপনাকে এ অনুষ্ঠানে অংশগ্রহণ করার জন্য আন্তরিকভাবে আমন্ত্রণ জানাচ্ছি।

ধন্যবাদান্তে-
নুরে আলম জিকু
সাধারণ সম্পাদক
347-749-3123

প্রথম আলো
Prothom Alo North America

## বাংলাদেশী রেস্টুরেন্টগুলোর বেহালদশা

বহু জাতিগোষ্ঠীর দেশ আমেরিকা। খাবার সংস্কৃতির বৈচিত্র্যের জন্য আমেরিকার নিউইয়র্ক নগর বিশ্বের এক অনন্য নগর হসেবে পরিচিত হয়ে উঠেছে। এখানে আফগান খাবার থেকে ইথোপিয়ার খাবারের দোকান পাওয়া যায়। এথনিক ফুড হিসেবে সেসব দেশ থেকে আসা লোকজন ছাড়াও আমেরিকার অন্যান্য লোকজনের কাছে আগ্রহের বিষয় খাবার বৈচিত্র্যের অন্বেষণ করা। বাংলাদেশীদের অর্ধশত বছরে নিজেদের খাবার নিয়ে তেমন পরিচিত হয়ে না উঠলেও স্বদেশীদের ব্যাপক আগমনে বাংলাদেশী খাবার দোকানগুলো নিউইয়র্কে অনেকটাই পরিচিত হয়ে উঠেছে। ব্রুকলিন থেকে ব্রংকস, জ্যামাইকা থেকে জ্যাকসন হাইটস বাংলাদেশী রেস্টুরেন্টগুলোতে নিত্য ভিড় লেগে থাকে। বাংলাদেশী বর্ধিষ্ণু জনসমাজ শুধু নিজের দেশের টানেই এসব রেস্টুরেন্টে যাতায়াত করে, এমন নয়। অনেকটা জীবনাচরণের অংশ হিসেবেই এক কাপ চা, একটা সিঙ্গাড়া, সমুচা কেনার জন্য ঢুঁ মারতে দেখা যায়। বাংলাদেশী রেস্টুরেন্টগুলোতে তৈরি মিষ্টির স্বাদ আর কোথাও পাওয়া যায় না। ভারতীয় বা পাকিস্তানী মিষ্টান্ন বাংলাদেশের দই, মিষ্টি থেকে পুরোই আলাদা। এসব কারণে নিউইয়র্কে বসবাসরত বাংলাদেশীদের অবধারিত গন্তব্য স্বদেশী খাবার দোকানগুলোতে।

গত সপ্তাহের প্রথম আলো উত্তর আমেরিকা একটি প্রতিবেদনে বলা হয়েছে, নিউইয়র্কে বাংলাদেশী রেস্টুরেন্টগুলোর অবস্থা ভালো নয়। মহামারি-পরবর্তী বাস্তবতায় নিউইয়র্কে বাংলাদেশী রেস্টুরেন্টগুলোর এখন নাজুক অবস্থা। খাবারের নিম্নমান, অপরিচ্ছন্নতা এবং পুরোনো খাবার পরিবেশন করা হচ্ছে এসব হোটেল-রেস্টুরেন্টে। এসব খাবার গ্রহণ করে প্রায়ই লোকজন অসুস্থ হওয়ার খবর পাওয়া যাচ্ছে। প্রতিদিন এ নিয়ে ব্যক্তিগত অনুযোগ-অভিযোগের কথা শোনা যায়। কিন্তু নিউইয়র্কে এখন নিয়মিত রেস্টুরেন্টগুলো নগর কর্তৃপক্ষ পরিদর্শনে নেই। লোকবল সংকট এবং মহামারি-পরবর্তী বাস্তবতার সুযোগ গ্রহণ করছে কেউ কেউ। ন্যূনতম স্বাস্থ্যকর পরিবেশ বজায় রাখা হচ্ছে না। জ্যাকসন হাইটস, জ্যামাইকা, ব্রুকলিন, এস্টোরিয়া এবং ব্রংকসের কিছু এলাকা ঘুরে এ চিত্র দেখা গেছে। একসময় নিউইয়র্কে বাংলাদেশী রেস্টুরেন্টগুলোর বেশ সুনাম ছিল। ইন্ডিয়ান রেস্টুরেন্ট নামে পরিচিত হয়ে ওঠা বাংলাদেশী রেস্টুরেন্টগুলো যখন নিজেরা পরিচিতি পেতে শুরু করেছে, তখন এমন নিম্নমানের পরিবেশ ব্যবসার বিস্তারে অন্তরায় হয়ে দাঁড়াবে। বহু অভিবাসীর এই দেশে নিজেদের ক্রেতাদের নিয়েই তাদের ব্যবসা টিকিয়ে রাখতে হবে।

আশির দশকে জ্যাকসন হাইটসে বাংলাদেশী জনসমাজের প্রাথমিক ব্যবসার শুরু হয়েছিল। হাতেগোনা কয়েকটি পাকিস্তানী ও ইন্ডিয়ান দোকান ছিল। নিজ দেশের পণ্যসামগ্রী কেনার তাগিদে পাক-ভারতের মানুষসহ প্রচুর বাংলাদেশীর সমাগম ঘটত। শুধু স্থানীয় মানুষের সমাগমই নয়, আনাগোনা ছিল নিউজার্সি, কানেকটিকাট, ভার্জিনিয়া, ম্যারিল্যান্ডসহ পেনসিলভানিয়া অঙ্গরাজ্যে বসবাসরত ভারত, পাকিস্তান ও বাংলাদেশীর। তখন থেকেই বাংলাদেশী রেস্টুরেন্ট ব্যবসার প্রসার ঘটতে থাকে জ্যাকসন হাইটসে। ভিন্ন সংস্কৃতির খাবার পরিবেশনের জন্য উপমহাদেশীয় অন্যান্য দেশের চেয়ে বাংলাদেশী রেস্টুরেন্ট ব্যবসা এগিয়ে যাবে—এমন একটা সম্ভাবনা একসময় দেখা দিয়েছিল। কিন্তু একশ্রেণীর অপেশাদার ব্যবসায়ীর কারণে দ্রুতই এ সম্ভাবনা হারাতে হচ্ছে। প্রায় প্রতিটি বাংলাদেশী রেস্টুরেন্টে গিয়ে দেখা যায় কর্মিসংকট। দেশ থেকে সদ্য আসা অভিবাসীদের নূন্যতম মজুরি না দিয়ে কাজ করানো হয়। কোন কোন ক্ষেত্রে নগদ কাজের প্রলোভন দেখানো হয়। ফলে কর ফাঁকি দেয়া সম্ভব হয়। নতুন আসা অভিবাসী বাইরের কাজে যোগ দিতে সংকোচে থাকেন, ভাষাগত সমস্যা, যাতায়াত সমস্যায় পড়তে হয়। এসবের সুযোগে অল্প মজুরিতে পর্যাপ্ত জনবল ছাড়াই ব্যবসা চালানো হচ্ছে। এসব রেস্টুরেন্টে খাবার মজুদ রাখা হয় অপরিচ্ছন্ন রান্নাঘরে। অনেক রেস্টুরেন্টের বাথরুম ব্যবহারের অনুপযোগী হয়ে আছে। নিউইয়র্ক নগর পরিদর্শকেরা বেশকিছু বাংলাদেশী রেস্টুরেন্টকে আগেই অপরিচ্ছন্নতার জন্য জরিমানা করেছেন। মহামারি-পরবর্তীকালে নগর কর্তৃপক্ষও এখন অনেকটা উদাসীন। তাদেরও লোকবল নেই। কোন কোন রেস্টুরেন্ট বছরের পর বছর পরিদর্শন করা হচ্ছে না। আমেরিকায় অস্বাস্থ্যকরভাবে এসব খাবার রান্না ও পরিবেশন করার পরিণাম খুবই ভয়াবহ। একবার ধরা পড়লে বড় জরিমানায় পড়তে হবে। অসুখ বিসূখে পড়ে কেউ মামলা করে বসলে গুনতে হবে বিপুল অংকের ক্ষতিপূরণ। এমন ঘটনা আগে ঘটেছে। একবার খারাপ সংবাদ বেরিয়ে গেলে সাধারণত আমেরিকান লোকজন এসব রেস্টুরেন্ট চেখে দেখতেও আসবে না। অবশ্য রেস্টুরেন্ট মালিকদের কারও কারও দাবি, মহামারি-পরবর্তী সময়ে কর্মিসংকট তাঁদের ব্যবসাকে নাজুক করেছে। অনেক পুরোনো কর্মী অন্য পেশায় চলে যাচ্ছেন।

এদিকে কোন কোন রেস্টুরেন্টে নিয়মনীতির তোয়াক্কা না করে খাবারের মূল্য বৃদ্ধি করা হয়েছে। তাই ক্রেতা কমে গেছে। অবিক্রিত খাবারও ফ্রিজে রেখে রেখে তা ২-৩ দিন পর্যন্ত পরিবেশন করা হচ্ছে। এসব বাসি খাবার খেয়ে অনেকেই অসুস্থ হয়ে পড়ছেন। দ্রুত রেস্টুরেন্ট মালিকেরা এদিকে নজর দেবেন বলে আমরা প্রত্যাশা করি। শুধু নিজেদের ব্যবসার সুনামের জন্য নয়, জনস্বাস্থ্য রক্ষাসহ এসব খাবার দোকানের সাথে দেশের নাম জড়িয়ে আছে, জড়িয়ে আছে বহু মিশ্রণের খাবার সংস্কৃতির সাথে বাংলাদেশের নাম। এ সুনামকে আমাদের রক্ষা করতে হবে।

# গণতন্ত্র উন্নয়নের পূর্বশর্ত, বাধা নয়!

আবেদীন কাদের



একটি দেশের অর্থনীতি কেমন ধারায় এগোবে, তা বহুলাংশে নির্ভর করে সেই দেশের রাজনৈতিক বা শাসন ব্যবস্থা কেমন, তার ওপর। রাষ্ট্রনিয়ন্ত্রিত অর্থনীতি একটা নির্দিষ্ট সময় পর্যন্ত বিপুল গতিতে এগোয়। কিন্তু সেটা স্থায়ী করা সম্ভব হয় না, সেটার উৎকৃষ্ট উদাহরণ সমাজতান্ত্রিক দেশগুলো। কথা উঠতে পারে চীনের অর্থনীতি নিয়ে। কিন্তু চীন রাষ্ট্রনিয়ন্ত্রিত থেকেও অর্থনীতিতে ভিন্ন ব্যবস্থা নিয়েছে এবং তার পেছনে ছিল পশ্চিমা দেশগুলোর বিপুল বিনিয়োগ ও বাজার। অর্থনীতির স্থায়ী কল্যাণের জন্য গণতন্ত্রের বিকল্প নেই। তবে তার মধ্যেই শ্রমিক বা খেটে খাওয়া মানুষের জন্য কিছু কল্যাণ-জাল নিশ্চিত করা প্রয়োজন। বাংলাদেশের অর্থনীতি স্বাধীনতার পর প্রথম প্রায় এক দশক বেশ সমস্যা-জর্জরিত ছিল। এর কারণ আমাদের খাদ্য ঘাটতি, শিল্পায়নের অভাব, অধিক আমদানি ও বেকারত্ব।

কিন্তু আশির দশকের শুরু থেকে নিরুপায় তরুণেরা প্রায় নিজেদের উদ্যোগে ব্যাপক হারে বিদেশমুখী হন। মধ্যপ্রাচ্যের দেশগুলোয় অদক্ষ শ্রমিক বিপুল সংখ্যায় যেতে শুরু করেন। ফলে এসব তরুণ প্রায় অশিক্ষিত শ্রমিক এবং কিছু দক্ষ শ্রমিক বড় আকারের বৈদেশিক মুদ্রা দেশে পাঠাতে শুরু করেন। দ্বিতীয় আরও কয়েকটি ব্যবসার দুয়ার খোলে। ’৭৮-৭৯ সাল থেকে ইউরোপ ও মার্কিন পুঁজিবাজার বিশ্বায়নের দিকে ঝুঁকে পড়ে। বড় মার্কিন এবং বহুজাতিক কোম্পানিগুলো তাদের নিজেদের দেশের স্বল্প প্রযুক্তির শিল্পগুলো দরিদ্র এশিয়া এবং লাতিন আমেরিকার দেশগুলোয় সরিয়ে নেয়। ফলে সবচেয়ে বেশি লগ্নি হয় চীনে, ’৭৮ সালে চীন তাদের শিল্প এবং শ্রমের বাজার যখন খুলে দেয়। সবচেয়ে কম মজুরির শ্রমিক এবং রাষ্ট্রনিয়ন্ত্রিত অর্থব্যবস্থা থাকার ফলে বিদেশি পুঁজি বিনিয়োগের অনেকটাই চীনে চলে যায়।

কিন্তু দু-চারটি স্বল্প বিনিয়োগের শিল্প বাংলাদেশ, শ্রীলঙ্কা ও ভিয়েতনামে যায়। এর মধ্যে সবচেয়ে বড় আয়ের শিল্প ছিল বাংলাদেশের জন্য পোশাকশিল্প। দেখা যায়, গড়ে বছরে প্রায় ১০ বিলিয়ন ডলারের মতো আয় হতে শুরু করে। কিছুদিনের মধ্যেই পোশাক খাত থেকে আয় দাঁড়ায় ১৫ বিলিয়ন ডলারের কাছাকাছি। এটি বাংলাদেশের অর্থনীতিকে শক্ত ভিত্তির ওপর দাঁড় করায়। পোশাক ও রপ্তানি করা শ্রমিকের কাছ থেকে দেশের আয় দাঁড়ায় ৩০ বিলিয়ন ডলারের বেশি। ২০০০ সালের পর থেকে বাংলাদেশকে অর্থনীতির প্রবৃদ্ধির জন্য পেছনে ফিরে তাকাতে হয়নি। পোশাকশিল্প এবং প্রায় ১ কোটির মতো শ্রমিকের বিদেশে আয় হয়ে দাঁড়ায় দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির মূল উৎস। দেশে লোকসংখ্যাও ব্যাপক বৃদ্ধি পায়। ফলে নিজেদের শিল্পের জন্য শ্রমিক জোগান দেয়ার পরও বিপুলসংখ্যক শ্রমিক বিদেশে রপ্তানি করা সম্ভব হয়। কিন্তু প্রশ্ন ওঠে, দেশের অর্থনৈতিক উন্নয়ন গণতন্ত্রের সহায়ক কিনা! বাংলাদেশে এই শতাব্দীর গোড়া থেকে প্রবৃদ্ধির হার কোনো ব্যত্যয় ছাড়াই ৫ বা ৬ শতাংশে দাঁড়ায় প্রায় প্রতিবছর। দক্ষিণ এশিয়ার যে কয়টি দেশের প্রবৃদ্ধির হার নিয়মিত এবং সত্যিই উল্লেখযোগ্য, বাংলাদেশ তাদের একটি। কিন্তু রাষ্ট্রের শাসনব্যবস্থা, আইন বা ব্যাংকিং বা অন্যান্য শাসনতান্ত্রিক কর্মকাণ্ড স্বচ্ছ হয়েছে কিনা। সেদিক থেকে বাংলাদেশ প্রায় এক দশকের বেশি সময় শাসনব্যবস্থার স্বচ্ছতা নিশ্চিত করতে পারেনি; বরং আগের কয়েকটি বছরের তুলনায় শাসনব্যবস্থা বেশি স্বৈরতান্ত্রিক আকার ধারণ করে। বিরোধী রাজনৈতিক দলের ওপর যেমন নিপীড়ন বেড়েছে, তেমনি মানুষের বাক্‌স্বাধীনতাসহ নাগরিকের মৌলিক অধিকারের সব জায়গাই ক্ষীণতর আকার নিয়েছে। আদালত থেকে নির্বাহী ব্যবস্থা—সবই তাদের স্বচ্ছতার পরিমাণ হারিয়েছে। এটা দেশের জন্য ভয়ংকর, সন্দেহ নেই। যেসব দেশ উন্নয়নশীল, তাদের সবার সঙ্গে তুলনা করলে দেখা যাবে, বাংলাদেশে প্রবৃদ্ধি বেশি। কিন্তু আইনের শাসন একেবারে তলানিতে। বেশসংখ্যক রাজনৈতিক বিশ্লেষক এবং তাত্ত্বিকদের আলোচনায় ধরা পড়ে যে অর্থনৈতিক ও রাজনৈতিক কারণে গণতন্ত্র এবং উন্নয়ন একসঙ্গে সমানতালে চলে না, যাকে পণ্ডিতেরা বলেন, এ দুটো বিসদৃশ, রাজনৈতিক ও অর্থনৈতিক কারণেই! অর্থনৈতিক দিক চিন্তা করলে দেখা যায়, কারণগুলো বিনিয়োগের সহায়ক অবস্থা দাবি করে। যে বাড়তি উদ্বৃত্ত মানুষের হাতে, তা বিনিয়োগ হয়, নয়তো সমাজ বাজে ক্ষেত্রে ব্যয় করে। কিন্তু একমাত্র স্বচ্ছ এবং শ্রেয় পথে বিনিয়োগ ও অতিরিক্ত ব্যয় হ্রাস করার ব্যবস্থা নেয়া। বাংলাদেশের মতো দুর্নীতিগ্রস্ত দেশে বিনিয়োগের স্বচ্ছ ব্যবস্থার অভাবে অর্থ পাচার, প্রয়োজনের বাইরে বিলাসী ব্যয় বেড়ে যায় এবং তা বেশি বাড়ে সরকারি ব্যবস্থায় ও দুর্নীতি তাকে গ্রাস করে।

পণ্ডিতেরা গবেষণা করে দেখিয়েছেন যে, গণতান্ত্রিক সরকারও এই দুর্নীতির ব্যয় কমিয়ে আনতে বা স্তব্ধ করতে সক্ষম হয় না; বরং রাজনৈতিক ও দুর্নীতিপরায়ণ সরকারগুলো নিজেরাই দুর্নীতির বড় ইন্সট্রুমেন্ট হয়ে দাঁড়ায়। যেটা বাংলাদেশে ঘটেছে বিপুল পরিমাণে। রাজনৈতিক সরকারের ব্যয় একদিকে, অন্যদিকে লুটেরা ভাগীদারদের দুর্নীতি এবং রাষ্ট্রীয় সম্পদ অকাতরে লুটের মহড়া দেশে নতুন সমান্তরাল একটি ব্যবস্থা সৃষ্টি করে। কিন্তু সাধারণ মানুষের পক্ষে নিজেদের ভোটাধিকার দ্বারা ‘ব্যবস্থা’ বদলের সিদ্ধান্তও নিতে পারে না। কারণ রাষ্ট্র জনগণের সেই অধিকারকে প্রায় হরণ করে এবং নিজেদের পছন্দমতো নির্বাচনব্যবস্থা সৃষ্টি করে প্রায় বিতর্কিত একটি প্রলম্বিত সরকারের স্থায়িত্ব বজায় রাখে।

এটা বাংলাদেশে নতুন নয়। স্বাধীনতার কিছুদিন পর থেকেই এটা চলছে, বিশেষ করে স্বৈর সেনাশাসকের কাল থেকে। কিন্তু দিনে দিনে তার কর্মকলা বদলিয়েছে এবং বেড়েছে। তবে ভোক্তা এবং ভোটারদের কিছু শঙ্কিত অবস্থা নিরসনের জন্য রাজনীতিবিদেরা স্বল্পমেয়াদি কিছু ব্যবস্থা আবরণ হিসেবে চালু করে।

এমতাবস্থায়, স্বল্পমেয়াদী ও দীর্ঘমেয়াদী বিনিয়োগ এবং ব্যয়ের অসংগতি রয়েই যায়। নিজে পিঠা বানানো এবং খাওয়া দুটো বিষয় একই সঙ্গে সম্ভব না-ও হতে পারে এবং বাস্তবে তা-ই ঘটে। যেসব রাজনীতিবিদের অর্থনীতিতে রক্ষণশীল চিন্তা বাস্তবায়নের ঝোঁক, তাঁরাই ভোটারদের দ্বারা বেশি চাপের সামনে থাকেন—এমন সব নীতিমালা নির্ধারণে, যার ফলে বেশি করে কল্যাণমূলক ব্যবস্থা নিতে হয় এবং আখেরে অর্থনৈতিক প্রবৃদ্ধি দ্রুত হ্রাস পেতে শুরু করে। যার পরিণতি দাঁড়ায় যেসব অর্থনৈতিক নীতিমালা অধিকাংশ শ্রমিকশ্রেণীর কল্যাণের বিপরীত, তাই নিয়ত সরকারের কাছে প্রিয় হয়ে ওঠে। এর আরেকটি দিক লক্ষ্যণীয়, এ রকম অবস্থা যখন চলতে থাকে, তখন রাজনীতিবিদের প্রতিদিনের বুলি হয়ে দাঁড়ায় একধরনের বাষ্পভরা বাকবিস্তার যে রাজনৈতিক শান্তি বা স্থিতিশীলতা অর্থনৈতিক প্রবৃদ্ধির জরুরি শর্ত। বিখ্যাত সমাজবিজ্ঞানী শ্যাম হান্টিংটনের এই বক্তব্য বেশি প্রচারিত হয় রাজনীতিকদের বক্তৃতায়। কিন্তু সবাই ম্যাক্স ব্যাভারের বিখ্যাত উক্তি ভুলে যান যে ‘সহিংসতার একচ্ছত্র মালিক রাষ্ট্র’। তাই প্রতিবাদী জনগণের ওপর সাঁড়াশি আক্রমণ চলে। সেদিক থেকে অনেকেই যুক্তি দেন যে গণতন্ত্র অর্থনৈতিক প্রবৃদ্ধির অন্তরায়। তাই যেসব দেশে ধর্মীয়, এথনিক এবং অন্যান্য বৈষম্য থেকে সহিংসতা বিদ্যমান, সেসব দেশে অর্থনৈতিক উন্নয়ন হয় খুব ধীরে। তাই যেসব সরকারের দীর্ঘমেয়াদী উন্নয়নের রাজনৈতিক কর্মসূচি রয়েছে, সেখানে দেখা যায় গণতান্ত্রিক নীতিমালা অনেকটা সংকুচিত হয়ে আসে। জনগণের কথা বলার অধিকার থেকে রাজনৈতিক কর্মকাণ্ডের স্বাধীনতাও অনেকটা রহিত হয়।

সমাজবিজ্ঞানীদের একটি দল মনে করেন, স্বৈরতান্ত্রিক ব্যবস্থা দেশের প্রলম্বিত শান্তি এবং অর্থনৈতিক উন্নয়নের সহায়ক। উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন করতে গেলে মানুষের অধিকারকে সংকুচিত করা ছাড়া উপায় নেই। পশ্চিমা দেশগুলো দুই শতাব্দী আগে যখন শিল্পায়নের জোয়ার শুরু করে, তখন তাদের গণতন্ত্র এই অভিজ্ঞতার মধ্যদিয়ে এগিয়েছে। গত শতাব্দীতে কোনো দেশেই বড় অর্থনৈতিক উন্নয়ন সম্ভব হয়নি যদি না সেসব দেশে রাষ্ট্র অতিরিক্ত নিয়ন্ত্রণ অর্থনীতির ওপর রাখছে। এটা প্রায় সব দেশের অভিজ্ঞতা যে দ্রুত অর্থনৈতিক উন্নয়ন ঘটাতে হলে রাষ্ট্রীয় নিয়ন্ত্রণ প্রায় জরুরি। সমন্বিত রাষ্ট্রীয় কার্যক্রম ও নিয়ন্ত্রণ অনেকটাই কঠিন, যদিও অসম্ভব নয়, গণতান্ত্রিক উদার নীতিমালার সমাজে এ রকম দ্রুত উন্নয়ন। যদিও রাষ্ট্রগঠন প্রক্রিয়া এবং গণতন্ত্রায়ণ দ্রুত অর্থনৈতিক উন্নয়নের চেয়ে অনেক বেশি গুরুত্ববাহী বিষয়। অনেক সময়ই দেখা যায় স্বৈরতান্ত্রিক সরকার অর্থনৈতিক উন্নয়নের দোহাই তুলে গণতান্ত্রিক অধিকারের গলা চেপে ধরে। আসলে ক্ষমতায় থাকাকে প্রলম্বিত করাই এর মূল উদ্দেশ্য। জনকল্যাণ এবং গণতন্ত্র দুটির মধ্যে কোনো দ্বন্দ্ব নেই, মূলত স্বৈরতন্ত্র এই দ্বন্দ্ব সৃষ্টি করে। বিষয়টা দুটি অর্থনৈতিক নীতিমালার, রাজনৈতিক অধিকার সংকুচিত করার নয়। তাই আখেরে জনকল্যাণ নির্ভর করে একটি সমাজে মানুষের অধিকার কতটা নিশ্চিত আছে, তার ওপর। যে সমাজে মানুষের অধিকার কেড়ে নেয়া হয়, সেই সমাজে আসলে উন্নয়নও সময়ের দীর্ঘ পরিসরে হত্যা করা হয়।

আমাদের স্বাধীনতার ৫০ বছর পরও আমরা এসব বিষয়, অর্থাৎ মানুষের অধিকার নিয়ে কথা বলছি। কিন্তু সত্যিকার অর্থে বলতে গেলে সভ্যসমাজে ৫০ বছরে আধুনিক রাষ্ট্রগঠন প্রক্রিয়ার প্রায় সব প্রাথমিক কাজ সম্পন্ন হওয়ার কথা। গণতন্ত্র ও আইনের শাসনের সব প্রতিষ্ঠান শক্ত ভিত্তির ওপর দাঁড়ানোর কথা। কিন্তু বাংলাদেশ তা করতে সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। কিন্তু তাই বলে আমাদের স্বাধীনতার পর এই ৫০ বছরে কি শ্রেয় কাজ সমাজে কিছুই হয়নি? হয়েছে, অনেক কিছুই হয়েছে, সেগুলো নিয়েও কথা বলা প্রয়োজন। সেগুলোই বাঙালির শক্তির জায়গা। কিন্তু সেসব কোনো কিছুই প্রায় রাজনীতি বা রাজনৈতিক দলগুলোর অবদান নয়, সেগুলো অর্জন করেছে সাধারণ মানুষ, সরকার সেখানে সহায়ক শক্তি।

**লেখক:** আবেদীন কাদের প্রাবন্ধিক ও শিক্ষক, এসেক্স কলেজ, নিউজার্সি, যুক্তরাষ্ট্র

# সৃজনশীল অর্থনীতিতে বঙ্গবন্ধুর ইউনেস্কো স্বীকৃতি

## চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ

দেলোয়ার জাহিদ

আমরা নিঃসন্দেহে বিশ্বের সবচেয়ে আলোচিত এবং অগ্রাধিকারপ্রাপ্ত একটি চতুর্থ শিল্পবিপ্লব তথা প্রযুক্তিগত বিপ্লবের দ্বারপ্রান্তে এসে দাঁড়িয়েছি। বাংলাদেশ গ্রামীণ উন্নয়ন, সামাজিক নিরাপত্তা বেষ্টনী সম্প্রসারণ, শিল্পোন্নয়ন বৃদ্ধির মাধ্যমে কর্মসংস্থান বৃদ্ধি, অর্থনীতিকে আরও উৎপাদনশীল করার পাশাপাশি স্বল্প ও অদক্ষ শ্রমিকদের আধা দক্ষ ও দক্ষ হিসেবে গড়ে তোলার ওপর জোর দিতে হবে সরকারকে। আর এরই মাধ্যমে মুক্তিযুদ্ধের আদর্শকে সমুন্নত করতে মৌলবাদ ও সাম্প্রদায়িকতার বিরুদ্ধে লড়াই, সন্ত্রাসবাদ নির্মূল, খাদ্য নিরাপত্তা নিশ্চিত ও স্বয়ংসম্পূর্ণতা অর্জন করতে প্রযুক্তিগত উন্নয়ন এবং শিক্ষার প্রসার ঘটাতে বিশ্ব প্রেক্ষাপটের সাথে তাল মিলিয়ে চলতে হবে বাংলাদেশকে।

ইউনেস্কো-বাংলাদেশ থেকে বিশ্বে প্রথমবারের মতো সৃজনশীল অর্থনীতিতে অবদানের জন্য সম্প্রতি বঙ্গবন্ধুর নামে আন্তর্জাতিক পুরস্কার প্রবর্তন করেছে। ‘ইউনেস্কো—বাংলাদেশ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ইন্টারন্যাশনাল প্রাইজ ইন দ্যা ফিল্ড অব ক্রিয়েটিভ ইকোনমি প্রবর্তন চতুর্থ শিল্পবিপ্লবের দ্বারপ্রান্তে বাংলাদেশের এটি একটি সময়ের অর্জন। ইউনেস্কো বঙ্গবন্ধুর নামে আন্তর্জাতিক এ পুরস্কার প্রবর্তন করে শুধু আমাদের জাতির পিতাকে নয়, বরং গোটা বাঙালি জাতিকে বিশ্বের বুকে সম্মানিত ও গৌরবান্বিত করেছে। জাতির জনকের জন্মশতবার্ষিকী এবং দেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে চতুর্থ শিল্প বিপ্লবের কৌশল ব্যবহার করে স্থানীয় সমস্যার সমাধান, জীবন ও পরিবেশের উন্নতি এবং টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা অর্জনে ইউজিসি কার্যক্রম গ্রহণ করেছে। আগামী ১০-১১ ডিসেম্বর থেকে ফোর্থ ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড বিয়ন্ডের ওপর একটি আন্তর্জাতিক সম্মেলন আয়োজন করতে যাচ্ছে ইউজিসি। সেখানে উচ্চপর্যায়ের একটি আন্তর্জাতিক ফোরাম তৈরি করা হবে। ২০১৩ সালের ডিসেম্বরে ক্ষমতাসীন আওয়ামী লীগের ভিশন ২০২১ থেকে ২০৪১ পর্যন্ত বাড়ানো হয়েছে। সে সময় এ বর্ধিত রূপকল্প উন্মোচন করেন আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা। রূপকল্পের অঙ্গীকার অনুযায়ী ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে মধ্যম আয়ের দেশের গণ্ডি পেরিয়ে প্রথম-বিশ্বের এক নতুন যুগে প্রবেশ করানোর পরিকল্পনায় আওয়ামী লীগ। শান্তি, গণতন্ত্র, উন্নয়ন ও অগ্রগতির ধারায় এগিয়ে নিয়ে যাবে বাংলাদেশকে। বোদ্ধামহল মনে করেন, বাংলাদেশের উন্নয়নে প্রত্যাশা ও প্রাপ্তির ফোরাকের মূলে রয়েছে আইনের শাসন প্রতিষ্ঠা এবং যোগপোযোগী শিক্ষা ব্যবস্থা চালুর ব্যর্থতা। সম্প্রতি তথ্য ও সম্প্রচার সচিব মো. মকবুল হোসেন সচিবালয়ে তথ্য অধিদফতর সম্মেলনকক্ষে চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় করণীয় শীর্ষক দিনব্যাপী এক কর্মশালায় চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় জোর প্রস্তুতি নেয়ার জন্য সরকারি কর্মকর্তাদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, প্রযুক্তির নানা সুবিধা গ্রহণ করে সামাজিক বিভিন্ন সূচকে আমরা অগ্রগতি অর্জন করেছি। বাংলাদেশ উন্নয়নশীল দেশ হতে মধ্যম আয়ের দেশে উন্নীত হয়েছে। অচিরেই আমরা উন্নত দেশে পরিণত হব। মৌলিকভাবে আমাদের জীবনযাপন, কাজ এবং একে অপরের সাথে সম্পর্কে পরিবর্তন আসতে শুরু করেছে। এর স্কেল, সুযোগ ও জটিলতার বিষয়গুলো নিয়ে বাংলাদেশ কতটাইবা প্রস্তুত? বিশ্ব রাজনীতির সমস্ত স্টেকহোল্ডার, সরকারি এবং বেসরকারি খাত, একাডেমিয়া, সুশীল সমাজ এবং জনসাধারণের মাঝে চতুর্থ শিল্প বিপ্লব সম্পর্কে স্বচ্ছ ও পরিপূর্ণ ধারণাগুলোকে তুলে ধরতে হবে। এ রূপান্তর প্রক্রিয়াটি হতে হবে স্বচ্ছ এবং পরিকল্পিত।

‘বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলো দক্ষ জনশক্তি সরবরাহে ব্যর্থ’ শীর্ষক আমার একটি নিবন্ধ সম্প্রতি প্রকাশিত হয়েছে যাতে



‘কোভিডজনিত পরিবর্তিত বিশ্ব পরিস্থিতি ও বাংলাদেশের অতিমারি থেকে উত্তরণের পথ এবং শিক্ষার টেকসই উন্নয়ন কর্মকৌশল নিয়ে বোদ্ধামহলে নানা আলোচনা ও বিতর্ক রয়েছে। বাংলাদেশসহ বিশ্বের উন্নয়নমুখী দেশগুলোতে দক্ষ জনশক্তির অভাব প্রকট। এখানে উচ্চশিক্ষা প্রতিষ্ঠানসমূহে সুশাসন ও ব্যবস্থাপনা উন্নয়নের গতি নিম্নগামী। উচ্চশিক্ষা ও উদ্ভাবনী গবেষণায় রয়েছে অনেক সীমাবদ্ধতা, রয়েছে কৌশলগত কারণে দক্ষ জনশক্তি গড়ে তোলার অপারগতা। যার কারণে আশানূরূপ জ্ঞানভিত্তিক অর্থনীতি ও দক্ষ জনশক্তি গড়ে উঠছে না।” ...এ সূচনা দিয়ে নিবন্ধে দেশের উচ্চশিক্ষা পরিস্থিতিকে বিশ্লেষণ করা হয়েছে।

চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় বিশ্ব প্রেক্ষাপটের সাথে তালে তাল মিলিয়ে চলতে হবে বাংলাদেশকে। চতুর্থ শিল্প বিপ্লবে এর আগের বিপ্লবগুলো সম্পর্কে জানা থাকলে এর চ্যালেঞ্জ এবং সুযোগকে কাজে লাগানো যাবে। চতুর্থ শিল্প বিপ্লবে বিশ্বব্যাপী আয়ের মাত্রা বাড়ানো এবং সারাবিশ্বের জনসংখ্যার জীবনযাত্রার মান উন্নত করার সম্ভাবনা সৃষ্টি হবে। সে সাথে সৃষ্টি হবে কিছু সমস্যা ও সঙ্কটের।

* প্রথম শিল্প বিপ্লব —উৎপাদন যান্ত্রিকীকরণের জন্য জল এবং বাষ্প শক্তি ব্যবহার করেছিল।

* দ্বিতীয় শিল্প বিপ্লব—ব্যাপক উৎপাদন বৃদ্ধি করতে বৈদ্যুতিক শক্তিকে ব্যবহার করেছিল।

* তৃতীয়টি শিল্প বিপ্লব উৎপাদন—বৃদ্ধি স্বয়ংক্রিয় করতে ইলেকট্রনিক্স এবং তথ্য প্রযুক্তি ব্যবহার করেছিল।

* চতুর্থ শিল্প বিপ্লব তৈরি হচ্ছে তৃতীয়, ডিজিটাল বিপ্লব, যা গত শতাব্দীর মাঝামাঝি থেকে ঘটে আসছে। এটি প্রযুক্তির ফিউশন দ্বারা চিহ্নিত করা হয় যা ভৌত, ডিজিটাল এবং জৈবিক ক্ষেত্রগুলির মধ্যকার লাইনগুলোকে স্পষ্ট করে তুলে ধরতে হবে। চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় জনসাধারণ কতটা প্রস্তুত তা আলোচনার পূর্বে একটি উদাহরণ দিয়ে শুরু করতে হয়— স্বাধীনতাত্তোর জাতীয়করণকৃত মিল কারখানাগুলোতে অরাজকতা ও ব্যর্থতা নিয়ে। ১৯৭২ সালে যখন মুক্তিযুদ্ধ থেকে ফিরে পড়াশোনায় মনোযোগ দেয়ার চেষ্টা করছি, তখন অনেক বিষয়েই মনে দ্বিধা-দ্বন্দ্ব এবং হতাশা ছিল। কুমিল্লার গৌরব হালিমা সুতাকল জাতীয়করণ করার পর তা ক্রমে লোকসান গুনতে শুরু করে। আমার একজন গুরুকে এর কারণ জানতে চাইলে তিনি রসিকতা করে একটি গল্প বলেন, এক লোকের স্টমাক নষ্ট হয়ে হওয়ায় ডাক্তার একটি ছাগলের স্টমাক সেখানে প্রতিস্থাপন করেন। তখন সমস্যা দাঁড়াল ব্যক্তি ভাত খেলে তা হজম হয় না আবার সে মানুষ হিসেবে ঘাস খেতে পারে না। জাতীয়করণকৃত মিল কারখানা ব্যক্তিগত মালিকানা বা সম্পত্তি থেকে তখন রাষ্ট্রীয় নিয়ন্ত্রণে এলো। শক্তিশালী পুঁজিবাদী ব্যবস্থার বিরুদ্ধে সমাজতান্ত্রিক এ দৃষ্টিভঙ্গিকে গ্রহণ করতে কতটা প্রস্তুত ছিল বাংলাদেশের জনসাধারণ এ প্রশ্ন ওঠা খুবই স্বাভাবিক। কাজেই জনসাধারণের মাঝে চতুর্থ শিল্প বিপ্লব সম্পর্কে স্বচ্ছ ও পরিপূর্ণ ধারণাকে তুলে ধরতে আশু প্রয়োজন উচ্চশিক্ষা ব্যবস্থাকে আন্তর্জাতিক মানের করা, দক্ষ মানবসম্পদ গড়া ও ব্যবসা বাণিজ্যসহ সব ক্ষেত্রে এখন থেকেই প্রস্তুতি নেয়া শুরু করা। চতুর্থ শিল্পবিপ্লবের আগমন বাংলাদেশের সামনে যতটা না সুযোগ তৈরি করে দিয়েছে, তারচেয়েও বেশি চ্যালেঞ্জ সৃষ্টি করে চলেছে। আজ অবধি যারা চতুর্থ শিল্প বিপ্লব থেকে সবচেয়ে বেশি লাভবান তারা গ্রাহকদের সামর্থ্য এবং ডিজিটাল বিশ্ব এ অ্যাক্সেস করতে সক্ষম হয়েছে; নতুন প্রযুক্তি পণ্য এবং পরিষেবাগুলোকে জীবনের দক্ষতা এবং আনন্দ বাড়াতে সামর্থ্য হয়েছে। যেমন একটি একটি ফ্লাইট বুক করা, ক্যাব অর্ডার করা, পণ্য কেনা, অর্থ প্রদান করা, গান শোনা, চলচ্চিত্র দেখা বা গেম খেলা—এগুলোর যেকোন কিছু এখন ঘর থেকেও করা যেতে পারে।

বাংলাদেশে প্রযুক্তিগত উদ্ভাবন কার্যক্ষমতা এবং উৎপাদনশীলতায় দীর্ঘমেয়াদী লাভসহ সরবরাহ-ব্যবস্থা উন্নয়নের জন্য, লজিস্টিক এবং গ্লোবাল সাপ্লাই চেইন কার্যকর করার জন্য, নতুন বাজার এবং অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য রৈখিক গতির পরিবর্তে সূচকীয় গতিতে বাংলাদেশকে বিকশিত হতে হবে। চতুর্থ শিল্প বিপ্লব এবং স্বতন্ত্রের আগমনকে বাংলাদেশে স্বাগতম।


* TUITION FREE TAX SCHOOL
লিবার্টি ট্যাক্স স্কুল
BECOME A TAX PROFESSIONAL
Complete our Income Tax Course
And Join America's Fastest Growing Tax Preparation Company for the Upcoming Tax Season
Day, Evening & Weekend Classes are available
Please Contact: 718-297-3500
Email: libertytaxschool101@gmail.com
LIBERTYTAX
800-658-1042 LibertyTax.com
147- 20 Hillside Ave, 2nd Floor, Jamiaca NY 11435
(তাজমহল রেস্টুরেন্ট এর উল্টো দিকে)
(Between Sutphin Blvd & 148 street, on Hillside Ave)
Close to E & F Train, Bus Q44, Q43, Q20A Q20B, Q30, Q31
*The Tuition Fee is Free. The cost for books and materials varies on schedule & Location

# ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

## জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
## বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার



### স্থান পরিবর্তন

অফিসঃ ৩৭-২৯, ৭২ স্ট্রিট
১ম তলা, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক

- ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, বাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করা সহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

**ফোনঃ ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩**



# জান্নাত ফার্মেসি

(জ্যাকসন হাইটসে সম্পূর্ন বাংলাদেশী মালিকাধীন প্রতিষ্ঠান)

## GRAND RE-OPENING SALES



আপনার সেবায় আমরা নিয়োজিত
Now We Accept EBT, FOOD STAMP & OTC CARD
Bill Pay & Flexiload
Sim Activation
বাংলাদেশের ফোনে ফ্লেক্সিলোড

72-03 35th Ave, (Corner of 72nd St.) Jackson Heights, NY 11372
Tel: 718-732-4288, 718-835-2041, Fax: 718-732-4287,
Email: jannatpharmacy@gmail.com

ঔষধ সেবনের নির্দেশনা বাংলায় দেই
Free Delivery!
10% SENIOR DISCOUNT
Halal Vitamin & Supplements
5¢ Copy & $1 Fax
Phone Cards & Flexiload
Huge 99¢ Sections

**Open: Monday – Saturday**
**10:00 am to 8:00 pm**

উডসাইডে আপনাদের পাশে
**Bismillah Pharmacy**
6409 Broadway woodside
NY 11377
Phone 718-685-2017

**জামাইকার সাটফিন ব্লুবার্ডে বাংলাদেশীদের সেবায় নিয়োজিত**

## আস্-সালাম ফার্মের্সি



(সাটফিন ব্লুবাড, এফ ট্রেনের
সাবওয়ে এবং তাজমহল
রেস্টুরেন্টের নিকটে)
১৪৭-২৬, হিলসাইড এভিনিউ,
জামাইকা, নিউইয়র্ক ১১৪৩৫



ফোন: ৭১৮-২৯১-০৭১৭



নিরাপত্তা ও বিশ্বস্ততার প্রতীক

# সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইনক
# SONALI EXCHANGE CO. INC.

(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)

LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE BANKING DEPARTMENT OF THE STATE OF NEW YORK, NEW JERSEY, GEORGIA, MARYLAND & MICHIGAN

## সোনালী এক্সচেঞ্জ প্রবাসে আপনার সবচেয়ে পুরনো ও বিশ্বস্ত বন্ধু

ঘরে বসে এখন Apps এর মাধ্যমে দেশে টাকা পাঠানো যাবে। এই জন্য আই ফোন এবং এনড্রয়েড ফোনে প্লে স্টোরে গিয়ে ডাউনলোড করতে হবে Sonali Exchange এর Apps টি

- ✓ যুক্তরাষ্ট্রে বাংলাদেশ সরকারের আর্থিক প্রতিষ্ঠান
- ✓ সর্বোচ্চ বিনিময় হার ও সর্বনিম্ন ফি।
- ✓ সরকারী নিরাপত্তায় আপনার প্রেরিত অর্থ সম্পূর্ণ নিরাপদ ও আয়কর মুক্ত।
- ✓ বাংলাদেশের সর্বত্র ক্যাশ পিক-আপ।
- ✓ যে কোন ব্যাংক একাউন্টে টাকা পৌঁছে যায় অতি দ্রুত।
- ✓ ঘরে বা অফিসে বসেও অনলাইনের মাধ্যমে রেমিটেন্স করা যায়।
লগ ইন করুন: www.sonaliexchange.com

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

**রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন**

| | | | | |
|---|---|---|---|---|
| ASTORIA 718-777-7001 | ATLANTA 770-936-9906 | BROOKLYN 718-853-9558 | JACKSON HTS 718-507-6002 | BRONX 718-822-1081 |
| JAMAICA 347-644-5150 | MANHATTAN 212-808-0790 | MICHIGAN 313-368-3845 | OZONE PARK 347-505-8670 | PATERSON 973-595-7590 |

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

# Law Offices

# এক্সিডেন্ট কেইসেস

**মেডিক্যাল ম্যালপ্র্যাকটিস ও হাসপাতালের ত্রুটিপূর্ণ শিশুর জন্ম**

# 917-282-9256

(To schedule appointment only)

**বিনামুল্যে পরামর্শ, প্রয়োজনে এটর্নী আপনার বাসায় অথবা হাসপাতালে আসবেন**



Moin Choudhury, Esq.
Attorney at Law
এটর্নী মঈন চৌধুরী

আমরা অতীতে আমাদের ক্লায়েন্টদের জন্য মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি।

নিউইয়র্ক, নিউজার্সি, মিশিগান
পেনসিলভেনিয়া, কানেকটিকাট, ফ্লোরিডা
জর্জিয়া ও ভার্জিনিয়াতে
আমাদে সহযোগী - লাইসেন্স প্রাপ্ত এটর্নীরা
আপনাদের সেবায় নিয়োজিত



Timothy Bompart, Esq
Attorney at Law



- গাড়ী দুর্ঘটনা
- বিল্ডিং এ দুর্ঘটনা,
- কাজের জায়গায় দুর্ঘটনা
- ট্রিপ এন্ড ফল
- বিকলাঙ্গ শিশুর জন্ম

এপয়েন্টমেন্টের জন্য কল করুন
৯১৭-২৮২-৯২৫৬

- কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- লেড পয়জনিং

**ইমিগ্রেশন**

- পলিটিক্যাল এসাইলাম
- বিনা পরীক্ষায় নাগরিকত্ব
- এডজ্যাস্টম্যান্টে অব স্টেটাস (গ্রীন কার্ড)

**IMMIGRATION**

- স্টুডেন্ট ভিসা
- ডিপোর্টেশন কেইসেস
- ইনভেস্টমেন্ট ভিসা
- ভিজিট ভিসা - এক্সটেনশন সহ
- বৈবাহিক সূত্রে গ্রীন কার্ড
- সকল প্রকার ইমিগ্রেশন

**সকল প্রকার ইমিগ্রেশন বিষয়ে কনসালটেশন ফি নূন্যতম ৫০ ডলার**

# Law offices of Timothy Bompart

**37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372**

Moin Choudhury Law Firm, P.C 292000 Southfield Road, Suite # 108, Southfield, MI 48076

**Immigration Petitions & Adjustment of Status.**

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court. Prior result do not guarantee the outcome of any future cases.

# বাইকারদের জন্য সিটিতে ‘ওওনি’ বাইক স্টোরেজ স্পেস

**এইচ বি রিতা**



**বাইক স্টোরেজ।** ছবি: সংগৃহীত

গত কয়েক বছরে নিউইয়র্ক সিটিতে সাইকেল লেন এবং সাইকেল আরোহীদের সংখ্যা বেড়েছে। বাইক কেনার বিষয়ে আসলেই আমাদের ভাবতে হয়, এটি কোথায় পার্ক করব? নিরাপত্তার জন্য বাইকারদের স্পেইস দিতে নিউইয়র্কে এখন একটি নতুন ধরনের বাইক স্টোরেজ যুক্ত করছে। এই বাইক স্টোরেজিকে ‘ওওনি’ বলা হয়। এটি একটি মিনি গাড়ির মতো, যা ১০টি বাইক ধরে রাখতে পারে। এই স্টোরেজ লকার যেকোন সময় যে কারও বাড়ির সামনেও দেখা যেতে পারে। নিউইয়র্কের কিছু বাসিন্দা বাইক লেন এবং আউটডোর ডাইনিং স্ট্রাকচারের সাথে, আরও অনন্য জিনিসের জন্য জায়গা থাকবে কিনা, তা নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন।

মেয়র-নির্বাচিত এরিক অ্যাডামসের সহায়তায় দক্ষিণ ফোর্থ এবং রিভার স্ট্রিটে ডমিনো পার্কে তাঁর নতুন বাড়িতে এটি উন্মোচন করা হয়েছে। ওওনির প্রতিষ্ঠাতা এবং সিইও শাবাজ স্টুয়ার্ট বলেন, ‘আমি ওওনি শুরু করেছি। কারণ বিগত পাঁচ বছরে তিনবার আমার বাইক চুরি হয়েছে। বাইক চুরি এবং নিরাপদ বাইক পার্কিংয়ের অভাব নিয়মিত বাইক চালকদের জন্য একটি প্রতিবন্ধকতা।’

আইনজীবীরা জানান, শহরের প্রতি চারটি পরিবারের মধ্যে একজনের বাইক চুরির অভিজ্ঞতা রয়েছে। তাঁরা আশা করছেন, এই নিরাপদ বিকল্পটি আরও বেশি লোককে বাইক চালাতে উৎসাহিত করবে। তাঁরা বলেন, স্টোরেজটি শহরের ৬৫,০০০ ডেলিভারি কর্মীকেও সাহায্য করবে।

ওওনি’ থেকে ইয়োসেফ কেসলার বলেন, ‘আপনি অনলাইনে সাইন আপ করুন এবং আমরা আপনাকে একটি কী-কার্ড বা একটি স্মার্টফোন অ্যাপের মাধ্যমে এই সার্ভিসে অ্যাক্সেস দেব।’ যে কেউ বিনামূল্যে তাঁদের বাইক নিবন্ধন করাতে পারবেন। এজন্য আপনাকে শুধু আপনার ফোন দিয়ে আনলক করে বাইকটি স্টোরেজের ভেতর স্লাইড করতে হবে। বাইকগুলির জন্য বিমা সুবিধা রয়েছে এবং চালকদের জন্য একটি এয়ার পাম্প ও গ্রাহক সহায়তার অ্যাক্সেস থাকবে।

ওওনির প্রতিষ্ঠাতা জানান, সংস্থাটি শহরের সাথে মিলেই কাজ করবে এবং নিশ্চিত করবে যে, স্টোরেজ লকারগুলো যেন এমন জায়গায় ইনস্টল করা হয়, যেখানে সর্বনিম্ন হস্তক্ষেপ সৃষ্টি হবে। যেমন প্লাজা, স্কোয়ার এবং পার্ক এলাকায় এটি স্থাপন করা হবে বেশি করে।

# লাশ বদলে গেছে ফিউনারেল হোমে

**রওশন হক**



**ফিউনারেল হোম।** ছবি: গুগল স্ট্রিট ভিউর সৌজন্যে

মৃত একজনের জায়গায় আরেকজনকে কবর দিয়ে দেয়া হয়েছে। নিউইয়র্ক নগরের লং আইল্যান্ড এলাকার একটি ফিউনারেল হোম এমন ভুল করার কারণে ৮৮ মিলিয়ন ডলারের ক্ষতিপূরণের মামলা দায়ের করেছে ক্ষতিগ্রস্ত পরিবারটি।

গত ১৭ আগস্ট সাদি উইলিয়ামসের মা মারা যান। তাঁর লাশ লং আইল্যান্ড সিটির স্লিঙ্গার হ্যাসজিল ফিউনারেল হোমে রাখা হয়। মারা যাওয়া মুসলমান নারীটির ১১ সন্তান ৮ সেপ্টেম্বর তাঁকে সমাহিত করেন। কবর দেয়ার আগে পরিবারকে লাশ দেখতে দেয়া হয়েছিল। সাদি উইলিয়ামস তখনই লাশটি তাঁর মায়ের নয় বলে দাবি করেন। ফিউনারেল হোম থেকে বিষয়টি নিয়ে তখন গুরুত্ব দেয়া হয়নি। উল্টো বলা হয়, মৃত্যুর পর মৃতদেহের চেহারা বদলে যায়। অচেনা লাগে বলে পরিবারের লোকজন এমন অভিযোগ অহরহই করে থাকেন।

লাশ দাফন করার একদিন পর ফিউনারেল হোম তাদের ভুল ধরতে পারে এবং ফোন করে জানায়, সাদি উইলিয়ামের মায়ের বদলে ভিন্ন একটি লাশ দাফন করা হয়ে গেছে। ফিউনারেল হোমের পক্ষ থেকে আসল লাশ কবরস্থানে তারা পৌঁছে দেয়ার কথাও জানায়। সাদি উইলিয়ামের আইনজীবী ফিল রিজুটো জানান, ১১ সন্তান মিলে ক্ষতিপূরণের জন্য ৮৮ মিলিয়নের মামলা করেছেন। এমন করে লাশ পরিবর্তনের ঘটনা শুধু দায়িত্বজ্ঞানহীন নয়, পরিবার ও স্বজনদের জন্য বিরাট মানসিক ক্ষতির কারণ বলে তিনি বলেন। এ নিয়ে ফিউনারেল হোমের পক্ষ থেকে বলা হয়েছে, মামলার পূর্ণ বিবরণ জানার পর তাদের পক্ষ থেকে বক্তব্য দেয়া হবে।

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়

আমরা প্রায় সব ধরনের ইন্সুরেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:
30-04, 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500

JAMAICA OFFICE:
170-12 Highland Avenue
Jamaica Estates, NY- 11432
www.drmrahman.com




এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।
বিনামূল্যে ব্লাড সুগার মনিটর
২৫% ছাড় কুপন সহ যে কোন পন্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়।
ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই



- প্রতিদিন সর্বোচ্চ কম মূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়
- সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ কেয়ার, প্রসাধনী সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ এন্ড বিউটি কেয়ার
- ফটোকপি ৫ সেন্ট, ■ ফ্যাক্স সার্ভিস ■ ৯৯ সেন্ট এ উপহার কার্ড ■ ফিল্ম প্রসেসিং

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহন করে থাকি।

আমাদের অন্য কোন শাখা নেই আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসকিপশন সংগ্রহ করে থাকি।

PARKCHESTER FAMILY PHARMACY (347) 851-2688

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড ব্রঙ্কস, নিউইয়র্ক - ১০৪৬২



মিলাদ-দোয়ার মাধ্যমে উদ্বোধন করা হয় টয় গার্ডেন অ্যান্ড ইলেকট্রনিকের। ছবি : সংগৃহীত

# ব্রঙ্কসের স্টারলিং-বাংলাবাজারে টয় গার্ডেন অ্যান্ড ইলেকট্রনিকের শুভ উদ্বোধন

**রেজওয়ানা আলম**

মিলাদ ও দোয়া মাহফিলের মাধ্যমে যাত্রা শুরু হলো টয় গার্ডেন অ্যান্ড ইলেকট্রনিক নামে বাঙালী মালিকানায় আরেকটি ব্যবসা প্রতিষ্ঠানের। নিউইয়র্ক নগরীর বাঙালী অধ্যুষিত ব্রঙ্কসের স্টারলিং-বাংলাবাজার এলাকার ২০৫২ ম্যাকগ্র এভিনিউয়ে ১৯ নভেম্বর শুক্রবার বিকেলে বর্ণাঢ্য আয়োজনে প্রতিষ্ঠানটির শুভ উদ্বোধন করা হয়।

সভা পরিচালনা করেন জেএমসির বিদায়ী সেক্রেটারি মঞ্জুর আহমেদ চৌধুরী। সভার শুরুতেই পবিত্র কোরআন থেকে তেলাওয়াত এবং বিশেষ দোয়া মুনাজাত পরিচালনা করেন ইমাম মির্জা আবু জাফর বেগ। জেএমসি সূত্রে জানা গেছে, প্রতিষ্ঠানটির বর্তমান কার্য নির্বাহী কমিটি ও ট্রাস্টি বোর্ড কর্তৃক গঠিত ১১ সদস্যবিশিষ্ট বাছাই কমিটির চেয়ারম্যান ফার্মাসিস্ট শোয়েব খন্দকার বিশেষ সভায় নবনির্বাচিত কর্মকর্তাদের নাম ঘোষণা করেন। উভয় কমিটির কর্মকর্তাগণ শীঘ্রই শপথ গ্রহণের মধ্য দিয়ে দায়িত্ব নেবেন। বাছাই কমিটির চেয়ারম্যান শোয়েব খন্দকার সভায় জেএমসির গঠনতন্ত্র মোতাবেক নূতন

১১ সদস্যের বাছাই কমিটির সদস্যরা হলেন: শোয়েব এম খন্দকার, মোহাম্মদ জাহিদুল হক, এনাম এম হক, মোহাম্মদ এ সামাদ, মোহাম্মদ কবির, মুহাম্মদ মুস্তায়িজ বিল্লাহ, মোহাম্মদ নজরুল ইসলাম, মোহাম্মদ এ চৌধুরী, মোহাম্মদ এ মতিন, আফজাল মিয়া এবং কাজী জাহাঙ্গীর।

দু'টি কমিটির কর্মকর্তাদের নাম অনুমোদনের জন্য উপস্থাপন করলে উপস্থিত সদস্যগণ অকুন্ঠ সমর্থন জানিয়ে প্রস্তাবিত কমিটির প্রতি এবং নবনির্বাচিতদের সমর্থন জানান।

জেএমসি'র এবারের ১১ সদস্যের বাছাই কমিটির সদস্যরা হলেন: শোয়েব এম খন্দকার, মোহাম্মদ জাহিদুল হক, এনাম এম হক, মোহাম্মদ এ সামাদ, মোহাম্মদ কবির, মুহাম্মদ মুস্তায়িজ বিল্লাহ, মোহাম্মদ নজরুল ইসলাম, মোহাম্মদ এ চৌধুরী, মোহাম্মদ এ মতিন, আফজাল মিয়া এবং কাজী জাহাঙ্গীর।

নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটির কর্মকর্তা ও সদস্যরা হলেন: প্রেসিডেন্ট ডা. সিদ্দিকুর রহমান, ভাইস প্রেসিডেন্ট মঞ্জুর আহমেদ চৌধুরী, সেক্রেটারি আফতাব মান্নান, জয়েন্ট সেক্রেটারি ফখরুল ইসলাম দেলোয়ার, কোষাধ্যক্ষ মোহাম্মদ বাবুল মজুমদার, সহকারী কোষাধ্যক্ষ মুয়াহিদ বিল্লাহ। কার্যনির্বাহী কমিটির সদস্য যথাক্রমে মোহাম্মদ সাবুল উদ্দিন, ইমাদ সিদ্দিক, সাঈদ রহমান লাবু, আজহার হক, ডা. ইমরান হোসেইন, আতাউর রহমান ও শাহাদাত হাসান। বোর্ড অব ট্রাস্টির কর্মকর্তারা হলেন: চেয়ারম্যান ফার্মাসিস্ট মোহাম্মদ জায়েদুর রহমান, ভাইস চেয়ারম্যান ডা. নাজমুল এইচ খান এবং সদস্য যথাক্রমে ডা. মোহাম্মদ মাহমুদুর রহমান তুহিন, ফার্মাসিস্ট মুহাম্মদ আসাবুর সাবু, ফার্মাসিস্ট নুরুল হক, ডা. জুন্নুন চৌধুরী, রফিউদ্দিন মঞ্জু। পদাধিকার বলে সাবেক জেএমসি প্রেসিডেন্ট এবং এক্স অফিসিয়াল বোর্ড অব ট্রাস্টির সদস্য থাকবেন।

# ডিসি একুশে এলায়েন্সের নতুন কো-অর্ডিনেটর সামছুদ্দীন মাহমুদ

**উত্তর আমেরিকা অফিস**

ডিসি একুশে এলায়েন্সের চীফ কো অর্ডিনেটর নির্বাচিত হয়েছেন সামছুদ্দীন মাহমুদ। ১৮ নভেম্বর বৃহস্পতিবার ডিসি একুশে এলায়েন্সের ২০২১ সালের সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

ডিসি একুশে এলায়েন্সের কো-অর্ডিনেটর এবং বর্তমান প্রধান নির্বাচন কমিশনার প্রিয়বাংলার প্রিয়লাল কর্মকারের সভাপতিত্বে অনুষ্ঠানটি পরিচালনা করেন সহকারী নির্বাচন কমিশনার এবং সাবেক কো-অর্ডিনেটর এন্থনী পি গোমেজ ও নির্বাচন কমিশনার এবং বেস্ট-এর ড. ফয়সাল কাদের।

অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ডিসিইএ গাইডলাইন কমিটির প্রধান ড. শোয়াইব চৌধুরী, নিউজ বাংলার ড. আরিফুর রহমান, ধ্রুপদের হিরন চৌধুরী, স্বদেশ-এর শরাফত হোসেন বাবু, বাকডিসির পক্ষে করিম সালাউদ্দিন ও কচি খান, ফ্রেন্ড এন্ড ফ্যামিলির আবু রুমী, আবিয়ার মিজান রহমান, বাই-এর সালেহ আহমেদ, ডুয়াফীর চুট্টি চৌধুরী, বাকোডিসির মজনু মিয়া, বুয়েটারিয়ান ইউএসএ'র কবির আহমেদ ও সারোয়ার সিদ্দিকি, আমরা বাঙ্গালী ফাউন্ডেশনের জীবক বড়ুয়া, বাংলাদেশী আমেরিকান ফাউন্ডেশনের হাসান চৌধুরী, ম্যারিল্যান্ড ফ্যান্ডস এন্ড ফ্যামিলির মোহাম্মদ কাজল ও লীনা চৌধুরী। অনুষ্ঠানে প্রধান নির্বাচন কমিশনার প্রিয়লাল কর্মকার জানান, দীর্ঘ দুই বছর অনেক পরিশ্রমের ফলে ডিসি ভার্জিনিয়া ও ম্যারিল্যান্ডের গতবারের ২৭টি সংগঠনের যৌথ উদ্যোগে সম্মিলিতভাবে একুশে উদযাপনের জন্য একটি নীতিমালা প্রণয়ন করা হয়েছে। ইতোমধ্যে ২৭টি সংগঠন এতে স্বাক্ষর



সামছুদ্দীন মাহমুদ

করেছে। এই নীতিমালার অধীনেই প্রথমবারের মতো এবার নির্বাচন হচ্ছে। নীতিমালার সকল নিয়মকানুন মেনে বাইটপো আগামী বছর হোস্টিংয়ের জন্য তাদের আবেদন জমা দিয়েছে।

নির্বাচন কমিশন অত্যন্ত সতর্কতার সাথে এই আবেদন পরীক্ষা-নিরীক্ষার পর তাদের আগামী বছর একুশে এলায়েন্সের হোস্টের জন্য নির্বাচিত করেছে। সেই সাথে বাইটপোর সভাপতি সামছুদ্দীন মাহমুদকে চিফ কোঅর্ডিনেটর হিসাবে নির্বাচন করা হয়। অনুষ্ঠানে নতুন চিফ কোঅর্ডিনেটর সামছুদ্দীন মাহমুদ একুশে এলায়েন্সের ২৭টি সংগঠনের নেতৃবৃন্দকে ধন্যবাদ দিয়ে আগামীতে সবাইকে নিয়ে একসাথে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন। উল্লেখ, করোনা প্যান্ডামিকের কারণে গতবছর ভার্চুয়াল অনুষ্ঠান হলেও এ বছর সরাসরি অনুষ্ঠান হবে।

নিউইয়র্কে স্বনাম ধন্য বাংলাদেশী বিশেষজ্ঞ

Utpal Chowdhury, MD.

Board certified internal medicine

Attending physician(Emergency)-New York Community Hospital, Brooklyn. Jamaica Hospital Medical Center, Queens.

অন্যান্য সব ধরনের চিকিৎসা করা হয়
পরিষেবা/চিকিৎসা

- ফিজিক্যাল এক্সাম
- স্কুল ও কলেজের জন্য টীকা
- টিএলসি এক্সাম
- হজ ও ওমরাহ যাত্রীদের জন্য টীকা
- চর্মরোগ
- ডায়বেটিস
- উচ্চ রক্তচাপ
- থাইয়েড
- এজমা
- বাতের ব্যাথা
- যৌন রোগ

TREATMENT / SERVICES

- COMPLETE PHYSICAL
- HIGH BLOOD PRESSURE
- SCHOOL /JOB PHYSICAL
- HIGH CHOLESTEROL
- TLC
- ASTHMA
- VACCINATION
- SKIN PROBLEM
- DIABETES
- EKG

Please call for Appointment
At# 917-503-5002



ডাঃ উৎপল চৌধুরী

Jamaica office
167-02 Highland Ave, 1st Floor,
Jamaica, NY 11432
Phone: (718) 297-4444 & (917) 503-5006
Fax: (718) 297-4443& (917) 503-5005
Office Hours:
Monday & Thursday, 5pm-9pm
Wednesday & Friday, Sunday 9am-3pm

Jackson Heights office
40-37 76th Street, 1st Floor, Elmhurst, NY 11373
Phone: (917) 503-5002 & (718) 533-0002
Fax: (917) 503-5004 & (718) 533-0005
Office Hours:
Monday, Tuesday Thursday
9am-3pm
Wednesday & Friday
5pm-9pm
Sunday: Lab. Work only.
9am-1pm

Tel: 917-503-5002,
Fax: 917-503-5004

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স নিয়ে থাকি
যাদের স্বাস্থ্যবীমা নেই তাদের হ্রাসকৃত মূল্যে চিকিৎসা করে থাকি

We accept all major insurances including Medicare, Medicaid

True Medical Care P.C.

40-37 76th Street, 1st Floor Elmhurst, NY 11373 167-02 Highland Ave, 1st Floor Jamaica, NY 11432



## থ্যাংকস গিভিং ডে

**থ্যাংকস গিভিং ডে উপলক্ষে নিউইয়র্কের সর্বত্র খাবার বিতরণ করতে দেখা গেছে বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের পক্ষ থেকে। শুধু অনগ্রসর ও নিম্ন আয়ের লোকজনের মধ্যেই নয়, উৎসবের আমেজে বিভিন্ন এলাকায় টার্কি বিতরণ করা হয়। ২৪ নভেম্বর বুধবার বাংলাদেশীবহুল ব্রংকসের স্টারলিং আভিন্যুতে অনুষ্ঠিত হয়েছে এমন একটি থ্যাংকস খাবার বিতরণ কর্মসুচী। রাজ্য আইন-সভার প্রতিনিধি কারিন্স রেইস এবং স্বাস্থ্য সেবা সংস্থা ফাইডালিস কেয়ার যৌথভাবে টার্কি ও নগদ অর্থের ভাউচার বিতরণ করেছে। সহযোগিতায় ছিলেন এমডি আলাউদ্দিন, এন ইসলাম মামুন, ছাইদুর রহমান লিংকন সহ কমিউনিটির অন্যান্য সংগঠকরা।** ছবি : সৈয়দ মাসুদুল কবির

কমিউনিটির একশ বিশিষ্ট ব্যক্তির আহ্বান

## নিউইয়র্ক বইমেলার ওপর আঘাত প্রতিহত করুন

**উত্তর আমেরিকা অফিস**

সমাজের কল্যাণকর অর্জনগুলো রক্ষার লক্ষ্যে নিউইয়র্ক বইমেলার ওপর আঘাত প্রতিহত করার আহ্বান জানিয়েছেন কমিউনিটির একশ বিশিষ্ট ব্যক্তি। গণমাধ্যমে পাঠানো বিবৃতিতে তাঁরা বলেন, "আমরা অত্যন্ত উদ্বেগ ও ক্ষোভের সাথে লক্ষ্য করছি যে, নিউইয়র্কে বাংলাদেশী কমিউনিটির এক গৌরবময় উৎসব, দীর্ঘদিনের পরিশ্রম ও নিষ্ঠার সাথে গড়ে তোলা বাংলা বইমেলা আজ এক মহলবিশেষ বা ব্যক্তিবিশেষের বিদ্বেষ ও অপপ্রচারের কবলে পড়েছে।

বইমেলার আয়োজক সংস্থা মুক্তধারা ফাউন্ডেশন এবং মেলার একনিষ্ঠ সংগঠক বিশ্বজিৎ সাহার বিরুদ্ধে অবমাননাকর একটি ভিত্তিহীন অভিযোগ এনে মামলা দায়ের করা হয়েছে। এ ধরনের আকস্মিক ও অনভিপ্রেত ঘটনায় আমরা ক্ষুব্ধ ও মর্মাহত। ঘটনাটি নিয়ে আমরা নিজেরা ব্যাপকভাবে অনুসন্ধান করে এর কোন ভিত্তি খুঁজে পাইনি।"

স্বাক্ষরকারী ব্যক্তিদেরর মধ্যে রয়েছেন স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পী রথীন্দ্রনাথ রায়, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ সভাপতি ড. সিদ্দিকুর রহমান লেখক-সাংবাদিক মুহম্মদ ফজলুর রহমান, মনজুর আহমেদ, তাজুল ইমাম।

## স্বাধীনতার সুবর্ণজয়ন্তী এবং জাসদের ৪৯তম প্রতিষ্ঠাবার্ষিকী

**উত্তর আমেরিকা অফিস**



বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী এবং জাসদের ৪৯তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে যুক্তরাষ্ট্র জাসদ আলোচনা অনুষ্ঠান ও পুনর্মিলনীর আয়োজন করেছে। ২৮ নভেম্বর রোববার বিকেল পাঁচটায় জ্যাকসন হাইটসের জুইশ সেন্টারে এটি অনুষ্ঠিত হবে।

অনুষ্ঠানের প্রধান অতিথি থাকবেন মহান মুক্তিযোদ্ধের অন্যতম সংগঠক, জাসদ কেন্দ্রীয় সভাপতি হাসানুল হক ইনু। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন নারী নেত্রী এবং জাতীয় নারী জোটের আহ্বায়ক আফরোজা হক রীনা এবং যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ডা. সিদ্দিকুর রহমান।

যুক্তরাষ্ট্র জাসদের সভাপতি দেওয়ান শাহেদ চৌধুরী এবং সাধারণ সম্পাদক নুরে আলম জিকু মুক্তিযুদ্ধের পক্ষের সকল প্রগতিশীল স্বদেশীকে এই অনুষ্ঠানে উপস্থিত থাকতে অনুরোধ জানিয়েছেন।

## বাংলাদেশ স্পোর্টস কাউন্সিলের সাধারণ সভা ২৮ নভেম্বর

**উত্তর আমেরিকা অফিস**

বাংলাদেশ স্পোর্টস কাউন্সিল অব আমেরিকার সাধারণ সভা আগামী ২৮ নভেম্বর রোববার ওজনপার্কে অনুষ্ঠিত হবে। সভায় স্পোর্টস কাউন্সিলের বার্ষিক কার্যক্রম আলোচনা ছাড়াও আগামী দুই বছরের (২০২২-২০২৩) জন্য নতুন কার্যকরী পরিষদ গঠিত হবে বলে জানা গেছে।

সভায় সংগঠনের কার্যকরী পরিষদের সকল উপদেষ্টা ও কর্মকর্তা, সকল ফুটবল দলের অধিনায়ক ও ম্যানেজারকে সভায় উপস্থিত থাকতে অনুরোধ জানিয়েছেন বাংলাদেশ স্পোর্টস কাউন্সিল অব আমেরিকার সভাপতি মিসবা আবদীন ও সাধারণ সম্পাদক রশিদ রানা।

## ভয়েস অব আমেরিকার বাংলা বিভাগের ভারপ্রাপ্ত ম্যানেজিং এডিটর আহসানুল হক

**উত্তর আমেরিকা অফিস**

ভয়েস অব আমেরিকার বাংলা বিভাগের ভারপ্রাপ্ত ম্যানেজিং এডিটর হিসাবে দায়িত্ব নিয়েছেন আহসানুল হক। তিনি ২০০৬ সাল থেকে ভয়েস অব আমেরিকার বাংলা বিভাগে নিয়মিত টেলিভিশন অনুষ্ঠান প্রচার করে আসছেন।

২০১৬ সালে কাজের স্বীকৃতি হিসাবে আহসানুল হক ভয়েস অব আমেরিকার সম্মানজনক স্বর্ণপদক পেয়েছেন। তিনি বিভিন্ন টিভি অনুষ্ঠান নির্মাণ, সাক্ষাৎকার গ্রহণ ছাড়াও রেডিও এবং ইন্টারনেটে কাজ করেছেন। তিনি টিভি চ্যানেল এনটিভির জন্য ২০০৬ সাল থেকে এখন পর্যন্ত নিয়মিত অনুষ্ঠান করে যাচ্ছেন। অনুষ্ঠানটির নাম ছিল ওয়াশিংটন বার্তা। বর্তমানে 'হ্যালো আমেরিকা' নামে অনুষ্ঠানটি বেশ জনপ্রিয়তা পেয়েছে। বাংলাদেশে প্রতি রোববার রাতে এটি সম্প্রচারিত হয়। এছাড়া আরটিভিতে 'আমেরিকার রাজনীতি' অনুষ্ঠানে তিনি নিয়মিত ইংরেজি ভাষায় সাক্ষাৎকার নেন। ইতোপূর্বে তিনি এটিএন বাংলার জন্য



আহসানুল হক

'সরাসরি আমেরিকা' অনুষ্ঠানটি প্রযোজনা-উপস্থাপনা করেছেন।

১৯৯৫ সাল থেকে ২০০৫ সাল পর্যন্ত তিনি বিবিসি বাংলায় খণ্ডকালীন কাজ করেছেন। কয়েক বছর লন্ডনভিত্তিক বাংলা টিভিতে হেড অব নিউজ পদে নিয়োজিত ছিলেন। লন্ডন ইউনিভার্সিটির সোয়াস (SOAS) স্কুল অব ওরিয়েন্টাল অ্যান্ড আফ্রিকান স্টাডিজে ভারতীয় চলচ্চিত্রের ওপর স্নাতকোত্তর পড়ালেখা করেছেন আহসানুল হক।

## খালেদা জিয়াকে

প্রথম পৃষ্ঠার পর

সেদিক থেকে কোথাও কোনো ত্রুটি নেই।' তিনি বলেন, 'মোদ্দাকথা হচ্ছে তাকে (খালেদা জিয়া) অবশ্যই অতি দ্রুত, কোনো সময় নষ্ট না করে বিদেশে অ্যাডভান্স সেন্টারে পাঠানোটা অত্যন্ত জরুরি হয়ে পড়েছে, এটা চিকিৎসকদের কথা। দায়িত্ব নিয়ে বলছি, তাঁকে অবিলম্বে বিদেশে চিকিৎসার জন্য পাঠানো দরকার।' সামনে হরতালের মতো কঠোর কর্মসূচি আসবে কিনা, সেই প্রশ্নে বিএনপি মহাসচিব বলেন, 'সময়মতো, প্রয়োজন হলে, টাইম উইল সে।'

তবে দলটি ধাপে ধাপে আন্দোলনের দিকে যাবে বলে জানান তিনি। গুলি করে কুমিল্লায় কমিশনারকে হত্যার ঘটনা তুলে ধরে মির্জা ফখরুল বলেন, 'এগুলো আমাদের কাছে অশনিসংকেত মনে হচ্ছে। যখন সুস্থ রাস্তাগুলো থাকে না, মানুষ প্রতিকার পায় না, তখন এ ধরনের ঘটনাগুলো ঘটতে থাকে।'

## নিউইয়র্কের ডেপুটি মেয়র হচ্ছেন টমাস

প্রথম পৃষ্ঠার পর

সংবাদ সম্মেলনে ২০ নভেম্বর শনিবার এমন ইঙ্গিত দিয়েছেন।

সংবাদ সম্মেলনে এরিক অ্যাডামস বলেন, তিনি কংগ্রেসম্যান টমাস সুয়াজিকে নগরের ডেপুটি মেয়র হিসেবে তাঁর প্রশাসনে যোগ দেয়ার জন্য রাজি করানোর চেষ্টা করছেন। এ নিয়ে টমাস সুয়াজিকে প্রস্তাব দেয়া হয়েছে। তিনি থ্যাংকস গিভিংয়ের ছুটিতে এ নিয়ে ভেবে জানাবেন।

ডিসেম্বরের মাসেই শেষ হচ্ছে বর্তমান মেয়র বিল ডি ব্লাজিওর মেয়াদ। ১ জানুয়ারি থেকেই নগরপিতার দায়িত্ব গ্রহণ করছেন এরিক অ্যাডামস। এরইমধ্যে তিনি প্রশাসন সাজানোর কাজে হাত দিয়েছেন। নির্বাচনী প্রচারণার সময় এরিক অ্যাডামসের প্রচারণায় ব্যাপকভাবে যোগ দিয়েছেন টমাস সুয়াজি। নানামুখী সমস্যা ও রাজনৈতিক চাপে নিউইয়র্ক নগর সামাল দেয়ার জন্য এরিক অ্যাডামস তাঁর প্রশাসনে যোগ্য ও দক্ষ লোকজনের সমাবেশ ঘটানোর চেষ্টা করছেন। ২০১৬ সালে মার্কিন কংগ্রেসে নির্বাচিত হওয়ার আগে টমাস সুয়াজি নাসাউ কাউন্টির নির্বাহী হিসেবে কাজ করেছেন। মার্কিন কংগ্রেসের ওয়েজ এন্ড মিনস কমিটির প্রভাবশালী সদস্য, দক্ষ আইনজীবী এবং একাউন্টেন্ট হিসেবে তাঁর সুনাম রয়েছে। মার্কিন কংগ্রেসের সদস্য হিসেবে টমাস সুয়াজি বার্ষিক এক লাখ ৭৪ হাজার ডলার আয় করে থাকেন। নিউইয়র্ক নগরের ডেপুটি মেয়র হবে যোগ দিলে তাঁর বার্ষিক বেতন হবে দুই লাখ ৯১ হাজার ডলারের বেশি। নিউইয়র্কের মতো নগরের ডেপুটি মেয়র হিসেবে রাজনীতির পাদপ্রদীপে বেশি থাকার সুযোগও রয়েছে তাঁর।

এরিক অ্যাডামসের প্রস্তাবের পর সংবাদ মাধ্যমের কাছে দেয়া বক্তব্যে টমাস সুয়াজি বলেন, নিউইয়র্ক নগরের চ্যালেঞ্জ সামাল দেয়ার জন্য ডেপুটি মেয়র হিসেবে যোগদানের আমন্ত্রণ পেয়ে তিনি নিজেকে ধন্য মনে করছেন। তবে এ নিয়ে চিন্তাভাবনার জন্য থ্যাংকস গিভিংয়ের ছুটিতে পর্যাপ্ত সময় পাবেন বলে জানান তিনি।

## কে হচ্ছেন প্রেসিডেন্ট পদে ডেমোক্র্যাট

প্রথম পৃষ্ঠার পর

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ধারেকাছেও কেউ নেই। তিনিও ২০২৪ সালে আবারও নির্বাচনে দাঁড়ানোর বিষয়টি ঝুলিয়ে রেখেছেন। দু'বার অভিশংসনের শিকার ডোনাল্ড ট্রাম্প আমেরিকার সাধারণ জনমতেও এখন প্রেসিডেন্ট জো বাইডেনের চেয়ে এগিয়ে আছেন।

মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন ২০২৪ সালের নির্বাচনেও প্রতিদ্বন্দ্বিতা করতে চান, এমন কথা জানিয়েছেন হোয়াইট হাউসের মুখপাত্র জেন সাকি। গত সোমবার তিনি একথা জানান। বাইডেন ২০২৪ সালের প্রেসিডেন্ট নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করবেন কিনা, সে বিষয়ে নিশ্চিত হতে এয়ার ফোর্স ওয়ানে জেন সাকিকে সাংবাদিকেরা প্রশ্ন করেন। জবাবে জেন সাকি বলেন, 'হ্যাঁ, এটাই তাঁর অভিপ্রায়।'

বাইডেন আরেক মেয়াদে প্রেসিডেন্ট হতে নির্বাচন করতে চান বলে তিনি তাঁর ঘনিষ্ঠ সহযোগী-মিত্রদের বলছেন—গণমাধ্যমে সম্প্রতি এমন প্রতিবেদন প্রকাশিত হয়। এ প্রেক্ষাপটে হোয়াইট হাউসের পক্ষ থেকে নিশ্চিত করা হলো যে, আগামী প্রেসিডেন্ট নির্বাচন করার ইচ্ছা বাইডেনের রয়েছে। প্রায় ৭৯ বছর বয়সী বাইডেনের গ্রহণযোগ্যতার হার নিম্নমুখী। ওয়াশিংটন পোস্ট ও এবিসির জরিপ অনুযায়ী, তাঁর গ্রহণযোগ্যতার হার কমে প্রায় ৪০ শতাংশে দাঁড়িয়েছে। বাইডেনের ডেমোক্র্যাটিক পার্টির কোনো কোনো সদস্য ভেবেছিলেন, তিনি হয়ত আরেক মেয়াদে প্রেসিডেন্ট থাকার জন্য আগামী নির্বাচনে লড়বেন না। কিন্তু তাঁদের ভাবনা যে ভুল, তা হোয়াইট হাউসের বক্তব্যে নিশ্চিত হলো। রিপাবলিকান পার্টির ক্ষমতাসীন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে হারিয়ে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট হন বাইডেন। চলতি বছরের ২০ জানুয়ারি তিনি দায়িত্ব নেন। ২০২০ সালের নির্বাচনে দেশটির সবচেয়ে বয়স্ক প্রেসিডেন্ট প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দ্বিতা করেন বাইডেন। ২০২৪ সালে তিনি যখন প্রথম মেয়াদ শেষ করবেন, তখন তাঁর বয়স হবে ৮২ বছর।

মার্কিন প্রেসিডেন্টের দায়িত্ব নেওয়ার পর গত শুক্রবার বাইডেন প্রথমবারের মতো তাঁর স্বাস্থ্য পরীক্ষা করান। ৭৯তম জন্মবার্ষিকীর ঠিক আগের দিন বাইডেনের স্বাস্থ্য পরীক্ষা করা হলো। স্বাস্থ্য পরীক্ষার পর চিকিৎসকেরা জানান, বাইডেন প্রেসিডেন্টের দায়িত্ব পালনে সক্ষম। বাইডেনের ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস ২০২৪ সালের প্রেসিডেন্ট নির্বাচনে লড়তে পারেন বলে গুঞ্জন আছে। তবে তাঁর গ্রহণযোগ্যতা কমে বর্তমানে ২৮ শতাংশে দাঁড়িয়েছে।

## হ্যাপি থ্যাংকস গিভিং

প্রথম পৃষ্ঠার পর

উপলক্ষে সবকিছু বন্ধ। কঠিনভাবে দিনটি পালন করা হয়। দিনের সেরা পারিবারিক অনুষ্ঠানে টার্কি রান্না করা এবং পরিবার নিয়ে টার্কি ভোজ। পরদিন শুক্রবার 'ব্ল্যাক ফ্রাইডে'। আমেরিকার সবচেয়ে বড় কেনাকাটার দিন।

১৭৮৯ সালে কংগ্রেস এ দিবসকে সরকারি ছুটি হিসেবে ঘোষণা করার জন্য তৎকালীন প্রেসিডেন্ট জর্জ ওয়াশিংটনকে অনুরোধ করে। প্রেসিডেন্ট সে অনুযায়ী একটি ঘোষণাপত্রে স্বাক্ষর করেন। কৃতজ্ঞতা প্রকাশার্থে আদিবাসী আমেরিকানদের শুভকামনা এবং ধন্যবাদ জ্ঞাপনের জন্য ফসল তোলার উৎসব হিসেবে ইউরোপীয় উপনিবেশবাদীদের মধ্যে স্পেনীয় এবং ফরাসিরা উত্তর আমেরিকায় থ্যাংকস গিভিং ডে সর্বপ্রথম শুরু করেন।

১৬২০ সালের দিকে স্বাধীন ধর্মচর্চার উদ্দেশ্যে 'মে ফ্লাওয়ার' নামে একটি জাহাজে চড়ে ইউরোপ ছেড়ে যুক্তরাষ্ট্রে আশ্রয়ের জন্য আসা ব্যক্তিরা বর্তমান ম্যাসাচুসেটস অঙ্গরাজ্যের ম্যাসাচুসেটস উপসাগরে যাত্রাবিরতি করেন। তাদের অধিকাংশই খাবারের অভাবে অর্ধাহারে এবং শীতের প্রকোপে দুর্বল ও অসুস্থ হয়ে পড়েন। সুস্থ ব্যক্তিরা তীরে নেমে প্লিমিথ গ্রামের ওয়াম্প্যানগ আদিবাসী গোষ্ঠীর সঙ্গে ঘনিষ্ঠ হন। ওয়াম্প্যানগ্রা ইউরোপীয়দেরও বান মাছ ধরার এবং কর্ন (শস্য) চাষ করার প্রক্রিয়া শিখিয়ে দেন। পরবর্তী বছর স্থানীয় ও বহিরাগত গ্রামবাসীরা আশাতীত ফসল ঘরে তোলেন এবং স্থানীয় শাসক উইলিয়াম আদিবাসীদের নিমন্ত্রণ দিয়ে সৃষ্টিকর্তার উদ্দেশ্যে কৃতজ্ঞতা প্রকাশার্থে এবং আদিবাসীদের সম্মানে ভোজের আয়োজন করেন। এ উৎসবে ৯০ জন আদিবাসী আমেরিকান এবং ৫৩ জন খ্রিস্টান ধর্মপ্রচারক অংশ নিয়েছিলেন। ইউরোপীয়দের সহযোগিতার জন্য আদিবাসীদেরও ধন্যবাদ জানানো হয়। দিনের ভোজে অন্যতম প্রধান উপকরণ হলো মোরগ-সদৃশ্য টার্কি। রীতি অনুযায়ী যুক্তরাষ্ট্রের হোয়াইট হাউজে ন্যাশনাল টার্কি ফেডারেশন থেকে পাওয়া একটি টার্কিকে জীবন ভিক্ষা দিয়ে সাধারণ ক্ষমা করেন প্রেসিডেন্ট। এটি 'হোয়াইট হাউজ টার্কি পার্ডন' নামে পরিচিত। ১৯৪৭ সাল থেকে হোয়াইট হাউজে এ রীতি প্রচলিত রয়েছে। এবারও প্রেসিডেন্ট জো বাইডেন একটি টার্কিকে ক্ষমা করে দিয়েছেন আনুষ্ঠানিকভাবে।

করোনা-পরবর্তী স্বাভাবিকত্ব ফিরিয়ে আনার চেষ্টা চলছে আমেরিকায়। বিশ্বের সবচেয়ে বেশি করোনা মৃত্যুর দেশে এখনো গড়ে প্রতিদিন এক হাজারের বেশি মানুষ মারা যাচ্ছে কোভিড-১৯ সংক্রমণে। সাবধানতার মধ্যদিয়ে চলা জনপদে উৎসব-আনন্দের কমতি পড়েনি। দীর্ঘ সপ্তাহান্তের ছুটিতে লোকজন বেরিয়ে পড়েছে। দূরের সব রাজ্যে স্বজনের পাশে বসে টার্কি ভোজ করা আর কৃতজ্ঞতা প্রকাশের মধ্যে দিয়ে পালিত হচ্ছে এবারের থ্যাংকস গিভিং ডে। বহু জাতি ও সংস্কৃতির দেশে উত্তর আমেরিকায় বসবাসরত বাংলাদেশীরাও দিবসটি পালন করেন ঘটা করে। আত্মীয়-স্বজনের বাসায় যাওয়া, কিছুটা পূর্বাঞ্চলীয় সংস্কৃতির মিশ্রণে টার্কি রান্না করার আয়োজন হয় ঘরে ঘরে। প্রবাসে জন্ম ও বেড়ে ওঠা প্রজন্মের কাছে দিবসটি অন্য যেকোন আমেরিকানদের মতোই গুরুত্ব পেয়ে থাকে। এবারও সীমিত হলেও এমন আয়োজন দেখা গেছে স্বদেশী এলাকাগুলোতে।

## বাংলাদেশ সোসাইটির অনিশ্চিত যাত্রা

প্রথম পৃষ্ঠার পর

এতটাই বিভক্ত যে, কেউ কারও কথা মেনে নেয়ার অবস্থায় নেই। এমন কোন নেতৃত্ব নেই যাঁরা কমিউনিটির স্বার্থে এগিয়ে আসবেন। বিরোধ মীমাংসায় স্বদেশীদের ঐতিহ্য থাকলেও বাংলাদেশ সোসাইটির সমস্যা সমাধানে এখন পর্যন্ত কেউ এগিয়ে আসছেন না। সাধারণ সদস্যদের মধ্যে এ নিয়ে রয়েছে ক্ষোভ-হতাশা। ব্যয়বহুল নির্বাচনী প্রচারণা চালানোর পর ভোট গ্রহণের ঠিক আগে মামলার কারণে নির্বাচন বন্ধ হয়ে গেছে। দু'পক্ষ একে অন্যকে আইন অনুযায়ী দেখে নেয়ার ঘোষণা দিয়ে যাচ্ছে। পরিস্থিতিতে সোসাইটির ট্রাস্টি বোর্ড ও কার্যকরী পরিষদ ২০ নভেম্বর শনিবার সংবাদ সম্মেলন করে। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সোসাইটির ট্রাস্টি বোর্ডের অন্যতম সদস্য হাজী মফিজুর রহমান। এসময় সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ও সোসাইটির সাবেক সভাপতি এমএ আজীজ।

সংবাদ সম্মেলনে হাজী মফিজুর রহমান বলেন, প্রবাসী সকল বাংলাদেশী মনেপ্রাণে সোসাইটিকে ভালবাসে। আর যারা সোসাইটিকে ভালবাসে না, তারাই সোসাইটির ক্ষতি করতে চায়। সোসাইটির ক্ষতি করে সোসাইটিকে ভালবাসা যায় না। এই সংগঠনকে রক্ষা করতে আলোচনার মাধ্যমে সকল সমস্যার সমাধান সম্ভব। মামলা-মোকদ্দমার প্রয়োজন কি? তাই আসুন ঐক্যবদ্ধভাবে সোসাইটিকে রক্ষা করি, মামলাবাজদের চিহ্নিত করে তাদের সামাজিকভাবে বয়কট করি। তবে গঠনতন্ত্র মেনেই সোসাইটি পরিচালিত হচ্ছে।

তিনি বলেন, মামলা আইনগভাবেই চলবে। প্রয়োজনে আরো অভিজ্ঞ এ্যাটর্নি নিয়োগ করা হবে। নির্বাচন স্থগিত হয়ে যাওয়ায় কত ডলার গচ্ছা দিতে হবে তার হিসেব এখনই বলা সম্ভব নয়। সংবাদ সম্মেলনে সোসাইটির ভারপ্রাপ্ত সভাপতি আব্দুর রহীম হাওলাদার, সাধারণ সম্পাদক রুহুল আমীন সিদ্দিকী, প্রধান নির্বাচন কমিশনার জামাল আহমেদ জনি উপস্থিত ছিলেন। এদিকে বাংলাদেশ সোসাইটির নির্বাচন স্থগিতসহ সার্বিক বিষয় এবং আদালতে দায়েরকৃত মামলা প্রসঙ্গে মামালার বাদী নীরা এস নীরু এবং মামলার আইনি দিক তত্ত্বাবধায়ক জ্যাকব মিল্টন ১৫ নভেম্বর জ্যাকসন হাইটসে সংবাদ সম্মেলন করেন। তাঁরা বলেন, সোসাইটিকে ক্লিন করতেই আদালতে এ মামলা করা হয়েছে। বাংলাদেশ সোসাইটিতে কোন ধরনের স্বচ্ছতা নেই, জবাবদিহিতা নেই। যোগ্য কোনো ব্যক্তি এ সংগঠন পরিচালনা করেন না। শুধুমাত্র অর্থের বিনিময়ে প্রার্থী হয়ে কমিউনিটির চেয়ার দখলের মানসেই অনেকেই নেতা হতে চান।

তাঁরা আরও বলেন, যে গঠততন্ত্র রয়েছে তা আইআরএস এবং নিউইয়র্ক স্টেটের গাইড লাইন অনুযায়ী পরিচালিত হয় না বা সংশ্লিষ্টরা তা জানেনও না। যে নির্বাচন তারা করার উদ্যোগ নিয়েছিলেন সেখানে শত শত ভুয়া ভোটার রয়েছে। যারা জানেনই না যে তারা সোসাইটির ভোটার। কিন্তু কে বা কারা তাদের ভোটার করিয়েছেন তাও জানেন না ভোটাররা। জ্যাকব মিল্টন বলেন, আমরা আদালতেকে বোঝাতে সক্ষম হয়েছি বাংলাদেশ সোসাইটির নির্বাচন স্থগিত করার বিষয়টি, আদালত সেটি শুনেছেন এবং আগামী ২ ডিসেম্বর এর শুনানি হবে। জ্যাকব মিল্টন বলেন, নির্বাচন স্থগিত না করার জন্য আমাদের কাছে দুই পক্ষ থেকে এক থেকে দেড় লাখ ডলারের প্রস্তাব এসেছিল। কিন্তু আমরা তা গ্রহণ করিনি। আমরা এ মামলাটি করেছি সোসাইটিকে ক্লিন করার জন্য, যোগ্য নেতৃত্বের হাতে যাতে সোসাইটি যায় সে জন্য।

বাংলাদেশ সোসাইটির এমন টানা বিরোধ নিয়ে কমিউনিটিতে অসন্তোষ বিরাজ করছে। করোনাকালীন সময়সহ অতীতে এ সংগঠনটি প্রায়ই বাংলাদেশী জনসমাজের নানা কাজে এগিয়ে এসেছে। নিউইয়র্কে অন্যতম প্রাচীন এবং প্রতিনিধিত্বশীল সংগঠন হিসেবে সোসাইটি স্বদেশীদের এখন আর আস্থায় নেই। বাংলাদেশীদের অন্য কোন ঐক্যবদ্ধ সংগঠনও নেই নিউইয়র্কে। জেলা, থানা, ইউনিয়ন সমিতি আছে। কলেজ,বিশ্ববিদ্যালয়সহ স্কুলের এ্যালামনাই এ্যাসোসিয়েশন আছে। দেশের রাজনৈতিক দলগুলোর শত শত শাখা-প্রশাখা আছে। মসজিদ মন্দির নিয়ে কমিটি, পাল্টা কমিটি রয়েছে। নেই প্রবাসে থাকা স্বদেশীদের কোন ঐক্যবদ্ধ প্লাটফর্ম। বিভিন্ন সময় বাংলাদেশ সোসাইটি এ অভাব পূরণ করলেও এখন তা মুখথুবড়ে পড়েছে বিরোধ ও মামলার কারণে। লোকজনও সংগঠনটির প্রতি মুখ ফিরিয়ে নিচ্ছেন। সাধারণ প্রবাসীরা মনে করেন, প্রবাসে স্বদেশীদের ঐক্যবদ্ধ প্লাটফর্ম হিসেবে বাংলাদেশ সোসাইটিকে রক্ষার জন্য এর সাবেক নেতৃবৃন্দ এগিয়ে আসতে পারেন। জনসমাজের যেসব শ্রদ্ধেয় লোকজন নীরব বসে আছেন, তাঁরা ভূমিকা নিয়ে বিরোধ শেষ না করলে মামলা দীর্ঘস্থায়ী হবে এবং সোসাইটির প্রতি সাধারণ সদস্যদের ক্ষোভ ও উৎসাহ ভাটা পড়বে।

## আমেরিকায় আসার পথে ৩৭ বাংলাদেশি

প্রথম পৃষ্ঠার পর

প্রকাশিত হয়েছে।

মেক্সিকোর ন্যাশনাল মাউগ্রেন্ট ইনস্টিটিউটের এক বিবৃতিতে জানানো হয়, আমেরিকা অভিমুখী গাড়িতে বিপজ্জনক অবস্থায় তারা ১৪৫ নারী এবং ৪৫৫ পুরুষকে উদ্ধার করেছে। এদের মধ্যে ৩৭ জন বাংলাদেশি। বাকিরা নিকারাগুয়া, হন্ডুরাস, ডিমিনিকান রিপাবলিক, ভেনিজুয়েলা, ইকুয়েডর, ঘানা, ভারত, কিউবা এবং ক্যামেরুনের নাগরিকরা।

২০২০ সালের অক্টোবর থেকে চলতি বছরের জুন পর্যন্ত আমেরিকার দক্ষিণ সীমান্ত দিয়ে প্রবেশের সময় ১০ লাখেরও বেশি নথিপত্রহীন লোকজনকে আটক করা হয়েছে। গত জানুয়ারিতে প্রেসিডেন্ট জো বাইডেন ক্ষমতা গ্রহণের পর দক্ষিণ সীমান্তের অবস্থা নাজুক হয়ে উঠেছে। পরিস্থিতি সামাল দেয়ার জন্য মার্কিন সরকারের পক্ষ থেকে দক্ষিণ আমেরিকার দেশগুলোতে বিজ্ঞপ্তি প্রচার করে লোকজনকে আমেরিকা অভিমুখী না হওয়ার আহ্বান জানানো হচ্ছে। দক্ষিণ আমেরিকার অর্থনৈতিক অনগ্রসর দেশগুলো থেকে আমেরিকার দক্ষিণ সীমান্ত দিয়ে প্রবেশের ঘটনা আগেও ঘটেছে। বাংলাদেশ



আমেরিকা-মেক্সিকোর দূর্গম সীমান্ত

থেকেও দক্ষিণের সীমান্ত পাড়ি দিতে গিয়ে বাংলাদেশীদের মৃত্যুর সংবাদ আগেও মার্কিন সংবাদমাধ্যমে প্রকাশিত হয়েছে। সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সময়ে আমেরিকার কঠিন অভিবাসন নীতির সময়ও বাংলাদেশি পাচারকারীদের সংবাদ বেরিয়েছে একের পর এক। ঘাটে ঘাটে দালাল চক্রের হাত বদল হয়ে কখনো দুর্গম পাহাড়ি পথ পেরিয়ে, কখনো নদী পেরিয়ে সশস্ত্র মার্কিন সীমান্তরক্ষীদের মোকাবেলা করে সীমান্ত পাড়ি দিতে হয় এসব অভিবাসী প্রত্যাশীদের। মেক্সিকো সীমন্তের খরস্রোতা গ্র্যান্ডে নদীতে ছেড়ে দেয় দালাল চক্র।

দক্ষিণ আমেরিকার দেশগুলোতে পাচারকারী চক্রের সহযোগিতায় আমেরিকা সীমান্ত অভিমুখী এ যাত্রা প্রচণ্ড ঝুঁকির বলে জানিয়েছেন সম্প্রতি সীমান্ত পাড়ি দেয়া এক বাংলাদেশি যুবক। বাংলাদেশের সিলেট, নোয়াখালী ও চট্টগ্রামের বিভিন্ন গ্রামপর্যায়ে দালাল চক্র বিস্তৃত বলে জানান আমেরিকায় রাজনৈতিক আশ্রয় চাওয়া শাহ হাসান। তিনি বলেন, দালালদের মাধ্যমে দক্ষিণ আমেরিকার কোন দেশে প্রথম লোকজনকে নিয়ে আসা হয়। বিভিন্ন হাত বদল করে আমেরিকার কাছাকাছি নিয়ে এসে ছেড়ে দেয়া হয়। মেক্সিকোসহ তৃতীয় দেশগুলোতে কারাবাস ও লুটতরাজের শিকার হতে হয় তাদের। দেশ থেকে আমেরিকায় পৌঁছোতে কারও কারও কয়েক মাস লাগে। শাহ হাসান জানান, দুর্গম সীমান্ত পথ পাড়ি দিতে গিয়ে লাশ পড়ে থাকতে দেখেছেন। ছিনতাইকারীরা হামলা করে সঙ্গে থাকা সবকিছু নিয়ে যায়। যুক্তরাষ্ট্র সীমান্ত কোনভাবে অতিক্রম করতে পারলে দেশে গণতন্ত্র নেই, পীড়নের শিকার, ধর্মীয় বিদ্বেষের শিকার—এসব বলে রাজনৈতিক আশ্রয় নেয়া হয়ে থাকে।

সীমান্তে এমন গ্রেফতার এবং রাজনৈতিক আশ্রয়ের জন্য দেশ থেকে পালানোর সংবাদ আন্তর্জাতিক সংবাদ মাধ্যমে প্রচারিত হওয়াকে বাংলাদেশিরাও এখন আর ভালো চোখে দেখছেন না।


মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?
Low Income, No Problem
Hard Money 9%
আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি
646-920-4799
Akib Hussain
32-65 31st Street, Astoria, NY11106
Direct Lender
★ ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট
আপনাদের সেবাই আমাদের লক্ষ্য
● ব্যক্তিগত পরামর্শ
● ইন্টারেস্ট রেট কম
● ইনভেষ্টমেন্ট
● ফ্রি এপ্রোভাল
● ফাষ্ট ক্লোজিং
● দ্রুত এবং বিশ্বস্ত


ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব
কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!
আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:
● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজ্যুরী/স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।
ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।
All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.
72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com


ইউএস, বাংলাদেশ, ইণ্ডিয়াসহ ২ হাজারের বেশি চ্যানেল
১ মাস ফ্রি
স্পোর্টস, কার্টুন, ফুড প্রোগ্রাম ও
ফ্রী আনলিমিটেড ভিডিও
6:57 AM
PICTURES
VIDEOS
MUSIC
TED
FOX NEWS
KICK ASS
WHO IS SALT
POMPEII
tvdesiBox
Dependable live streaming platform
72-26 Roosevelt Ave. 2nd Floor (Suite 201)
Jackson Heights NY 11372
718-565-9099

# নারায়ণগঞ্জ জেলা সমিতি অফ উত্তর আমেরিকা'র

## ৩২ বছর পূর্তি এবং বিজয় দিবসের সুবর্ণ জয়ন্তী উপলক্ষ্যে



## আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান

তারিখঃ ৩ ডিসেম্বর (শুক্রবার), ২০২১ খ্রীষ্টাব্দ।
সময়ঃ সন্ধ্যা ৬টা।
স্থানঃ নবান্ন পার্টি হল, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক।

আয়োজনে

নারায়ণগঞ্জ ডিস্ট্রিক্ট এসোসিয়েশন অফ নর্থ আমেরিকা ইনক

আহবায়ক কমিটিঃ নির্মল পাল (আহবায়ক), আরশাদুল বারী আসাদ (যুগ্ম-আহবায়ক), মোহাম্মদ মোহসীন (যুগ্ম-আহবায়ক), বীর মুক্তিযোদ্ধা মোঃ মতিউর রহমান, মোহাম্মদ মজিবর, নূরুজ্জামান মন্টু, নূর বাবুল, মনিরুজ্জামান সেলিম, মোস্তফা জামাল টিটো, হুমায়ুন কবীর তুহিন, আবু নাফে খান, জানে আলম বাবু, মনসুর আলী, মশিউর রহমান তুহিন, মোঃ আব্দুল কাদের, নিতাই দাস, দর্পণ কবীর, গোপা পাল মুক্তা, মোহাম্মদ জহিরুল ইসলাম (জনী), মাহিন জামাল।

NARAYANGONJ DISTRICT ASSOCIATION OF NORTH AMERICA INC
নারায়ণগঞ্জ জেলা সমিতি অফ উত্তর আমেরিকা ইনক




প্রথম আলো উত্তর আমেরিকা স্বপ্নগামী অভিবাসীদের পথ দেখিয়ে দিতে প্রতি মাসের শেষ সংখ্যাটিতে 'উত্তরের পথে' প্রকাশ করছে। 'উত্তরের পথে' প্রবাসে নানা সমস্যার সমাধান এবং সফলতার কাহিনী নিয়ে প্রতি মাসে এই সংখ্যাটি একবার প্রকাশিত হয়। 'উত্তরের পথে, আপনার সঙ্গে'—এই স্লোগান নিয়ে প্রতি সংখ্যায় প্রবাসজীবনের নানা সমস্যার সমাধান তুলে ধরার চেষ্টা করছে। বাঙালীর 'আমেরিকান ড্রিম' বাস্তবায়নের সঙ্গী হতে নানা পরামর্শমূলক তথ্য এনে দেয়ার চেষ্টা করছে। আপনাদের কোন পরামর্শ থাকলে আমাদের উত্তর আমেরিকার অফিসে যোগাযোগ করতে পারেন

**রাজুব ভৌমিক**

# রিয়েল এস্টেটে বিনিয়োগ: জিল্লো'র ব্যর্থতা

**সুখেন গমেজ**

সম্প্রতি আমেরিকান কর্পোরেট জায়ান্ট জিল্লো গ্রুপ তাদের অন্যতম প্রধান আয়ের উৎস জিল্লো অফার বন্ধ করে দিয়েছে। এটি কর্পোরেট জগতের সাম্প্রতিক সময়ের বিরাট পশ্চাদপসরণ হিসেবে বিবেচনা করা হচ্ছে। জিল্লো অফার হচ্ছে বাড়ি বিক্রেতা জিল্লুর সহায়তা নিয়ে বাড়ি সংস্কার করে নির্ধারিত মূল্য দ্রুত সময়ের মধ্যে বিক্রি করে। জিল্লো মূলত সেবা প্রদানের জন্য নির্ধারিত ফি পেয়ে থাকে। অন্যদিক বিক্রেতা রিয়েল এস্টেট কমিশন, বাড়ি দেখানো, ক্রেতা খোঁজ করা ইত্যাদি ঝামেলা থেকে মুক্তি পেতে জিল্লু'র দ্বারস্থ হয়। জিল্লো অফার বন্ধের কারণে কমপক্ষে দুই হাজার লোকের চাকরি চলে যায় এবং জিল্লো গ্রুপ অর্ধ-বিলিয়ন ডলারের অধিক মূল্য ক্ষতি ইতোমধ্যে লিপিবদ্ধ করেছে। গত ফেব্রুয়ারিতে জিল্লো গ্রুপের সর্বোচ্চ সম্পদের পরিমাণ ৪৮ দশমিক ৩৫ বিলিয়ন ডলার ছিল। এখন তা কমে ১৬ বিলিয়ন ডলারের এসে পৌঁছেছে। চলতি বছরের প্রথমার্ধে জিল্লো প্রত্যাশায় চেয়েও অধিক আয় করে সামর্থ্য হয়। কিন্তু গ্রীষ্মের শুরুতে জিল্লু অনুধাবন করে যে, তারা বাড়ির বাজার মূল্যের চেয়ে অধিক দামে বাড়ি কিনছে, চাহিদার তুলনায় অধিক বাড়ি কিনছে এবং ইতোমধ্যে বাড়ির মূল্যে অনেকটাই স্থিতিশীল।

তথ্যপ্রযুক্তির আধুনিক যুগে রিয়েল এস্টেট খাত ব্যাপক পরিবর্তন হয়েছে। জিল্লো বাড়ি মূল্য নির্ধারণে জেস্টিমেট পদ্ধতিতে বাড়ির মূল্যে প্রদান করে থাকে। জেস্টিমেট মূলত ডাটা নির্ভর, বিভিন্ন তথ্যের বিভিন্ন স্বয়ংক্রিয় পদ্ধতিতে বাড়ি মূল্য নির্ধারণ করে। এতে ক্রেতার আবেগ-অনুভূতি, ব্যক্তিগত পছন্দ কিংবা অন্য কোনো অলীক কারণের সাথে সম্পর্কিত নয়। তথ্যনির্ভর প্রযুক্তির ব্যবহার করে শেয়ার কিংবা বন্ড মার্কেট নিয়ন্ত্রণ করা সম্ভব। কিন্তু আমেরিকানদের বাড়ি কেনার সিদ্ধান্ত প্রদান করা সম্ভব নয়। রিয়েল এস্টেট মার্কেট এখনো শহর কিংবা এলাকা, সামাজিক-পারিবারিক, নান্দনিক সৌন্দর্য্যসহ আরো নানা ধরনের বিষয়ের ওপর নির্ভরশীল। যেমনটি বলা যায়, নিউইয়র্কের বাইরে থেকে আসা লোকজন নিউইয়র্ক বাড়ি বিনামূল্যে দিলেও নেবে না, এমনটি কথায় কথায় বলে থাকে। কিন্তু নিউইয়র্কের বাসিন্দাদের কাছে চারিদিকে এটাস্থ বাড়ির মূল্য মিলিয়ন ডলার। সুতরাং ডেটা-নির্ভর করে বাড়ির প্রকৃত মূল্য নির্ধারণ করা দূরহ। জিল্লো তার প্রতিদ্বন্দ্বী কোম্পানির সাথে পাল্লা দিতে অভ্যন্তরীণ বিষয় বাদ দিয়ে অধিক দামে বাড়ি মূল্য নির্ধারণ করে। করোনা মহামারিকালে সাম্প্রতিক সময়ের সবচেয়ে বেশি বাড়ি মূল্য বৃদ্ধি পায়। জিল্লো অনুমান করেছিল কমপক্ষে ২০ বিলিয়ন ডলার বার্ষিক আয় হবে। কিন্তু করোনা মহামারির কারণে নির্মাণসামগ্রী ও শ্রমিকদের অপ্রতুলতা কারণে জিল্লো গ্রুপ বিপদে পড়ে। অনলাইনভিত্তিক বাড়ি ফিপ্লিং কোম্পানি অপেনডোর টেকনোলজি ও অফারপ্যাড সলুশন ইনক জিল্লো গ্রুপের অন্যতম প্রতিদ্বন্দ্বী। উভয় কোম্পানি বাড়ির মূল্যে নির্ধারণে স্থানীয় প্রভাব, চাহিদাসহ অন্য বিষয়গুলো বিবেচনা করে। এসব বিবেচনার পরও কোম্পানিগুলো বছরের তৃতীয়াংশে আর্থিক ক্ষতির বিষয়টি স্বীকার করেছে। গবেষণা দেখা গেছে, জিল্লো এই কোম্পানির চেয়ে ভবিষ্যৎ মূল্য বিবেচনা করে অধিক দামে বাড়ির মূল্য নির্ধারণ করেছে।

জিল্লো বিগত ২০১৮ সালে অনলাইনে ফিল্পিং ব্যবসা শুরু করে। জেস্টিমেটের মাধ্যমে আগামী কয়েক মাসে বাড়ি মূল্য নির্ধারণ করে বাড়ির মালিকদের নগদ অর্থ প্রদান করে। বাড়ি সংস্কার করে নির্ধারিত মূল্যে বিক্রির ক্ষেত্রে জিল্লো মাত্র দুই শতাংশ সার্ভিস চার্জ নেয়ার চুক্তিবদ্ধ হয়। বাড়ির মূল্য নির্ধারণের এই প্রক্রিয়া সম্পূর্ণ তথ্যভিত্তিক। প্রথমদিকে জেস্টিমেট দুই শতাংশ সমন্বয় করা হয়। পরবর্তীতে বাড়ির ফটোগ্রাফি, অভ্যন্তরীণ অবস্থা, ল্যান্ড স্কেপিং এবং অবস্থানও বিবেচনা করা হয়। এখন জিল্লু গ্রুপ শতাধিক বাড়ি মূল্য বিশ্লেষণকারী নিয়োগ করে, যারা বাড়ি মূল্য নির্ধারণে ভূমিকা পালন করে। বাড়ির মালিককে মূল্যের অতিরিক্ত অর্থ প্রদান ঠেকাতে এদের নিয়োগ দেয়া হয়। মহামারির কারণে বাড়ি বাজার অস্থিতিশীল হয়ে ওঠে। এর ভবিষ্যত অনুমান করাও কঠিন হয়ে পড়ে। একইসাথে বাড়ির ক্রেতারা তাঁদের চাহিদা পরিবর্তন করতে থাকেন। এসব কারণে জিল্লো'র বাড়ি অনলাইনভিত্তিক ফ্লিপিং ব্যবসা শংকায় পড়ে। চলতি বছরের দ্বিতীয়ার্ধে জিল্লো প্রায় ৩,৮০০টি বাড়ি কেনে, বছরের তৃতীয়াংশে যার পরিমাণ দাঁড়িয়েছে ৯,৬৮০টি বাড়ি। এসব বাড়ির সংস্কারে প্রয়োজনীয় লোকবল নিয়োগ করা দূরুহ হয়ে পড়ে। ফলে বাড়ি বাজারে অধিক সময় অবিক্রিত থাকে। জিল্লো কোম্পানিকে ইন্স্যুরেন্স ও দায়-সুদ প্রদান করে যেতে হয়। আবার গ্রীষ্মের ক্রয়কৃত বাড়ি শীতের কম ব্যস্ত সময়ে বিক্রি করার প্রয়োজন হয়ে পড়ে। অন্যদিকে, জিল্লু বাজার মূল্যের চেয়ে কমপক্ষে ৭ শতাংশ বেশি মূল্যে বাড়ি কেনে। বাড়ির বিক্রেতা আকৃষ্ট করতে নানা আকর্ষণীয় মূল্য প্রস্তাব করে। আরেক তথ্য অনুযায়ী, আরিজোনা অঙ্গরাজ্যের ফিনিক্স শহরে গত সেপ্টেম্বরে জিল্লো বাড়ি গড় মূল্যের চেয়ে ৬৫,০০০ ডলার বেশি মূল্যে বাড়ি কিনেছে। অন্যদিকে জিল্লো গ্রুপ অধিকত বাড়িসমূহ কমপক্ষে সাড়ে ৪ শতাংশ কম মূল্যে বিক্রি হয়েছে। বছরের শেষে এই হার কমপক্ষে ৫ থেকে ৭ শতাংশ পর্যন্ত কমে যাবে। যার অর্থ দাঁড়ায়, কোম্পানি শতকরা ৫ থেকে ৭ শতাংশ ক্ষতিতে বাড়ি বিক্রি করছে। বছরের শুরুর দিকে রমরমা ব্যবসা চলতি বছরের শেষাংশে এসে বন্ধ করে দিতে বাধ্য হয়েছে।

গত সপ্তাহে জিল্লো তার অবিক্রিত প্রায় দুই হাজার বাড়ি রেন্টাল প্রপার্টি হিসেবে ভাড়া প্রদানের জন্য একটি ইনভেস্টমেন্ট কোম্পানির সাথে চুক্তিবদ্ধ হয়েছে। রিয়েল এস্টেটে এক জাতীয় স্থানীয় ব্যবসা। অনেকেই কিছু মূলধন নিয়ে ব্যবসা শুরু করে দেয়। পরবর্তীতে হার্ড মানি লন্ডারিং করে চূড়ান্ত ঝুঁকি গ্রহণ করে। রিয়েল এস্টেট নিশ্চিত বিনিয়োগ। কিন্তু প্রয়োজনীয় বিষয়গুলো অবশ্যই যাচাই করতে হবে। বাজারমূল্যের বাইরে অতিলোভের আশায় ঝুঁকি গ্রহণ করা ঠিক নয়। দেখে, শুনে, বুঝে বিনিয়োগ করাই শ্রেয়।

# ইতিহাস সৃষ্টি করলেন কমলা

**উত্তর আমেরিকা ডেস্ক**

যুক্তরাষ্ট্রের ভাইস প্রেসিডেন্ট হয়েই ইতিহাস সৃষ্টি করেছিলেন কমলা হ্যারিস। আবারও ইতিহাস সৃষ্টি করলেন তিনি। এবার প্রেসিডেন্ট হলেন কমলা হ্যারিস। এই প্রথম কোনো নারী যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের ক্ষমতা পেলেন।

যুক্তরাজ্যের গণমাধ্যম বিবিসির খবরে বলা হয়েছে, মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা অংশ হিসেবে গতকাল শুক্রবার কোলোনোস্কপি করা হয়। এ সময় প্রেসিডেনশিয়াল ক্ষমতা দেওয়া হয়েছিল কমলাকে। ৫৭ বছর বয়সী কমলা প্রেসিডেন্ট হয়েছিলেন ৮৫ মিনিটের জন্য।

জো বাইডেনের যখন কোলোনোস্কপি করা হচ্ছিল, তখন তাঁকে চেতনানাশক দেওয়া হয়। তাই তিনি ক্ষমতা হস্তান্তর করেছিলেন কমলার কাছে। এ চিকিৎসা কার্যক্রম শেষে বাইডেনের চিকিৎসক কেভিন ও'কনর এক বিবৃতিতে বলেন, তাঁর স্বাস্থ্যের অবস্থা এখন ঠিকঠাক। তিনি এখন নিয়মিত দায়িত্ব পালনের জন্য প্রস্তুত।

বাইডেনের ৭৯তম জন্মবার্ষিকীর ঠিক আগের দিন তাঁর স্বাস্থ্য পরীক্ষা করা হলো। এদিকে কমলা হ্যারিস দায়িত্ব পাওয়ার পর তিনি প্রেসিডেন্টের কার্যালয় ব্যবহার করেননি। তিনি নিজ কার্যালয় হোয়াইট হাউসের ওয়েস্ট উইং থেকেই এ দায়িত্ব পালন করেছেন। তবে তিনি ঠিক কী কী কাজ করেছেন এই ৮৫ মিনিটে, তা জানা যায়নি।


ভাইস প্রেসিডেন্ট হয়ে ইতিহাস সৃষ্টি করেছেন কমলা হ্যারিস

কমলা হ্যারিসের দায়িত্ব পালন প্রসঙ্গে হোয়াইট হাউসের প্রেস সেক্রেটারি জেন সাকি বলেন, স্বল্প সময়ের জন্য কমলা যে দায়িত্ব পেয়েছেন, তা অবিশ্বাস্য নয়। যুক্তরাষ্ট্রের সংবিধান এ সুযোগ রেখেছে এবং নিয়মিত কার্যপ্রক্রিয়ার অংশ হিসেবে এটা করা হয়েছে। তিনি আরও বলেন, এর আগে ২০০২ ও ২০০৭ সালে সাবেক মার্কিন প্রেসিডেন্ট জর্জ ডব্লিউ বুশের আমলে এমন ক্ষমতা হস্তান্তর করা হয়েছিল।

যুক্তরাষ্ট্রের ইতিহাসের সবচেয়ে বয়স্ক বর্তমান প্রেসিডেন্ট জো বাইডেন। এর আগে ২০১৯ সালে তাঁর পূর্ণাঙ্গ স্বাস্থ্য পরীক্ষা করা হয়েছিল। গতকাল দায়িত্বে ফেরার পর তিনি বলেন, 'আমি বেশ ভালো অনুভব করছি।'

# ক্রেডিট কার্ডের ব্যবহার জানুন

**আসিফ মোক্তাদির**

আমেরিকায় বাড়িঘর, গাড়ি, ইলেকট্রনিক ডিভাইস ইত্যাদি কিস্তি কিংবা লোনে কেনার জন্য ক্রেডিট কার্ড অনেক সহায়ক ভূমিকা পালন করে। একসাথে নগদ অর্থ দিয়ে অনেকেই বাড়িঘর, গাড়ি কিংবা ইলেকট্রনিক ডিভাইস কেনার সামর্থ্য রাখেন না। আবার অনেকে একসাথে এত নগদ অর্থ ব্যয় করার পক্ষে না। কিন্তু ক্রেডিট কার্ডের ব্যবহার নাগরিক জীবন সহজ করে দিয়েছে। ক্রেডিট কার্ড ব্যবহার করে যেকোন কিছু কেনার পর প্রতিমাসে কিস্তি আকারে বকেয়া অর্থ পরিশোধ করতে হয়। এতে একসাথে এত অর্থ ব্যয় না করে মাসে মাসে প্রদান করার ফলে অনেকের কাছে বাড়তি চাপ পড়ে না। কিন্তু চাইলেই যেকেউ এ ধরনের সুবিধা নিতে পারে না।

বাড়িঘর কেনার জন্য ব্যাংক থেকে মর্টগেজ কিংবা গাড়ি কেনার সময় লোন প্রদানকারী প্রতিষ্ঠান আপনার ক্রেডিট কার্ড যাছাই-বাছাই করে আপনি লোনের জন্য উপযুক্ত কিনা তা সিদ্ধান্ত নিয়ে থাকে। ক্রেডিট কার্ড ছাড়াও আপনার উপার্জনের উৎসসহ আরো কিছু বিষয়ের ওপর নজর রাখা হয়।

অনেকেই সঠিকভাবে ক্রেডিট কার্ড ব্যবহার করতে পারেন না। তাই তাঁরা এসব সুবিধা থেকে বঞ্চিত হয়ে থাকেন। ভালো ক্রেডিট স্কোর থাকা অত্যন্ত জরুরি। বিভিন্ন নিয়ামকের ওপর ভিত্তি করে ক্রেডিট কার্ড প্রদানকারী প্রতিষ্ঠান ক্রেডিট স্কোর প্রদান করে থাকে। সঠিক সময়ে ক্রেডিট কার্ডের বকেয়া অর্থ পরিশোধ, কি পরিমাণ ক্রেডিট কার্ড ব্যবহার করা হচ্ছে ইত্যাদি বিষয়ের ওপর খেয়াল রাখা হয়। অনেকেই সঠিক সময়ে বকেয়া অর্থ পরিশোধ করতে ভুলে যান। এতে তাঁদের ক্রেডিট স্কোরের ওপর নেতিবাচক প্রভাব পড়ে। আবার অনেকে একইসাথে অনেক প্রতিষ্ঠানের ক্রেডিট কার্ড ব্যবহার এবং মাত্রাতিরিক্ত ক্রেডিট কার্ড ব্যবহার করার ফলেও নেতিবাচক প্রভাব পড়ে। অনেকেই এসব বিষয় না জানার ফলে ভালো ক্রেডিট স্কোর বজায় রাখতে পারেন না। এজন্য কয়েকটি বিষয়ের ওপর খেয়াল রাখলে ভালো স্কোর বজায় রাখা সম্ভব।




ক্রেডিট প্রদানকারী প্রতিষ্ঠান কতটুকু ক্রেডিট ব্যবহার করা যাবে এজন্য একটা লিমিট ঠিক করে দেয়। বিশেষজ্ঞদের মতে, মোট ক্রেডিট লিমিটের ৩০ শতাংশের মধ্যে খরচ করা ভালো। ঘন ঘন নতুন ক্রেডিট কার্ডের জন্য আবেদন এবং ক্রেডিট লিমিট বাড়ানোর জন্য আবেদন না করাই ভালো। কারণ এতে ক্রেডিট প্রদানকারী প্রতিষ্ঠান মনে করে আপনার বেশি ক্রেডিটের প্রয়োজন এবং এজন্য ক্রেডিট স্কোরের ওপর নেতিবাচক প্রভাব পড়ে।

সঠিক সময়ে ক্রেডিট কার্ডের বকেয়া অর্থ পরিশোধ করা অত্যন্ত জরুরি। বকেয়া অর্থ পরিশোধ করতে বিলম্ব হলে শুধু অতিরিক্ত সুদ প্রদান করা নয়, তা ক্রেডিট স্কোরের ওপরও খারাপ প্রভাব ফেলে। সঠিক সময়ে বকেয়া অর্থ পরিশোধ করতে যাতে ভুলে না যান সেজন্য অটো-পেমেন্ট চালু করে রাখা যেতে পারে।

সঠিকভাবে ক্রেডিট কার্ড ব্যবহার করলে গাড়ি, বাড়ি, ঘরের আসবাবপত্রসহ অন্যান্য যেকোন জিনিসই কেনা সহজ হয়ে যায়। কিন্তু যুক্তরাষ্ট্রে বসবাসকারী অনেক বাংলাদেশি সঠিক উপায়ে ক্রেডিট কার্ডের ব্যবহার না জানায় অনেক সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হয়ে থাকেন। সঠিক সময়ে বকেয়া অর্থ পরিশোধ না করায় অনেকেরই ক্রেডিট স্কোর কম থাকে। যার ফলে বাড়িঘর কিংবা গাড়ি কিনতে গেলে ঋণ পেতে সমস্যা হয়। আর ঋণ পেলেও উচ্চ সুদ প্রদান করতে হয়। ক্রেডিট কার্ড সম্পর্কে যাদের ধারণা কম তাদের উচিত বিশেষজ্ঞদের কাছে থেকে ধারণা নেয়া। প্রয়োজনে বাংলাদেশি কমিউনিটিতে এর ওপর সেমিনার আয়োজন করেও সচেতনা বৃদ্ধি করা যেতে পারে।

# অস্থায়ীভাবে সরকারী কর্মচারীদের জন্য শিক্ষা ঋণ ক্ষমার কর্মসুচী বর্ধিত হয়েছে

**রাজুব ভৌমিক**

করোনা মহামারিকালীন শিক্ষা ঋণ সহযোগিতার মেয়াদ শেষ হওয়ার পথে। তাই বহু শিক্ষার্থী ঋণগ্রহীতা এ ঋণ থেকে ক্ষমা পাওয়ার উপায় খুঁজে বের করার চেষ্টা করছেন। গত ২২ মাস ধরে কংগ্রেস, প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এবং প্রেসিডেন্ট জো বাইডেনের কারণে কোনও বাধ্যতামূলক ফেডারেল স্টুডেন্ট লোন পেমেন্ট, ফেডারেল স্টুডেন্ট লোনের ওপর ০% সুদের হার এবং ডিফল্ট স্টুডেন্ট লোন সংগ্রহ করা হয়নি। জানা যায়, আগামী বছর থেকে ফেডারেল স্টুডেন্ট লোন পেমেন্ট নিয়মিতভাবে নেয়া হবে। এদিকে সম্প্রতি বাইডেন প্রশাসন অস্থায়ীভাবে সরকারী কর্মচারীদের জন্য ছাত্র ঋণ ক্ষমা প্রোগ্রাম প্রসারিত করে। পাবলিক সার্ভিস লোন ফরগভিনেস প্রোগ্রামের এই অস্থায়ী সম্প্রসারণের কারণে যেসব প্রাক্তন শিক্ষার্থী গত ১০ বছর সময়মতো পেমেন্ট করেছেন তাঁদের অনেকে বকেয়া ফেডারেল ছাত্র ঋণ থেকে মুক্তি পাবেন। বাইডেন প্রশাসনের এই পদক্ষেপ সাড়ে পাঁচ লাখেরও বেশি প্রাক্তন শিক্ষার্থীর ঋণ সম্পূর্ণ বাতিলের কাছাকাছি নিয়ে আসবে, যার মধ্যে ২২ হাজার ছাত্র-ছাত্রী অবিলম্বে তাঁদের ঋণ থেকে পুরোপুরি মুক্তি পাবেন। শিক্ষা সেক্রেটারি মিগুয়েল কার্ডোনা বলেন, 'ঋণ গ্রহীতারা যাঁরা তাঁদের জীবনের এক দশক জনসেবায় উৎসর্গ করেছেন তাঁদের পাবলিক সার্ভিস লোন মাফ হবার সিস্টেমটি চালু রাখা উচিত।' তিনি আরো বলেন, 'এই সিস্টেমটি আজ পর্যন্ত সেই প্রতিশ্রুতির মান দিতে পারেনি। যাঁরা তাঁদের সমাজ এবং তাঁদের দেশের জন্য প্রতিনিয়ত সেবা করে যাচ্ছেন তাঁদের জন্য আমাদের প্রতিশ্রুতি আরও শক্ত হওয়া উচিত। তবে পাবলিক সার্ভিস লোন ফরগভিনেস প্রোগ্রামের এই অস্থায়ী সম্প্রসারণ সে প্রতিশ্রুতি রাখতে সাহায্য করবে।'




অস্থায়ীভাবে ছাত্র ঋণ ক্ষমার প্রথম ধাপে এই সপ্তাহে সরকারি হাজার হাজার কর্মচারীর ঋণ মুছে গেল। যুক্তরাষ্ট্রের শিক্ষা বিভাগের দেয়া তথ্য অনুযায়ী আনুমানিক ৩০ হাজার প্রাক্তন ছাত্র-ছাত্রী এবং সরকারি কর্মচারীকে এই ঋণ ত্রাণ সম্পর্কে অবহিত করা হয়েছে। শিক্ষা বিভাগ আরো বলেছে, বাকিদের আগামী সপ্তাহ থেকে এই ত্রাণ সম্পর্কে অবহিত করা হবে। সরকারি কর্মকর্তাদের মধ্যে শুধু শিক্ষক, পুলিশ কর্মকর্তা এবং সেবিকাদের মধ্যে এই অস্থায়ী ক্ষমা প্রযোজ্য হবে বলে জানা যায়।

# চার্লস ডারউইনের স্লিপার



**ড. আসমা অন্বেষা**

অভিযানে বেরিয়েছেন তরুণ চার্লস ডারউইন। পাহাড়ী পথের ধারে দেখতে পেলেন রাশি রাশি রঙিন পেঙ্গুইন নেমে আসছে পাহাড় থেকে। ভালো করে লক্ষ্য করে দেখলেন এগুলো এক ধরনের পাহাড়ী ফুল। চিলি থেকে আর্জেন্টিনা বরাবর আন্দিজ পর্বতের শিখড়ে এবং নিচে প্যান্টাগোনিয়া পর্যন্ত এই অদ্ভুত সুন্দর ফুলগুলোকে প্রথম আবিষ্কার করেন চার্লস ডারউইন(Charles Darwin) যখন তিনি সাউথ আমেরিকাতে প্রথম অভিযান করেন। সে কারণেই এই ফুলের নাম রাখা হয় 'ডারউইনস স্লিপার ফুল' (Darwins Slipper Flower)।

চার্লস ডারউইন ছিলেন একজন ব্রিটিশ জীববিজ্ঞানী। তিনিই প্রথম বিবর্তনবাদের (Evolution) ধারণা দেন। এইচএমএস বিগলের (HMS Beagle) দ্বিতীয় সমুদ্রযাত্রা পরিচালিত হয় ক্যাপ্টেন রবার্ট ফিটজরয়ের নেতৃত্বে। এই যাত্রায় প্রকৃতিবিদ হিসেবে অংশ নিয়েছিলেন তরুণ চার্লস ডারউইন। ২৭ ডিসেম্বর, ১৮৩১ সনে শুরু হয়ে এ সমুদ্রযাত্রা প্রায় পাঁচ বছর চলে এবং ডারউইন এর প্রায় পুরোটা সময় ডাঙ্গায় ভূতাত্ত্বিক ও প্রাকৃতিক ইতিহাস সংগ্রহ করে কাটান। এই যাত্রায়ই তিনি বিবর্তনবাদের ভিত রচনা করেন। যাত্রার বর্ণনা এবং অভিজ্ঞতা নিয়ে ডারউইন একটি বই লেখেন, যার নাম 'দি ভয়েজ অব দি বিগল' (The Voyage of the Beagle)। বিগলের ভ্রমণকাহিনী প্রকাশিত হলে তা তাঁকে জনপ্রিয় লেখকের খ্যাতি এনে দেয়।

প্রথমে এই প্রজাতিকে চার্লস ডারউইনের সম্মানে ক্যালসিওলারিয়া ডারউইনি (Calceolaria darwinii) নামে নামকরণ করা হয়। পরে ধীরে ধীরে নামটি চাপা পড়ে যায় এবং পুনরায় নাম দেয়া হয় ক্যালসিওলারিয়া ইউনিফ্লোরা (Calceolaria uniflora)। এই নামটিই পরে স্থায়িত্ব লাভ করে। যদিও এদের বৈজ্ঞানিক নাম Calceolaria uniflora. কিন্তু এদের কমন নাম বা ইংরেজি নাম 'ডারউইনের স্লিপার ফ্লাওয়ার' (Darwin's Slipper Flower) নামেই এরা বেশি পরিচিত। এই গাছকে হ্যাপি এলিয়েন প্ল্যান্টও (The Happy Alien plant) বলা হয়, দেখতে অনেকটা এলিয়েনের মতো বলে। কারও কারও কাছে মনে হয়েছে লাল-হলুদে মেশানো একদল পেঙ্গুইনের সারি যেন পাহাড়ী উঁচু-নিচু পথ ধরে মার্চ করে চলেছে। ক্যালসিওলারিয়া (Calceolaria) জেনাসের সকল প্রজাতির গাছকেই স্লিপার ফ্লাওয়ার বলে। সাউথ আমেরিকার টিয়েরা ডেল ফুয়েগো এলাকাতে পাওয়া যায় এই গাছ। অদ্ভুত ধরনের চিরসবুজ গাছ। পেরেনিয়াল বা বহুবর্ষজীবী উদ্ভিদ। জেনাস ক্যালসিওলারিয়া শব্দের অর্থ হলো ছোট্ট জুতা, যা মনে করিয়ে দেয় স্লিপার আকৃতির ফুলকে। বেশ দর্শনীয় এই ফুল। এই জেনাসের অন্যান্য প্রজাতি থেকে ক্যালসিওলারিয়া ইউনিফ্লোরা অনেকটা ভিন্ন প্রকৃতির। এই প্রজাতি প্রায় এলিয়েনের মতো দেখতে লাল এবং হলুদ রঙের ফুল তৈরি করে। এর সাথে থাকে উজ্জ্বল সাদা রঙের একটি ট্রের মতো অংশ, যা থাকে এদের নিচের ঠোঁটের ওপর। এই সাদা অংশের কি কোন বিশেষত্ব বা ভূমিকা আছে এদের বেঁচে থাকার জন্য? ডারউইনের স্লিপার ফুল উইন্টার-হার্ডি উদ্ভিদ। এরা ঠাণ্ডায় বেঁচে থাকতে পছন্দ করে। ক্যালসিওলারিয়া ইউনিফ্লোরাকে কোল্ড-ক্লাইমেট পাহাড়ী প্রজাতি বলে। প্রায় দক্ষিণ মেরুর কাছাকাছি এলাকায় পাওয়া যায় এদের। পাহাড়ী এলাকায় পানির ড্রেইনিং সিস্টেম ভালো। এরা পানি জমে থাকা অঞ্চলে বাঁচতে পারে না। এদের সাধারণ আবাসস্থল হলো সমুদ্রতীর, নদীর বালু-তীরে অথবা রকি পাহাড়ে বা পাহাড়ের চূড়ায়। গাছগুলোর আগমন হয়েছে দক্ষিণ আমেরিকার শেষপ্রান্ত থেকে, যা এন্টার্কটিকা থেকে খুব বেশি দূরে নয়। সেখানে সারাবছর ধরেই তাপমাত্রা বেশ কম থাকে। এটি একটি সম্পূর্ণ উদ্ভিদ। ফুল, ফল, বীজ সবই তৈরি করে। অন্যান্য পাহাড়ী গাছের মতো এদের শিকড় বেশি গভীর হয় না। আশপাশ বিস্তৃত শিকড় খুব শক্তভাবে মাটি আঁকড়ে থাকে। গাছগুলো ৪-৫ ইঞ্চির বেশি লম্বা হয় না মাটি থেকে। ফুলগুলো প্রায় ২ ইঞ্চি লম্বা হয়। পুরো সামারেই এই গাছে ফুল ফুটে থাকে। জিহ্বার আকৃতির সবুজ পাতাগুলো গোলাপের পাপড়ির মতো সাজানো থাকে। এর ভিতর থেকে লম্বা চিকন ডাঁটা বের হয়ে আসে। ডাঁটার সাথে ফুলগুলো ঝুলে থাকে। ফুলগুলো সাধারণত লাল-হলুদ রঙের হয়। এর সাথে ফুলগুলোর গলার কাছে থাকে সাদা রঙের ট্রে। হঠাৎ করে দেখলে মনে হতে পারে ট্রে হাতে একজন এলিয়েন ওয়েটার বা একজন বাদাম বিক্রেতা। এই গাছ ছোট ছোট পটেও ভালোভাবে জন্মাতে পারে। এই গাছের জন্য ড্রেইনিং সিস্টেম ভালো হওয়া দরকার হয়। বেলে মাটিতে, বিশেষ করে অর্ধেক মাটি এবং অর্ধেক বালু মেশানো মাটিতে ভালো জন্মাতে পারে। অন্যান্য পাহাড়ি উদ্ভিদের মতোই এদের শ্যালো রুট সিস্টেম থাকাতে সব সময় খেয়াল রাখতে হবে যাতে পটের মাটির পানি শুকিয়ে না যায়। এরা সূর্যের আলো বেশ পছন্দ করে। কিন্তু দুপুরের তীব্র আলো থেকে এদেরকে সরিয়ে রাখাই ভালো।

ডারউইনের স্লিপার ফুলের পরাগায়ন পদ্ধতি খুবই ইউনিক। এই জেনাসের প্রায় সব উদ্ভিদই মৌমাছি দ্বারা পরাগায়িত হয়। এদেরকে সাধারণত Oil Bees বা তেল-মৌমাছি বলে। এই জেনাসের বেশিরভাগ ফুলেই রোম থাকে। এই রোম থেকে এক ধরনের তেল নিঃসৃত হয়, যা স্ত্রী মৌমাছি খেতে খুব পছন্দ করে। এই তেলের কারণেই মৌমাছিরা ছুটে যায় ফুলের কাছে এবং পরাগায়ন করে। পাহাড়ের অনেক উপরের দিকে জন্মানো Calceolaria uniflora প্রজাতির ফুলে পরাগায়নের জন্য তেল সংগ্রহকারী এই মৌমাছি পাওয়া বেশ দুষ্কর। এত উপরে, এত বেশি ঠাণ্ডাতে এবং রূঢ় আবহাওয়াতে অনেক পোকাই বাঁচতে পারে না। কে তাহলে পরাগায়নের কাজ করে এসব উঁচু পাহাড়ের শৃঙ্গে জন্মানো পাহাড়ী ফুলের? মৌমাছি বা পোকার অভাবে এই ফুলকে পাখির পরাগায়নের ওপর নির্ভর করতে হয়। এক ধরনের ছোট্ট পাখি এই ফুলের পরাগায়ন করে থাকে। পাখি-পরাগায়নের কথা ভাবলেই আমাদের হামিং বার্ড অথবা হানি-ইটার পাখির কথা মনে হয়। সীড-স্নাইপ (Seedsnipe) নামে আরেক ধরনের ছোট্ট পাখি আছে যারা এই পাহাড়ী এলাকায় ঘুরে বেড়ায়। এই ছোট্ট পাখিগুলো গাছের ফুল-পাতা খেয়ে বেঁচে থাকে। এরাই এই প্রজাতির ফুলের পরাগায়ন করে থাকে। এরা এদের সময়ের বড় একটা অংশ ব্যয় করে পাহাড়ে পাহাড়ে এদের খাবার খুঁজে খুঁজে। গবেষকরা খেয়াল করে দেখেছেন যে সমস্ত ডারউইনের স্লিপার গাছ এই সমস্ত পাখির আবাসস্থলের আশপাশে জন্মায় সেই সমস্ত গাছের ফুলের অনেক বেশি ড্যামেজ হয়ে থাকে। বিশেষ করে এদের নিচের দিকের ঠোঁটের পাশে ঝুলে থাকা সাদা ব্যান্ডের মতো অংশটিতে। প্রকৃতপক্ষে বেশিরভাগ সময় এই সাদা অংশের পুরোটাই খেয়ে ফেলে সীড-স্নাইপ পাখিরা। যখন পরাগায়নের সময় হয় তখন এই সীড-স্নাইপ পাখিরা নিয়মিত এই গাছগুলোর আশপাশে ঘোরাফেরা করে এবং ফুলের মুখের কাছের এই সাদা অংশ খায়। যখন এই সীড-স্নাইপ পাখিরা ঠুকরে ঠুকরে ফুলের সাদা অংশ খেতে থাকে তখন সীড-স্নাইপ পাখির মাথার সাথে ফুলের পরাগধানীতে এবং গর্ভমুণ্ডে ঝাঁকি লাগে। এতে পরাগ রেণু পাখির মাথার ওপর ছড়িয়ে পড়ে। একই সাথে পরাগরেণু গর্ভমুণ্ডের ওপরেও ঝরে পড়ে বা পাখির মাথায় লেগে থাকা পরাগরেণু গর্ভমুণ্ডের সাথে লেগে যায়। এভাবেই ডারউইনের স্লিপার ফুলের পরাগায়ন হয়ে থাকে।

প্রশ্ন থেকেছে বিজ্ঞানীদের মনে, কেন পাখিরা ফুলের শুধু এই সাদা অংশটিই খায়? কি পায় তারা এর মধ্যে? গবেষকেরা ল্যাবরেটরিতে পরীক্ষা করে দেখেছেন যে, এই সাদা অংশে চিনির পরিমাণ খুব বেশি থাকে। এখান থেকে সীড-স্নাইপ পাখিরা খুব সহজেই চিনি-সমৃদ্ধ মিষ্টি খাবার পেয়ে যায়, যা পাহাড়ী এলাকায় বেঁচে থাকার জন্য হয়ত তাদের প্রয়োজন হয়। প্রকৃতি কী অদ্ভুত নিয়মের ভেতর দিয়ে তার সৃষ্টিকে রক্ষা করে চলেছে। খুব ভালো করে পর্যবেক্ষণ না করা পর্যন্ত আমরা বুঝতেও পারি না আমরা প্রকৃতির কাছে কতটা ঋণী থেকে যাই প্রতিনিয়ত।

# অবাঞ্ছিত

**সুচন্দ্রা মুখার্জী**

গল্প



রাতের মায়াবী আলোর বন্যায় ভেসে যাচ্ছে রূপোলী আলোয় মোড়া শহর সিঙ্গাপুর। সাতাশতলা আবাসনের ব্যালকনিতে দাঁড়িয়ে বিভোর হয়ে সুরমা দেখছিল জ্যোৎস্নাধোয়া রাতটাকে। তখনই দুটি নবজাত শিশুর কান্নায় সচকিত হয়ে ছুটে গেল ঘরে। নিজের শিশুকন্যা আর অন্যজন তার নাতনি; এই পরিবারের সাম্রাজ্যের রাণী। অনেক আদরে সোহাগে যত্নে বৈভবের আশ্বাসনে রিয়ার নাড়িছেঁড়া ধন টিকলি!

কিছু অঘোষিত অঘটন জীবনের অজান্তেই ঘটে যায়। পরপর তিনটি প্রাপ্তবয়স্ক সন্তানের জননী সুরমার কোনো এক অসতর্ক মুহূর্তে গর্ভসঞ্চার হলো আর তার বীভৎস পরিণতি এই বয়সে পুনরায় মা হওয়া। গর্ভপাত সম্ভব ছিল না রক্তাল্পতার জন্য তাই কোলে এল ক্ষীণকায় অপুষ্টিতে ভোগা এক কন্যাসন্তান।

আসন্নপ্রসবা বড় মেয়ে রিয়ার সন্তানকে দেখাশোনা করবার অভিপ্রায় নিয়ে এসেছিল, কিন্তু নিজেই মা হয়ে বসল; বেওয়ারিশ ধিক্কার আর অহর্নিশি গঞ্জনা! রিয়া মাকে লাঞ্ছিত করে প্রতিপদে, 'ছিঃ ছিঃ ছিঃ মা লজ্জা করেনা? এই বয়সে কি বাচ্চা হতে আছে?' ঘৃণায় সবাই মুখ ফিরিয়ে নিয়েছে। ছেলেমেয়েদের তীব্র বিতৃষ্ণা, স্বামীও বীতশ্রদ্ধ? অবাঞ্ছিত অনাহুত এই বাচ্চাটা কেন জন্ম নিল? বিবর্ণ এই অশ্রুগুলো আজ বড় বেহায়া, যেন সেধে বিষপান করেছে সুরমা! সূর্যটাও লজ্জায় আরক্ত হয়। বানভাসি চাঁদ আলো না ফেলে ছোবল মারে। রক্তে নিগূঢ় গ্রন্থিতে নাড়ির টান এনে দিয়েছে নাভিশ্বাসের যন্ত্রণা! সুরমা ছুটে গিয়ে নাতনীকে কোলে নিল, অথচ নিজের শিশুকন্যার ক্ষীণ চিৎকার তাকে তো বিচলিত করেনা! এক আকাশ কান্না আঁচলের তলায় লুকিয়ে রাখে, অভিমান জমিয়ে রাখে মেঘের কাছে।

জামাই প্রবীর একটু রাত করে বাড়ি ফেরে। রিয়া জিজ্ঞেস করে,

-দেরী হলো যে? প্রবীর তীর্যক মন্তব্য করে
-আমার প্রিয় শালীর জন্য বেবী ফুড কিনতে গিছলাম।
বিদ্রুপাত্মক হাসি হেসে রিয়া বললো,
-কালে কালে কতই যে হলো, পুলিপিঠের ল্যাজ গজালো! বলে দুজনেই হেসে গড়িয়ে পড়লো! অপমানের তীর বিঁধলো সুরমার দগ্ধ হৃদয়ে।

সুরমার শুষ্ক স্তনের দুটো খয়েরি বোঁটা চুষে বাচ্চাটি ক্লান্ত, দুধ পায় না। কৌটোর দুধ খেতেও চায় না। রিয়ার স্তনযুগল যেন দুগ্ধস্রোতা স্রোতস্বিনী। টিকলি প্রাণভরে মায়ের দুধ টানে আর দিনদিন হৃষ্টপুষ্ট হয়ে উঠছে।

সুরমার স্বামী নিয়মিত ফোনে খবর নেয়। সংসারের সদস্যদের কথা, খুঁটিনাটি জেনে নেয় কিন্তু নিজের নবজাত কন্যার কথা ভুলেও জিজ্ঞেস করে না। সুরমা সাধ করে ওর নাম রেখেছে দিয়া। রিয়া, প্রিয়া অরিত্রর বাইশ বছর পর আবার গর্ভধারণ! দিয়া।

রিয়া অগ্নিমুর্তি হয়ে বলে
-খবর্দার মা আমাদের সঙ্গে মিলিয়ে তুমি ওর নাম রাখবে না। কোথা থেকে আপদ এসে জুটেছে? মাতৃত্বর পরিবর্তে রিয়া যে খুবলে খেয়েছে মমতার মাংসপিণ্ড! বাচ্চাটা খিদেতে আকুল হয়ে ছেঁড়া কাঁথায় শুয়ে কাঁদছে। রিয়া স্বামীর সঙ্গে নাইট ক্লাবে গেছে। টিকলিও কাঁদছে। সুরমা বিনি পয়সার পরিচারিকা হয়ে এখানে এসেছে নাতনির পরিচর্যা করতে। কেন এই শাসন আর শোষণ? ছুটে গেল সুরমা নিজের বাচ্চার কাছে। হু হু করে কেঁদে ভাসিয়ে দিল সব পুঞ্জীভূত অভিমান। বেদনার রক্তক্ষরণ!

বাচ্চাটা মিটমিট করে মায়ের দিকে তাকিয়ে আছে। মা দেখছে অপলক দৃষ্টিতে মেয়ের দিকে চেয়ে। বুকে জড়িয়ে আবেগে সে যে আপ্লুত। কাঁপা গলায় বললে,
-আমার সোনা চাঁদের কণা বুকের মাণিক আমার! তুই বাঁচবি...তোর ও তো বাঁচার অধিকার আছে; আমি সারাজীবন তোর আছি....।

কোমল তুলতুলে তুলোর মত শরীর ওর! আদর করতে ইচ্ছে করে, কিন্তু বড় অপুষ্ট আর শীর্ণ যে! বুকের ভিতর পাথর চেপে বসেছে। কত অসহায়। আহা কত দুর্বল ওর মা? এই পৃথিবীতে কেউ ওকে চায় না। কেউ ভালোবাসে না। তবুও পারবে কি একটা অনাহুত শিশুর অস্তিত্ব মিটিয়ে দিতে? হিংস্র বাঘিনীর থাবায় এই নিষ্ঠুর সমাজ ওর নরম তুলোর শরীরে কি পারবে দিতে নখের আঁচড়?

শিশু যে স্রষ্টার শ্রেষ্ঠ অবদান। হিম অনলে কেন বসন্তকে লুকাবে সুরমা? প্রাপ্তি অপ্রাপ্তির সমীকরণে পাওয়াকে আগলে রাখবে, ঊষর প্রান্তরে বৃষ্টি নামিয়ে আনবে; নুড়িপাথরের নীচে নদীর এক আঁজলা জল হৃদয় কুঠুরিতে ধরে রাখবে।

বুকের ভাঁজে লুকিয়ে আছে মাতৃত্ব। রন্ধ্রে রন্ধ্রে কাঁপন তোলে শুকনো পাতার মর্মর। উষ্ণতার মোম গলানো ভালোবাসার উম। ধীরে ধীরে তখন আলগা হয়ে যায় সমাজ সংসার বিধি-নিষেধের বাঁধন। ও এসেছে দাবীদার হয়ে, আড়ালে ঢাকা সূর্যর জৌলুশ কে তো আর অমাবস্যা ঠেলে দিতে পারে না। শৈবালেই তো বেড়ে ওঠে সবুজ পাতার সজীব ক্লোরোফিল। ও জয়ী হোক জীবনসংগ্রামে।

আবার বুক ঠেলে কেন কান্না এল সুরমার। রিয়ার বাচ্চাটা একা ঘরে কেঁদে উঠেছে। কিন্তু ওদিকে কর্ণপাত করে না সুরমা। মাতৃত্বের দায় এখন আর এড়াতে পারবে না। পারবে না নিজের সন্তানকে দূরে ঠেলে দিয়ে অন্যর বাচ্চাকে আদরে সোহাগে বুকে টেনে নিতে। নদী তো খড়কুটো আঁকড়ে রাখে না। খরস্রোতা নদীর তীব্র প্রবাহে ভেসে গেছে রিয়ার সন্তানের জন্য দায়সারা কর্তব্যবোধ। ভোর হয়ে এল। সূর্যের কুসুম আলোর এক চিলতে বিচ্ছুরণ জানালা দিয়ে এসে শিশুর মুখের ওপর পড়েছে। ও তখনও মায়ের শুকনো স্তনে একফোঁটা দুধের আস্বাদন খুঁজছে।



*কবির মনে উদিত ভাবের প্রকাশ কেবল তাঁর কবিতায়ই ঘটেনা, গদ্য-পদ্য, প্রবন্ধ-নিবন্ধ, গল্পেও ঘটে। ভাব অনুসারে প্রকাশের জন্য কবি/লেখক আশ্রয় নেন ছন্দের বা কাল্পনিক ও বাস্তবতার সংমিশ্রণে গঠিত কোন ঘটনা, চরিত্র ও পটভূমির। তাঁদের লেখায় উঠে আসে শিউলি ঝরা শরতের মেঘশূন্য নীলাকাশ, ঝরে পড়া শীর্ণ পাতাদের কথোপকথন, কখনোবা জীবনের গল্প। এই প্রাণময়তা মুগ্ধ করে কবি, লেখক, পাঠকদের। আমাদের প্রচেষ্টা সেই সব কবি-লেখকের সুষমামণ্ডিত লেখাকে পাঠকের সামনে উপস্থিত করা। অব্যাহত থাকবে আমাদের সেই প্রচেষ্টা, ‘উত্তরের সাহিত্য’ পাতা প্রকাশের মধ্যে দিয়ে।*

**এইচ বি রীতা**

# একটি আন্দোলন এবং ভালোবাসা

**সোহানা নাজনীন**



সময়টা নব্বইয়ের শেষের দিকে, পুরো বছর জুড়েই চলছিল আন্দোলন। স্বৈরশাসনের বিরুদ্ধে ফুঁসে উঠেছিল পুরো দেশ, প্রায়ই ধাওয়া খেয়ে বাড়ি ফিরতে হত।

গণ-আন্দোলনে ঢাকা তখন উত্তাল এক নগরী, কিন্তু সবকিছুর আড়ালে আমি স্বাভাবিক নিয়মে প্রেমে পড়ে গেছি এক মেধাবী সুদর্শন তরুণের। দিনরাত এক হয়ে গেছে, আমার পৃথিবীও তখন উন্মাতাল। লেখাপড়ায় মন বসাতে পারতাম না, সব মনোনিবেশ ছাপিয়ে শুধু ওই তরুণের মুখ, তার চোখের গভীরে ঝাঁপ দিয়ে মরার ইচ্ছা জাগতো। দু'দিন ক্যাম্পাসে যেতে না পারলে যেন দম আটকে যেত, ডাঙায় তোলা মাছের মতো ছটফটিয়ে উঠতাম। কেউ কাউকে স্পষ্ট ভাষায় স্বীকারোক্তি দেইনি কিন্তু অনুভূতিতে বুঝে নিয়েছি দু'জন দু'জনকে।

তখন অনার্সের প্রথম বর্ষের লিখিত পরীক্ষা শেষ, শুধু সাবসিডিয়ারি পরীক্ষাগুলো বাকি। নভেম্বরের দশ তারিখে ছিল শেষ ম্যাথ সাবসিডিয়ারি পরীক্ষা, সন্ধ্যার অনেক আগেই পরীক্ষা শেষ হবার কথা তাই ছেলেটাকে আসতে বলেছিলাম, একসাথে অনেকক্ষণ গল্প করবো বলে।

পরীক্ষা শেষে কার্জন হলের রয়েল বিল্ডিং থেকে বের হয়ে দেখি সামনের ইউক্যালিপটাস গাছের নিচে মামুন দাঁড়িয়ে। ফোলা ফাঁপা উলের অফ হোয়াইট সোয়েটার গায়ে, মুখে লাজুক হাসি নিয়ে আমার জন্যে অপেক্ষমান। এটা ভাবতেই মনটা ভরে গেল যে একজন সুদর্শন তরুণ, যার নজরবন্দি হতে চাইবে অনেক তরুণী, সে কিনা আমার জন্য অপেক্ষা করছে। তাও হাতে ক্যাডবেরিজের চকলেট নিয়ে! কেউ দেখার আগেই আমি তড়িঘড়ি সিঁড়ি দিয়ে নেমে বললাম,

-চলো অন্য দিকে যাই, এখানে খুব চেনা মানুষের ভিড়, ফজলুল হক হলের পুকুরপাড়ের ওদিকটায় বেশ নিরিবিলি।

দু'জনে হাঁটছি, ওইদিন যে সচিবালয় ঘেরাও হবার কথা তা নিয়ে যেন আমাদের কোন উদ্বেগ নেই। আমরা তখন নিজেদের সুখ স্বার্থপরের মতো উপভোগ করছি। নিজেদের মধ্যে যে আন্দোলন শুরু হয়েছে, তার শেষ দেখায় ব্যস্ত। মামুন কে “সুরঞ্জনা” কবিতাটা লিখে আনতে বলেছিলাম, সে পুরো বই নিয়ে হাজির। বইয়ের চেহারা দেখেই বুঝলাম তাদের পরিবারে যেমনি আছে বইপ্রীতি, তেমনি জানা আছে তার কদর।

মামুন কাগজের টুকরো দিয়ে মার্ক করে রাখা পাতাটা খুব সাবধানে খুলে পড়তে

শুরু করলো। আমার কাছে সেটা ছিল সর্বশ্রেষ্ঠ আবৃত্তি। মুখের ভিতরে গলে যাওয়া বাদামী ক্যাডবেরীজের মোহনীয় স্বাদ নিয়ে আমরা কবিতা শুনতে শুনতে শহীদুল্লাহ হলের পুকুর পেরিয়ে ক্যান্টিনের দিকে চলে আসলাম। হেঁটে যাবার সময় আমার অস্থির হাত পাশে ছেঁটে রাখা ঝোপের মতো গাছ ছুঁয়ে যাচ্ছিল, আর তাতেই ঘটলো বিপত্তি। আচমকা ডান হাতের আঙুলে শুঁয়োপোকার হুল জড়িয়ে গেল। ব্যথায় ককিয়ে উঠতেই মামুন আমার কঞ্চির মতো হাতের কব্জি চেপে ধরলো।

আরো অবাক করে দিয়ে আঙুলগুলো নিজের হাতে তুলে নিল। এরকম অদ্ভুত ঘটনায় আমি স্তম্ভিত।

-আরে, চামড়ায় বিচ্ছুর হুল লাগলে ডলতে হয় নাকি?

-হ্যাঁ, তুমি জানো না?

-আমিতো অন্যরকম জানি, আমাদের বুয়া বলে হুল লাগলে চুন লাগাতে হয় না হলে মাথার চুলে মুছতে হয়।

মামুন কিছুটা অপ্রস্তুত হয়ে আমার হাত ছেড়ে দিল। আমি লজ্জায় মাথা নীচু করে চুপচাপ আবারো হাঁটতে শুরু করলাম। এস.এম হলের পিছনের গেট দিয়ে যখন ঢাকা মেডিক্যালের দিকের রাস্তায় বের হলাম, তখন বুঝলাম বাইরে এতোক্ষণ কী চলছিল! বিকেলের পড়ন্ত রোদের হলুদ আলোয় মানুষগুলো দিগ্বিদিক এদিক-ওদিক দৌড়াচ্ছে। শুনলাম সচিবালয় ঘেরাও হয়েছে, মৎস্য ভবন, নিউমার্কেট, কাঁটাবন এদিকের সব রাস্তা বন্ধ। বাংলা একাডেমির সামনে দু'একটা গাড়ি পোড়ানো হয়েছে। নূর হোসেন নামে একজন মারাও গিয়েছে। এখন কী হবে? কোন রাস্তা দিয়ে বাড়ি ফিরবো? মা নিশ্চয় উৎকণ্ঠায় বসে থাকবেন।

আমার মুখের মলিন চেহারা পড়ে নিল মামুন। তারপর আবারো খপ করে ডান হাতটা নিজের হাতের মুঠোয় তুলে নিলো।

-চিন্তা করছো কেন? ভয় নেই, আমি তোমাকে পৌঁছে দেব।

আমি তার কথায় উত্তর দেইনি সেদিন। তার উষ্ণ হাতের মুঠোয় আমার আঙুলগুলো সেদিন বুঝেছিল, কেউ একজন আছে আমার জন্যে, ভালো-মন্দ মিলিয়ে যে আমাকে ভালোবাসে। উনিশ ছুই ছুই বয়সে ভালোবাসা ছুঁয়েছিল তখন, সজনে পাতার মতো তিরতির করে কেঁপেছিল মনটা। মৈত্রী হল পার হয়ে বাংলাদেশ রাইফেলসের ভিতর দিয়ে রিকশা করে দুজনে বেরিয়ে এলাম। সারা শহরময় মিছিল বেরিয়েছে। নূর হোসেন নামক একজনকে মেরে ফেলা হয়েছে, যার খোলা পিঠে সাদা কালিতে লেখা ছিল ‘স্বৈরাচার নিপাত যাক, গণতন্ত্র মুক্তি পাক’।

রিকশা তখন হু হু করে ছুটছে নজরুল ইসলাম অ্যাভিনিউ ধরে, শীতের শুরুতে বাতাসে পোড়া টায়ারের গন্ধ। আমি গ্রাফিক্স আর্টস কলেজের গেটের কাছে নেমে গেলাম, এর বেশি সামনে যাওয়া ঠিক হবে না।

-একটু দাঁড়াও! আরেকটা জিনিস আছে তোমার জন্যে।

শান্তি নিকেতনী ব্যাগের ভিতর থেকে একটা বড়সড় আইস্ক্রিমের বাক্স বের হল। বাক্সটা খুলতেই দুটো সতেজ হলুদ আর কমলা রঙের গোলাপ বের হয়ে আসলো, সযত্নে কাঁটাগুলো আগে থেকেই কেটে রাখা।

-আমাদের ছাদের বাগানের প্রথম গোলাপ।

আমি কোন কথা বলতে পারিনি, অতি আবেগে আমি চুপ হয়ে যাই, কথা খুঁজে পাই না। অনুভূতিগুলো প্রগাঢ় ভাবে মনের ভেতর ভাসতে থাকে, কিন্তু আমি প্রকাশের পথ পাই না। প্রতি মুহূর্তে টের পাচ্ছি আমি ধরা পড়ে যাচ্ছি ভালোবাসার ঘেরাটোপে। সব আন্দোলনেই থাকে শোকের মাতম, থাকে বিজয়ের মিছিল। ভয়ঙ্কর সে দিনে বাড়ি ফিরেছিলাম পরম নিরাপত্তায়। এক যুবক আমাকে দুহাতে আগলে রেখে নিরাপদে বাড়ি পৌঁছে দিয়েছিল, গোলাপের কাঁটা হাতে ফুঁটবে দেখে আগে থেকেই সাবধান হয়েছিল। পা টিপে টিপে আসা নভেম্বরের হালকা শীতে আমি শুয়ে টের পাই ঢাকা শহর ডুবে যাচ্ছে নানান অস্থিরতায়। রাতের খবরে দেখেছি নূর হোসেনের ছবি, খোলা পিঠে সাদা অক্ষরে লেখা ‘গণতন্ত্র মুক্তি পাক’ আর বুকে লেখা ছিল ‘স্বৈরাচার নিপাত যাক’।

স্বৈরাচারের একটা বুলেটেই থেমে গিয়েছিল নূর হোসেন।



# পরিণতি

**দিনা ফেরদৌস**

আজ শান্তার সাথে মিলাদের বিয়ে না হয়ে এলিনার সাথে হতে পারতো, যদি শান্তাদের মতো এলিনার পিতাও বিত্তশালী হতো।

পপির বিয়েতে মিলাদের সাথে সেদিন প্রথম চোখাচোখিতেই এলিনা বুঝেতে পেরেছিল, মিলাদ তার প্রেমে পড়েছে। পপি, এলিনা, শান্তা সেই ক্লাস নাইন থেকে একই স্কুলে পড়ে। অনার্স পাস করেই পপি বিয়ের পিড়িতে নিশ্চিন্তে বসতে পেরেছিল। কারণ এলিনার মতো কোন চাপ ছিল না পড়াশোনা শেষ করে চাকরি ধরার। বিয়ে নিয়েই ছিল তার যতো স্বপ্ন।

দেখতে মোটামুটি হলেও সে জানতো তার পিতা যেহেতু বিত্তশালী, তার জন্যে রাজপুত্রই আসবে। পপি, শান্তা কেউই দেখতে এলিনার মতো সুন্দরী না হলেও গাড়ি, দালান বাড়ি, পোশাক, সামাজিক স্ট্যাটাস সব মিলিয়ে তাদের সুন্দরী হওয়ার পার্সেন্টেজ ছিল এলিনার চেয়ে বেশি। তাইতো সেদিন শান্তার এতো আত্মবিশ্বাস ছিল যে, মিলাদ তার দিকেই তাকাচ্ছে।

শান্তার দিকে মিলাদের দুইবার চোখ যেতেই শান্তা এলিনাকে দেখিয়ে বলল; ‘দেখ দেখ এলিনা! ছেলেটা কিভাবে আমাকে দেখছে!’

এলিনার দিকে বহুক্ষণ সে তাকাচ্ছে বুঝেও বলল, ‘তাই? খেয়াল করিনি।’

সঙ্গে সঙ্গে শান্তা বলল; ‘তুই তো সব সময়ই হাঁদারাম। আশেপাশের কোন দিকে কি হচ্ছে খেয়াল থাকে না।’

এলিনা ভাবছে, ‘আসলেই তাই, হিসাব নিকাশের বাইরে আমি কোন দিকে খেয়াল করতেও চাই না। দারিদ্রতা এমন এক কষ্ট, ভেতরে বাইরে সব দিক দিয়ে গুটিয়ে রাখে।’

শান্তা দুই দুই বার মিলাদের দিকে তাকিয়ে হাসলো, মিলাদও হাসলো।

বিয়ের সপ্তাহখানেক পর পপি তাদের বাসায় এলিনাকে দেখা করতে বলেছিল। গিয়ে যখন দেখলো পপির বরের সাথে মিলাদও এসেছে, তখন ভাল লাগলেও কিছুটা ভয় কাজ করছিল এলিনার। এলিনাকে দেখেই যখন পপি গলা জড়িয়ে ধরে তার রুমে নিয়ে গিয়ে বলল, মিলাদ তার প্রেমে পড়েছে, এলিনা অবাক হল। বলল; ‘আমি তো দেখলাম ছেলেটি শান্তার দিকে তাকিয়ে হাসছে?’

পপি বলল; ‘শান্তা বুদ্ধিমতি তোদের ব্যাপারটা বুঝেই সে মিলাদের দিকে তাকিয়ে হেসেছে।’

এলিনা বলল ‘তুই জানলি কিভাবে?’

পপি বলল, ‘মিলাদই বলেছে।’

বন্ধু মিলাদ এলিনার প্রেমে পড়েছে জেনেই পাকা ব্যবসায়ী পপির বর সুলতান পপির কাছ থেকে এলিনাদের পরিবারের সব খবর নিয়েছে । পপির বর যখন জানলো এলিনা দারিদ্র পরিবারের মেয়ে, তারা চার বোন, বাবা মারা গেছেন সেই ছোট বেলায়। তারপর থেকে মা কোন রকমে সেলাই করে সংসার চালান, আর বোনেরা টিউশনি করে নিজেদের পড়াশোনার খরচ চালায়, তখন মিলাদ কিছু বলার আগেই সুলতানই বেঁকে বসেছিল এলিনা আর মিলাদের মাঝখানে।

পপিদের বাসায় দেখা হওয়ার পর একদিন এলিনা মিলাদের ফোন পেল। ফোন পেয়ে এলিনা যেমন আশ্চর্য হয়েছিল, তেমনি খুশিও হয়েছিল। সেদিন থেকেই দুই-তিনদিন পর পর তাদের ফোনে কথা, তারপর প্রতিদিন দুইবার করে কথা, সপ্তাহে একদিন করে দেখা করা চলতে থাকে। এইভাবেই প্রেম আগাতে আগাতে কবে যে এক বছর চলে গেলো দুজনের, কেউই টের পেল না।

মিলাদ যে পপির বরের কাছ থেকে এলিনাদের পরিবারের সব কিছু জেনেছে তা তার আচরণ থেকেই বুঝতে পেরেছিল এলিনা। কোথাও খেতে গেলে জোর করে বিল দিত মিলাদ, বহু না করা সত্ত্বেও দামী দামী গিফট দিয়ে এলিনাকে কিছু দিতে বারণ করত, যা দরকার সে চেয়ে নেবে বলে কমদামী জিনিস পছন্দ করে চেয়ে নিত।

মিলাদের উপর এতোটা ভরসা করেছিল এলিনা যে কল্পনাই করতে পারেনি মিলাদ হঠাৎ করে যোগাযোগ বিচ্ছিন্ন করে দিতে পারে। মিলাদের সাথে ফোনে যোগাযোগ করতে না পেরে এলিনার যখন দম বন্ধ হয়ে আসছিল, তখন মিলাদ নিজে থেকেই একদিন ফোন করে জানালো যে, তার পরিবারের লোকজন জেনে গেছে তাদের সম্পর্কের কথা। পপির বরই জানিয়ে দিয়েছে তার বউয়ের বান্ধবীর সাথে মিলাদের সম্পর্ক চলছে।

মিলাদের পরিবারের দৃঢ় বিশ্বাস পপির বান্ধবী নিশ্চয়ই পপিদের পরিবারের মতোই খানদানিওয়ালা বড় ঘরের মেয়ে হবে। মিলাদের মায়ের ইচ্ছা মেয়েকে একদিন দেখে আসবেন, তারপর পরিবারের সাথে চেনাজানার পর বিয়ের ব্যাপারে ভাববেন।

কথাটা শুনার পর থেকেই মিলাদ চিন্তায় আছে। এ নিয়ে সুলতানের সাথে কথা কাটাকাটিও হয়েছে। কিন্তু সুলাতানের কথা, প্রেম করতে পারলে বলতে পারবি না কেনো? আর মিলাদের কথা পারিবারিক ব্যবসায় বাইরে সে নিজে সম্পূর্ণ আলাদা কিছু একটা করে তবেই নিজের পছন্দের কথা জানাবে পরিবারে, তখন কেউ আপত্তি করতে পারবে না।

হঠাৎ একদিন মিলাদের মা পপিকে এসে জানালেন, তিনি তার বান্ধবীর বাসায় যেতে চান। পপি কিছু বুঝে উঠার আগেই সুলতান বলল, যাও না খালাম্মাকে নিয়ে একটু শান্তাদের বাসায় ঘুরে আসো। পপি এদিকে ভাবছিল, এলিনাদের ছোট্ট টিনের ঘরের দুই রুমের বাসায় কিভাবে মিলাদের মাকে নিয়ে যাবে, মিলাদের পরিবার কতো পয়সাওয়ালা। তাই সে শান্তাদের বাসায়ই নিয়ে গেল।

এদিকে শান্তার বাবাও বড় ব্যবসায়ী মিলাদের পরিবারর থেকে কম না, বিশাল বড় বিল্ডিং শান্তাদের। শান্তাও পরিবারের একমাত্র মেয়ে, শান্তার বড় ভাই আমেরিকা থাকেন বউ-বাচ্চা নিয়ে।

শান্তাদের বাসায় গিয়ে বিশাল আয়োজন দেখে পপির মনে হলো শান্তারা সবাই আগে থেকেই ব্যাপারটা জানতো।

শেষে পপি জেনেছে, এই সব কিছুই ছিল তার বরের প্ল্যান করা। সুলতানের এতোটা বারাবাড়ি পপির পছন্দ না হলেও কিছু বলতে পারলো না। মিলাদের মা শান্তাদের সামাজিক স্ট্যাটাস, বাড়ি, গাড়ি, আর্থিক স্বচ্ছলতা দেখে ভীষণ খুশি হয়ে পপিকে বললেন, ‘মিলাদ আমাদের বললেই পারতো এই মেয়েকে বিয়ে করতে চায়, বার বার কেন যে সময় চাচ্ছিল বুঝি না, আমাদের মতো খানদানি ঘরের মেয়েকে তার পছন্দ বললে তো কোন আপত্তি থাকার কথা নয়।’

পপির কাছ থেকেই পরে এলিনা এই সবকিছু জেনেছে। পপির বরের কড়া ভাবে নিষেধ কোনদিন যেন মিলাদ আর এলিনার সম্পর্কের কথা শান্তা বা মিলাদের পরিবারে জানাজানি না হয়। শান্তা মিলাদকে পছন্দ করে জেনেই এলিনা নিজেও গোপন রেখেছিল মিলাদের সাথে তার সম্পর্কের কথা। তাই শান্তাও জানতো না তাদের সম্পর্কের কথা।

এলিনা এখন বুঝে বড়লোকদের সাথে গরীবদের বন্ধুত্ব হয় না। সামাজিক স্ট্যাটাস সমানে সমান হলেই তবে বন্ধুত্ব হয়, তা না হলে বড়লোক বন্ধুর উপহাসের পাত্র হতে হয়।

পপি, শান্তা সব সময় তাকে হাঁদারাম বলে ডাকতো, যদিও সে সব বুঝতো কিন্তু এই ভুল ভাঙাতে ইচ্ছে হতো না।

কাল শান্তার সাথে মহা ধুমধামে মিলাদের বিয়ে হচ্ছে। আজ সকালে শান্তা কয়েকবার ফোন দিয়েছে এলিনাকে, বরের বাড়ি থেকে কি কি উপহার এসেছে, কতটুকু গহনা দিয়েছে, তার বাবাও কি কি দিচ্ছেন সেইসব দেখে যেতে। বলেছে গায়ে হলুদে থাকতে।

শান্তা বলেই যাচ্ছে, মিলাদ প্রতিরাতে ফোনে দুষ্টমি করে তার সাথে, কি কি কথা বলে, যা শুনলে তার লজ্জা লাগে ভালোও লাগে, সে কি উত্তর দেয়..ইত্যাদি।

পানচিনির রাতে হঠাৎ শান্তাকে বেলকনিতে নিয়ে মিলাদের চুমু খাওয়ার ঘটনার কথা বলতে বলতে মনে হচ্ছিল সুখ-লজ্জায় লাল হয়ে যাচ্ছিল শান্তা।

এদিকে ফোনের ওপাশে কান্নার জলে সাঁতার কাটছে এলিনা।



# তুমি এলে

**খায়রুন নাহার চোধুরী**

মাত্র বিকেল পাঁচটা বাজে। সন্ধ্যা হতে এখনও অনেক বাকি। এরই মধ্যে চারদিক অন্ধকার করে হুড়মুড়িয়ে বৃষ্টি নামল। আজ সকাল থেকেই সারাটা দিন থেমে থেমে বৃষ্টি হচ্ছিল। মেঘনা দৌড়ে গিয়ে জানালাগুলো বন্ধ করল। বারান্দা থেকে শুকনো কাপড় তুলতে তুলতে অনেকটাই ভিজে গেল। আজ মেঘনা বাসায় একেবারে একলা। রহিমার মা ছুটি নিয়ে দুদিনের জন্য মেয়ের বাড়িতে গেছে আর সেলিম অফিস থেকে ফিরতে ফিরতে রাত আটটার মতো বেজে যাবে। দশ মিনিটের ভিতরে বজ্রপাতসহ মুষলধারায় বৃষ্টি শুরু হলো। আজ মেঘলা ডিনারের জন্য ইলিশ পোলাউ রেঁধেছে। সেলিমের খুব পছন্দ ইলিশ পোলাউ | সবগুলো ঘরের বাতি জ্বালিয়ে পর্দা টেনে বসার ঘরের জানালাটার পর্দা সরিয়ে কেবল বসেছে, তখনই বেল বেজে উঠল! পরপর তিনবার বেল সাধারণত সেলিমই বাজায়। ঘড়ির দিকে তাকিয়ে ভুরু কুঁচকে মনে মনে ভাবল, আজ এই অবেলায় চলে আসলো! তড়িঘড়ি করে দরজা খুলে দিতেই বিশাল এক ধাক্কা খেলো! তাঁর সামনে দাঁড়িয়ে আছে আনিস! ভিজে একেবারে জুবুথুবু। আনিস নিজেও অবাক হয়ে তাকিয়ে আছে! প্রথম কথা মেঘনাই বলল,তুমি?

আনিস আমতা আমতা করে বলল, পাশের ফ্ল্যাটে তার কাজিন থাকে। হুট করে না জানিয়ে এসে বিপদে পড়েছে। এসে দেখে বাসায় কেউ নেই। কিছুক্ষণ বেল টেপার পর সরাসরি তার কাজিনকে কল দেয়াতে, ওরাই বলল পাশের সেলিম সাহেবের ফ্ল্যাটে একটা চাবি রাখা আছে, সেটা নিয়ে ঘরে ঢুকতে। ওরা কিছুক্ষণের মধ্যেই আসছে।

মেঘনা মলিন একটা হাসি দিয়ে বলল, ভেতরে এসো আনিস। তোমার অবস্থা শোচনীয়! আগে বৃষ্টির পানিটা মুছে নাও।

আনিস কিছুটা ইতস্তত করে মেঘনার পিছুপিছু ডাইনিং রুমে এসে দাঁড়ালো। ওয়াশ | রুম দেখিয়ে দিলো মেঘনা, আনিস ওয়াশ রুমে ঢুকে তোয়ালে নিয়ে নিজেকে মোটামুটি ফ্রেশ করে ফিরে এসে মেঘনাদের ড্রইং রুমে বসতে বসতে বিশাল জানলাটা প্রশংসা করল। বৃষ্টি উপভোগ করার জন্য আদর্শ স্থান বলে মন্তব্য করল। বৃষ্টির জোর বেড়েই চলছে। মেঘনা এক ফাঁকে রান্নাঘরে গিয়ে কফির পানি চড়িয়ে এসে আনিসের কুশলাদি জিজ্ঞেস করল। আনিস ইউনিভার্সিটির তুখোড় ছাত্র ছিল। খুব ভালো মানুষ বলতে যা বুঝায় একদম ঠিক তেমন একজন । দুজন দুজনকে খুব পছন্দ করত। মাস্টার্স পড়া অবস্থায় আনিসের স্কলারশিপ হয়ে যাওয়ায় আনিস কানাডা চলে গেল । আনিসের শিক্ষিকা মা তাঁর বাবা হারা একমাত্র সন্তানকে বুকে আগলে মানুষ করেছেন। আনিস পড়াশোনায় মনোযোগী হওয়ায় ছোটবেলা থেকে ভালো রেজাল্ট করে আসছে। ছেলের ভবিষ্যতের কথা চিন্তা করে তিনি ছেলেকে বিদেশে পড়তে যাওয়ার অনুমতি দিলেন এবং সাথে এটাও বললেন, পড়াশোনা শেষ করে পারলে দেশে ফিরে এসো বাবা । মা ছেলে মিলে সব গোছগাছ। করলেন, টিকিটও কাটা হয়ে গেছে। মেঘনার সাথে দেখা করে বিদায় নিতে গেল। ওঁরা তাঁদের প্রিয় রমনা পার্কের ভিতরে একটা রেস্টুরেন্টে দেখা করতে গিয়েছিল। সবুজ অরণ্যে ঘেরা নিরিবিলি এই জায়গাটা দুজনের খুবই পছন্দ। মেঘনা রেস্টুরেন্টে এসে দেখে আনিস তখনও আসেনি। ঘড়ির দিকে তাকিয়ে মনে মনে বললো, সময়মতোই তো এসেছে। আনিসের দেরী তো কখনও হয় না,আজ দেরীর কারণ কি হতে পারে? এর মধ্যে চারিদিক অন্ধকার করে বৃষ্টি শুরু হল । শ্রাবণ মাসটাই এমন কথা নেই বার্তা নেই। | যখন তখন বৃষ্টি শুরু হবেই! আজ সারাদিন বলতে গেলে টাপুর টুপুর চলছে। এক কাপ কফির অর্ডার দিয়ে টেবিলে বসতে না বসতেই আনিস এসে ঢুকলো। মেঘনা আনিসের কাকভেজা অবস্থা দেখে ফিক করে হেসে দিল । রে স্টুরেন্টের বয় দৌড়ে এসে একটা তোয়ালে দিয়ে গেল, বেচারা আনিস নিজেকে কোনমতে শুকানোর বৃথা চেষ্টা করল কিছুক্ষণ। মেঘনা ততক্ষণে আরো এক কাপ কফি আর কিছু খাবারের অর্ডার করল। চেয়ার টেনে বসতে বসতে আনিস সুর তুলে বলল, " তোমার জন্য মরতে পারি ও সুন্দরী তুমি গলার মালা" এটা একটা এডের জিংগেল।

মেঘনা হেসে বলল, তাই বুঝি! আমার জন্য মরতে হবে না। বরং বেঁচে থাক যুগ যুগ!

বেয়ারা এসে জিজ্ঞেস করল কফি কি আগেই দেবে না খাবারের সাথে? মেঘনা বলল, এখনই দিন, খাবারের পরে আবার দেবেন।

বলার সাথেই সাথেই কফির মগ নিয়ে আসল। মনে হয় তৈরি করেই রেখেছিল। শুধু অনুমতি নিতে এসেছিল। ওরা হয়ত জানে জোড়ায় জোড়ায় আসলে কখন কি দিতে হয়। অভিজ্ঞতা আসলেই বিরাট বিষয়। কফিতে চুমুক দিতে দিতে আনিস নিজের চেয়ার মেঘনার কাছাকাছি টেনে এনে বসল। বাইরে তখন তুমুল বৃষ্টি। মাঝে মাঝে মেঘের গর্জন! মেঘনা উদাস চোখে কাঁচের দেয়ালের ওপাশে তাকিয়ে দেখছিল রমনার অপূর্ব দৃশ্য! আনিস আলতো করে মেঘনার হাত ধরে বলল, এমনি করে যদি সারাটা জীবন কাটিয়ে দেয়া যেত, খুব ভালো হতো, তাই না?

মেঘনা হেসে দিয়ে বলল, সারাজীবন পার্কের রেস্টুরেন্টে!

আনিস খেয়াল করল মেঘনা হাত সরাচ্ছে। তখন হাতে একটু চাপ দিয়ে বলল, আমার তো যাওয়ার দিন-তারিখ ঠিক হয়ে গেছে। আগামী পরশু ফ্লাইট, তুমি কি আমার জন্য অপেক্ষা করবে?

মেঘনা আনিসের চোখের দিকে তাকিয়ে বলল, করতে চাই।

আনিসের জন্য একটা গিফট নিয়ে এসেছিল। মেঘনা,এতক্ষণ কেউই সেটা খেয়াল করেনি। প্যাকেটটা খুলে গিফটা হাতে দিয়ে বলল, আজ থেকে এই ঘড়িটা হাতে পড়বে তুমি। যখনই ঘড়িতে সময় দেখবে তখনই স্মরণ করবে একজন তোমার অপেক্ষায় দিন গুনছে।

ঘড়িটা আনিসের বেশ পছন্দ হলো। নিজের ঘড়ি খুলে গিফটের ঘড়িটা পরে নিল। আনিস বলল, এবার তুমি চোখ বন্ধ কর, তোমাকে একটা উপহার দেব, তবে লজ্জা লাগছে।

মেঘনা বলল, লজ্জাজনক কিছু দেয়ায় দরকার নেই।

আনিস হুহু করে করে হেসে বলল, আচ্ছা থাক দরকার নেই।

মেঘনা কি ভেবে যেন বলল, আচ্ছা দাও বন্ধ করলাম চোখ।

ওঁদের ভবিষ্যৎ নিয়ে কথা বলার ফাঁকে খাবার পরিবেশন হলো, সময় নিয়ে দুজন খেল। আসলে একটু সময় একসাথে থাকতে চাইছিল দুজন। সন্ধ্যা গড়িয়ে অন্ধকার নেমেছে বৃষ্টি তখনো কমেনি। আনিস মেঘনাকে তার বাড়িতে নামিয়ে দিয়ে বিদায় নিয়ে বাসায় ফিরে গেল। সেই যে শেষ দেখা তারপর আজ পাঁচ বছর পর আবার দেখা হলো! আনিস কানাডা যাওয়ার পর নিয়মিত যোগাযাগ রেখেছিল। আনিসের মাও সেটা জানতেন। মেঘনার মাস্টার্সের পর পরই ওর বাবা স্ট্রোক করলেন। মেঘনা পরিবারের বড় মেয়ে। তারপরে আরও দুই বোন আছে। মেঘনাকে তাঁর মা-বাবা বিয়ের জন্য চাপ দিতে শুরু করলেন, সে রাজি হলো না। একটা স্কুলে চাকরি নিল ,প্রাইভেট পড়ান শুরু করল, যাতে পরিবারকে সহযোগিতা করা যায়। এভাবেই তিনটা বছর পার হবার পর একদিন আনিসের মায়ের কাছে গেলেন মেঘনার মা। বিয়ের নিয়ে খোলাখুলি আলাপ করলেন। মেয়ের বয়স হচ্ছে, বাবা অসুস্থ। আর কতদিন এভাবে অপেক্ষায় রাখবে আনিস? ছেলের যদি দেশে আসতে অসুবিধা থাকে, যদি আরও কিছু বছর দেরি হয়, তবে দয়া করে মেঘনাকে আপনারা বুঝিয়ে বলেন। ভালো বিয়ের আলাপ এসেছে আমরা ওর ভবিষ্যৎ নিয়ে খুবই চিন্তিত। মেঘনার বাবার শরীর দিনদিন খারাপের দিকে যাচ্ছে। আর মেয়েটাকে আটকে রাখবেন না। প্লিজ, বলে দুহাত জোড় করে মিনতি করলেন।

আনিসের মা বললেন, আমি নিজেও মধ্যবিত্ত পরিবারের মেয়ে, আমি আপনাদের কষ্ট বুঝতে পারছি, ছেলের সাথে কথা বলব। আপনি চিন্তা করবেন না। সেদিন রাতেই। মায়ের সাথে কথা বলার সময় সব জানাল আনিস। কিন্তু তারও সেই মুহূর্তে কিছু করার ছিল না। পিএইচডি শেষ করতে আরও প্রায় দুই বছরের মতো বাকি। ইউনিভার্সিটির ছোট একটা জব করে কোনমতে নিজের চলে যাচ্ছে। এখনই বিয়ে করা, দেশে আসা প্রায় অসম্ভব।

আনিসের মা ছেলেকে বললেন ,তবে তুমি মেঘনাকে বিস্তারিত জানিয়ে চিঠি দাও, মেয়েটাকে আর অপেক্ষায় রেখ না। মেঘনা এক সপ্তাহ পর দীর্ঘ চিঠি পেল আনিসের। আনিসের চিঠিগুলো অসংখ্য বার পড়ে মেঘনা। এই চিঠি একবারই পড়ল। একটুও চোখের জল ফেলল না। মেঘনা যখন চিঠিটা পড়ছিল, তখন ছোট বোন মোহনা পাশেই ছিল। চিঠি পড়া শেষে মোহনাকে চিঠিটা পড়তে বলল। মোহনা চিঠি পড়া শেষে বলল, আনিস ভাইকে ভুল বুঝ না আপা। সবাই পরিস্থিতির শিকার। তুমি কি এবার বিয়েতে মত দেবে?

মেঘনা কোন কথা বলল না, চুপচাপ একদৃষ্টিতে জানলার ওপাশে তাকিয়ে থাকল। ঠিক তার চার মাস পর এক সন্ধ্যায় পারিবারিক পছন্দে মেঘনার বিয়ে হয়ে গেল। ছেলে সুদর্শন, সরকারি কর্মকর্তা। নিজের ফ্ল্যাট, সম্মানজনক চাকরি। এই ছেলেকে না বলার কোনও কারণই নেই। বিয়ের পর বরের অমায়িক ব্যবহার আর ভালোবাসায় মেঘনা একটু একটু করে বরকে ভালোবাসতে শুরু করল। বিয়ের দুবছর হতে চলেছে। এখনও প্রথম দিনের মতো প্রেম! কফির গন্ধে মৌ মৌ করছে পুরো ঘর।

মেঘনা দৌড়ে গেল রান্না ঘরে, নিজের বানানো কেক আর দুকাপ কফি নিয়ে আসল। আনিসের দিকে এগিয়ে দিতে দিতে জিজ্ঞেস করল, তোমার পরিবারের কথা বল। মা কেমন আছেন? বউ কি কানাডিয়ান?

আনিস কফির কাপে চুমুক দিতে দিতে বলল, ইদানীং মায়ের শরীর খারাপ থাকে। নিয়ে যেতে এসেছি। কিন্তু মা যাবেন না। নিজের বাড়ি ছেড়ে এই বয়সে কোথাও নাকি মন টিকবে না। আর বউয়ের কথা জিজ্ঞেস করছো? উত্তর হলো বিয়ে করার সময় পাইনি এখনও।

পুরোনো বন্ধুদের খোঁজ নিল আনিস মেঘনার কাছ থেকে। কথায় কথায় সময় গড়িয়ে যাচ্ছিল। হঠাৎ মেঘনার মোবাইল বেজে উঠল সেলিম কল দিচ্ছে। মেঘনা বলল, আমার বর কল দিচ্ছেন। কথা বলে নেই।

বরের সাথে কথা শেষ করে আনিসের দিকে তাকিয়ে বলল, সেলিম নিচে দাঁড়িয়ে আছে। আমাকে নামতে বলেছে। কী জন্য জানি না। তুমি কফিটা শেষ করে যেও, আমি নিচে যাচ্ছি। তোমার সাথে এভাবে দেখা হবে কখনও স্বপ্নেও ভাবিনি।

আনিস বলল, তুমি কি আজও আমাকে ক্ষমা করনি মেঘনা?

মেঘনা বলল, যেদিন শেষ চিঠি পেলাম, সেদিনই ক্ষমা করেছি।

মেঘনা তাড়াতাড়ি করে নিচে নেমে এসে দেখে সেলিম গেটের বাইরে তাঁকেও ইশারায় আসতে বলল। বৃষ্টির অঝোর ধারায় সেলিমের ইচ্ছে করছে মেঘনাকে নিয়ে ভিজতে। কফির কাপটা হাত নিয়ে মেঘনাদের ড্রইংরুমের বিশাল জানালা থেকে আনিস মুগ্ধ দৃষ্টিতে তাঁদের বৃষ্টিতে ভেজার দৃশ্য দেখছিল। যার হাত ধরে বৃষ্টিতে ভিজার কথা ছিল আনিসের, আজ অন্য কেউ সেই হাত ধরে রেখেছে। কিছুক্ষণ পরে মেঘনা সেলিম ঘরে ফিরে এসে দ্রুত দুজন ফ্রেশ হলো। মেঘনা রাতের খাবার গরম করে টেবিলে লাগাতে লাগাতে সেলিমের সাথে এটা-সেটা নিয়ে কথা বলছিল। এক ফাঁকে সেলিম জিজ্ঞেস করল, বাসায় কি গেস্ট আসছিল?

আচমকা প্রশ্নটা শুনে মেঘনা ভয় পেয়ে গিয়ে সাথে সাথে বলল, না তো! কে আসবে এই ঝড়ের দিনে?

সেলিম আর কিছু জিজ্ঞেস করল না। খাওয়া দাওয়া শেষে দুজন কিছুক্ষণ টিভি দেখল। সেলিম মেঘনার হাতে একটা হাতঘড়ি দিয়ে বলল, মালিককে ফেরত দিও।

মেঘনা ঘড়িটা দেখে চমকে উঠল! এই ঘড়ি তাকে সেই আনিসকে উপহার দিয়েছিল।

সেলিম মেঘনার আহত চোখের দিকে তাকিয়ে বলল, মেঘনা তুমি বেডরুমের ওয়াশরুমে যাওয়ায় আমি তাড়াতাড়ি করে গেস্টরুমের ওয়াশরুমে ঢুকে পড়ি তখনই ঘড়িটা চোখে পড়ে। তারপর ড্রইংরুমে দুটো কফির কাপ দেখে মোটামুটি নিশ্চিত হই কোন গেস্ট এসেছিলেন।

এমন পরিস্থিতিতে কি বলবে বুঝতে পারছিল না মেঘনা। আস্তে করে বলল, তুমি যদি কিছু মনে কর তাই অস্বীকার করছিলাম। আজ হঠাৎ করে আনিসের সাথে দেখা হয়ে গেল। পাশের ফ্ল্যাটে ওর কাজিনের বাসায় এসেছিল। ওনারা ঘরে ছিলেন না। ফোন করে জেনেছে আমাদের বাসায় একটা চাবি রাখা আছে। আমি দরজা খুলে অবাক হয়েছি, বেচারা বৃষ্টিতে ভিজে যাওয়ায় আমি অনুরোধ করে গেস্ট বাথরুমে পাঠিয়েছিলাম। আর এক কাপ কফি খেয়ে যেতে বলেছিলাম।

কথাগুলো এক নিশ্বাসে বলতে বলতে মেঘনার গলা ধরে আসছিল। মেঘনার করুণ চোখের দিখে তাকিয়ে সেলিম বলল, আমি তোমাকে চিনি মেঘনা। তোমাকে সন্দেহ আমি কখনোই করব না। আমাকে মিথ্যে বলার কোন প্রয়োজন ছিল না। তুমি তাকে আর দাওয়াত করে আননি। ওনাকে আর দাওয়াত করলেও সমস্যা নেই। এখানে যে তোমার কোন অপরাধ নেই, সেটা বুঝবার মতো জ্ঞান আমার আছে।

মেঘনা সেলিমের বুকে মাথা রেখে অঝোরে কাঁদতে লাগল। সেলিম গভীর আলিঙ্গনে মেঘনাকে জড়িয়ে ধরল।

## অন্ধকার কারে কয়

**পিনাকী রঞ্জন মিত্র**

অন্ধকার দেখে তোমাকে আমাকে
অন্ধকার ভীষণই একা কেউ কিন্তু দেখে না ওকে ।
অন্ধকার যখন ভীষণ জেদী
আলো হয়ে জ্বলে উঠে অথবা
যখন সে প্রতিফলিত বা প্রতিসৃত আলো উদ্গিরণ করে
তখন সমস্ত অন্ধকার তার কাছ থেকে দূরে সরে যায়।
যে পোকা অন্ধকার দেখলে মুখ ঘুরিয়ে নেয় নিত্যদিন
সে ছুটে আসে আগুনের কাছে
আত্মাহূতি তার একমাত্র শান্তি
মহাশূন্যের পথে পাড়ি দিয়ে।
তাই হে অন্ধকার
আগুন জ্বালিয়ে দাও তোমার অন্তরে বাহিরে
তুমি তুষাগ্নি, জ্বলে ওঠো হোমশিখা ।
সৃষ্টি কর অন্ধকার ও আলোর মহামিলন, গোধূলি ঊষা।



আমেরিকায় নতুন এসেছেন- থেকে যেতে চান; পলেটিক্যাল এসাইলাম করবেন নাকি স্টুডেন্ট, এল১, ই২ ভিসা- কোনটা? এমপ্লয়মেন্ট-বেইজড-গ্রীনকার্ডও আছে। আমাদের সংগে কথা বলুন, বুঝুন আগে সবকিছু- তারপর যা হয় করুন।

বহু বছর যাবৎ আমেরিকায় আছেন কিন্তু নানা জটিলতা বা অনিচ্ছাকৃত ভুল-ভাল কাগজ বা তথ্যের কারণে আটকে রয়েছে আপনার প্রসেসিং। আপনার প্রয়োজন ওয়ার্ক পারমিট, সোসাল, ট্রাভেল ডকিউমেন্ট। এবং ফাইনালী গ্রীনকার্ড। এরপর সিটিজেনশীপ। যেখানেই সমস্যা সেখানেই সমাধানও।

যেভাবেই এদেশে এসে থাকুন, বি১বি২ বা এফ১এফ২, সি-১ ট্রানজিট বা মেক্সিকো বর্ডার দিয়ে ইন্সপেকশন ছাড়া- সব সমস্যারই সমাধান আছে। বিয়ের মাধ্যমে গ্রীনকার্ড পেয়েছেন কিন্তু স্পাউসের অসহযোগিতার কারণে 'কন্ডিশন' রিমোভ করতে পারছেন না, হুমকী খাচ্ছেন! অথবা, সিটিজেন বিয়ে করার পরও নানা কারণে-জটিলতায় গ্রীনকার্ড পাচ্ছেন না। আইন কিন্তু আপনারই পক্ষে, শুধুমাত্র সবকিছু বুঝতে হবে, সমস্যানুযায়ী সমাধান করতে হবে।

বাংলাদেশ থেকে স্পাউস-ভাই-বন্ধু-আত্মীয়কে আমেরিকায় আনতে চাচ্ছেন কিন্তু 'রাস্তা' খুঁজে পাচ্ছেন না! ইংরেজীতে সিটিজেনশীপ পরীক্ষা দিতে পারছেন না, অসুস্থ্য। এসব সমস্যারও সমাধান রয়েছে। ইমিগ্রেশনের প্রতিটি ধাপের প্রতিটি সমস্যা নিয়েই আমরা কাজ করি, সহযোগীতা করি।

নিউ ইয়র্কে রয়েছেন কিন্তু মেডিকেল ইন্সুরেন্স নেই ফ্রি চিকিৎসা সেবা পাচ্ছেন না! আমরা আছি- কোন অসুবিধে নেই। পেয়ে যাবেন ড্রাইভার লাইসেন্সও। ব্যাংক একাউন্ট, নতুন কোম্পানী, নিজের নামে ইআইএন সবই হবে।

আমরা সহযোগীতা করছি। সকল সমস্যারই সমাধান আছে।
কল করুন বা এসএমএস (টেক্সট) করুন (৭১৮) ৮৩৯-৫৮১২


GOLDEN AGE
HOME CARE
GOLDEN AGE HOME CARE
Licensed Home Health Care Agency
CDPAP Service
HHA/ PCA Service
Skilled Nursing
Most Popular Home Care Agency
প্রশিক্ষণ ছাড়াই ঘরে বসে
আপনজনকে সেবা দিয়ে
অর্থ উপার্জন করুন
MAKE MONEY BY SERVING
YOUR RELATIVES AT HOME
WITHOUT TRAINING
JACKSON HEIGHTS HEAD OFFICE
71-24 35th Avenue Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115
BRONX OFFICE
831 Burke Avenue
Bronx, NY 10467
Ph: 347-449-5983
Fax: 347-275-9834
BROOKLYN OFFICE
509 Mcdonald Ave
Brooklyn, NY 11218
Ph: 347-781-2778
Fax: 917-396-4115
JAMAICA OFFICE
164-05 Hillside Ave
Jamaica, NY 11432
Ph: 718-674-6002
Fax: 917-396-4115
Email: info@goldenagehomecare.com
www. goldenagehomecare.com
Shah Nawaz MBA
President & CEO
Ph: 646-591-8396


MHC
Marks Home Care
মার্কস্ হোম কেয়ার
Bronx
1232 Virginia Ave
Bronx, NY 10472
1514 Castle Hill Ave
Bronx, NY 10462
Brooklyn
413 Bay Ridge Ave
Brooklyn, NY 11220
219 Church Ave
Brooklyn, NY 11218
1122 Coney Island Ave
Suite 220 (2nd fl.)
Brooklyn, NY 11230
1208 Liberty Ave
Brooklyn, NY 11208
Queens
40-04 Junction Blvd
Corona, NY 11368
37-20 74th Street
Jackson Heights
NY 11372
148-37 Hillside Ave
Jamaica, NY 11435
Hicksville
217 Bethpage road
Hicksville
NY 11801
Buffalo
1049 Broadway St.
Suite # 4
Buffalo, NY 14212
প্রশিক্ষণ এবং সার্টিফিকেট ছাড়াই উপার্জনের সুযোগ।
প্রিয়জনের সান্নিধ্যে সর্বোচ্চ স্বাস্থ্যসেবা
আকর্ষণীয় সাপ্তাহিক আয়ের নিশ্চয়তা
আমরা নুতন গ্রাহক এবং এজেন্সী ট্রান্সফার সাদরে গ্রহণ করছি।
We Welcome Agency Transfers and New Clients.
FOLLOW US ON
FOR LATEST EVENTS. PRIZES AND GIVEAWAYS
বিস্তারিত জানতে কল করুন
718-697-7707
E-mail : info@markshhc.com | www.markshhc.com

প্রথম আলো
Prothom Alo North America
25 November 2021, Thursday, 5th Year, Issue 245, 40 Pages
২৫ নভেম্বর ২০২১, ১০ অগ্রহায়ণ ১৪২৮, ২০ রবিউস সানি ১৪৪৩, বৃহস্পতিবার

ইসলাম

## ভ্রমণ ও সফরের তাগিদ

শামীম সিদ্দিকী

সফর বা ভ্রমণ শুধু চিত্তবিনোদনের জন্য নয়। ভ্রমণে চিন্তাজগৎ প্রসারিত হওয়ার পাশাপাশি শিক্ষাও অর্জিত হয়। ভ্রমণে এই শিক্ষণীয় দিকটার প্রতি পবিত্র কোরআন বিশেষ নজর দিয়েছে। আল্লাহতায়ালা বলেন, 'বলে দাও, তোমরা পৃথিবীতে পরিভ্রমণ করো, অতঃপর দেখো, যারা সত্যকে মিথ্যা বলেছে, তাদের পরিণাম কী হয়েছিল?' (সুরা আনআম, আয়াত: ১১) এ আয়াতে ভ্রমণ ও সফরের প্রতি গুরুত্বারোপ করে বলা হয়েছে, বিভিন্ন দেশে ভ্রমণ করে দেখো, পূর্বকালে যারা তাদের রাসুলকে মিথ্যা বলেছে, ইহকালে তারা কী পরিমাণ শাস্তি ভোগ করেছে। আর পরকালে তো তাদের জন্য কঠিন শাস্তি রয়েছেই।

পবিত্র কোরআনের বেশ কিছু আয়াতে ভ্রমণের প্রতি তাগিদ দেওয়া হয়েছে। আল্লাহ বলেন, 'বলো, তোমরা পৃথিবীতে পরিভ্রমণ করো এবং দেখো, তোমাদের

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৪

# গাড়ি তুলে দিয়ে ৬ জনকে হত্যা, আহত ৪৮

উইসকনসিন

রহমান মাহবুব

যুক্তরাষ্ট্রের উইসকনসিনের ওয়াউকেশা শহরে ছুটির মৌসুমে আনন্দ শোভাযাত্রায় ৬ জনকে হত্যার ঘটনা ঘটেছে। ২১ নভেম্বর রোববার বড়দিন উপলক্ষে আয়োজিত এক শোভাযাত্রার ওপর দিয়ে জীপ চালিয়ে দেয় এক দুস্কৃতকারী। ঘটনার জন্য দায়ী সন্দেহে ড্যারেল ব্রুকসকে (৩৯) ২২ নভেম্বর সোমবার গ্রেপ্তার করা হয়েছে।

নারকীয় এ ঘটনায় প্রথমে কোন সন্ত্রাসী দলের সংঘবদ্ধ কাজ মনে করা হলেও পুলিশ জানায়, গ্রেপ্তারকৃত ব্রুকস একাই এ হত্যাযজ্ঞ ঘটিয়েছেন। তাঁর বিরুদ্ধে নর হত্যার অভিযোগ আনা হয়েছে। ধর্ষণসহ একাধিক মামলায় আগেই গ্রেপ্তার হওয়া ড্যারেল ব্রুকস জামিনে ছিলেন। জামিন পাওয়া ব্রুকস ঘরে ফিরে উশৃঙ্খল আচরণ করেন এবং ঘর থেকে বেরিয়েই গাড়ি নিয়ে বড়দিনের



**হামলাকারী সন্দেহে গ্রেপ্তার ড্যারেল ব্রুকস।** ছবি : সংগৃহীত

শোভাযাত্রার সমাবেশে হামলা করেন। তবে ঘটনার বের করার চেষ্টা চলছে।

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ১

## ইউএনজিএতে এলডিসি থেকে বাংলাদেশের উত্তরণের প্রস্তাব গ্রহণ

উত্তর আমেরিকা অফিস

স্বল্পোন্নত দেশের তালিকা থেকে বেরিয়ে এখন উন্নয়নশীল দেশের তালিকায় বাংলাদেশ। জাতিসংঘ সদর দফতরে ১৯ নভেম্বর শুক্রবার অনুষ্ঠিত কমিটি ফর ডেভেলপমেন্ট পলিসির পাঁচদিনব্যাপী বৈঠকের সমাপনী দিনে এ নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। বৈঠকে এলডিসি থেকে বেরিয়ে বাংলাদেশের উন্নয়নশীল দেশে পদার্পণের সুপারিশ করা হয়। এর ফলে ২০২৪ সালে জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে বাংলাদেশ মধ্যম আয়ের দেশের স্বীকৃতি পাবে বলে মনে করা হচ্ছে।

মাথাপিছু আয়, মানবসম্পদ সূচক এবং অর্থনৈতিক ভঙ্গুরতা—এ তিনটি সূচকে শর্ত অনুযায়ী উন্নতি করায় জাতিসংঘের সুপারিশ পেয়েছে বাংলাদেশ। এর ফলে প্রয়োজনীয়

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৪

# মনোরোগ চিকিৎসায় নিবেদিত নুরুন নেছা

রওশন হক

অদৃশ্য ভাইরাস কোভিড-১৯ এর মুখোমুখি দাঁড়িয়ে দৃশ্যমান এ যুদ্ধে আমাদের জীবনধারাই আজ আমূল বদলে গিয়েছে। একজন সামনের সারির স্বাস্থ্যসেবী হিসেবে মহামারির বিপন্ন বাস্তবতা কাছে থেকে দেখছেন ডাক্তার নুরুন নেছা বেগম। তিনি বর্তামানে যুক্তরাষ্ট্রের ফিলাডেলফিয়া নগরে বসবাস করছেন।

নুরুন নেছা বেগম দীর্ঘদিন মানসিক স্বাস্থ্য নিয়ে কাজ করছেন। কর্মজীবনে স্বাস্থ্যসেবা দিতে গিয়ে রোগীদের মধ্যে ব্যাপক হারে বিষণ্ণতা, উদ্বেগ-আতঙ্ক লক্ষ্য করেছেন। এসব দেখে মানসিক স্বাস্থ্য বিপর্যয়ের এক লুকায়িত মহামারির আশঙ্কা তাঁর মনে গভীর রেখাপাত করে। মানবতার ক্রান্তিলগ্নে পেশার সামাজিক দায়বদ্ধতা থেকে মহামারিতে মানসিক স্বাস্থ্যসেবা সচেতনতা বৃদ্ধির প্রয়োজনীয়তা তিনি অনুধাবন করেন। আর এ কারণেই করোনাকালে তাঁকে দেশে ও যুক্তরাষ্ট্রে বিভিন্ন অনলাইনে সামাজিক যোগাযোগ মাধ্যম ও টেলিভিশন



**ডা. নুরুন নেছা বেগম**

চ্যানেলে মানসিক স্বাস্থ্য সমস্যা নিয়ে সরব থাকতে দেখা গেছে।

নুরুন নেছা বেগম চট্টগ্রামে সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর বাবা প্রয়াত কবির আহমেদ। মা রিজিয়া বেগম রত্নগর্ভা পুরস্কারে ভূষিত। ছয় ভাইবোনের মধ্যে সবার ছোট নুরুন নেছা বেগম ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজে পড়াশোনা করেছেন। তিনি ২০০০ সালে চট্টগ্রাম মেডিকেল কলেজ

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ১

বারী হোম কেয়ার
BARI HOME CARE
আরও বিস্তারিত বিজ্ঞাপন দেখুন ১৯ পৃষ্ঠায়

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge-Offs • Inquiries • Collections • Garnishment • Bankruptcy • Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem, Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

ম্যারিল্যান্ডে বাড়ি ক্রয় বিক্রয়ে সহযোগিতার জন্য কল করুন
"REALTOR, YOU CAN DEPEND ON"
RE/MAX PROS
Hashan Chowdhury, Realtor
Mobile: 301-675-1822
Office: 301-916-1400
Fax: 301-916-0282
মোবাইল: ৩০১-৬৭৫-১৮২২
অফিস: ৩০১-৯১৬-১৪০০
ফ্যাক্স: ৩০১-৯১৬-০২৮২
Realtorchowdhury@gmail.com
12810 Wisterica Dr, #300
Germantown, MD 208/4

কর্ণফুলী ট্যাক্স
KARNAFULLY TAX SERVICES INC.
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
পেরোল | বিজনেস সেটআপ
ইমিগ্রেশন | নোটারী পাবলিক
IRS ENROLLED AGENT
PH: 718-205-6040
37-20 74th Street, 2Fl, Jackson Heights
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent

হোমকেয়ার সেবার জন্য যোগাযোগ করুন
মেডিকেইড প্রোগ্রামের আওতায় আপনজনের সেবা করে ঘরে বসে অর্থ উপার্জন করুন
কোন অভিজ্ঞতার প্রয়োজন নেই
এটি সম্পূর্ন আইনসম্মত
মি.জাফর/রেহানা, কো- অর্ডিনেটর
কর্পোরেট অফিস: ৩৭-০৫ ৭৪ স্ট্রিট, ২য় তলা, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক ১১৩৭২, টেলিফোন: ৬৪৬-৩৭১-৩৪৬১
ব্রঙ্ক অফিস: ২১৪৮ স্টারলিং এভিনিউ, ব্রঙ্ক, নিউইয়র্ক ১০৪৬২, টেলিফোন: ৬৪৬-৩৭১-৩৪৬১

We are expert on
Home, Commercial Building
Business Insurance & Auto
Coming Soon TLC · UBER
Tarik Chowdhury, President
Fatema NYC Insurance Brokerage
167-17 Hillside Ave (2nd Fl.), Jamaica NY-11432
718-398-6511 718-607-9002

খলিল বিরিয়ানীতে আসুন
"বাইডেন বিরিয়ানী" এর স্বাদ নিন
KHALIL BIRYANI & HALAL CHINESE
2062 McGraw Ave, Bronx
NY 10462, Ph: 347-621-2884
KHALIL BIRYANI HOUSE
1445 Olmstead Ave. Bronx
NY 10462 Ph: 718-483-8904
www.khalilsfood.com
HALAL

IATA Accredited Agent
OPEN 7 DAYS
Best service is our Goal
Hajj & Umrah
RAHMANIA TRAVEL SERVICES
TICKETS: DOMESTIC & INTERNATIONAL
কম খরচে বাংলাদেশসহ বিশ্বের যেকোন দেশে ভ্রমণের জন্য আজই যোগাযোগ করুন
হজ ও ওমরাহ
718-205-3270, 646-322-1654
WINTER SALE !!
স্বল্প ফি'তে বাংলাদেশে দ্রুত ও নিরাপদে টাকা পাঠান
37-15,73rd Street, Bangladesh Plaza, Suite # 203, Jackson Heights, NY 11372

Immigrant Elder Home Care LLC
হোম কেয়ার
বিস্তারিত দেখুন ১৮ পৃষ্ঠায়

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
Bangla Travel
JACKSON HEIGHTS NEW YORK
আমরা IATA · আমরা ARC
সবচেয়ে কম দামের গ্যারান্টি দিচ্ছি
7305 37th Road, Jackson Heights, NY 11372
Email: digitalonetravel@gmail.com (কাবাব কিং এর পার্শে, ডাইভারসিটি প্লাজা)
Phone: 917-396-4140, 917-592-7828
সুপার সেল $৬৪৯+
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

MTR Electric
Murad Hussain
আপনি কি বাসায় কিংবা অফিসে সিকিউরিটি ক্যামেরা, বিদ্যুৎ সংযোগ বাড়ি রেনোভেশন করতে চান? আজই আমাদের কল করুন।
আমরা অত্যন্ত দক্ষতার সাথে বাড়ি কিংবা অফিসে যেকোনো ধরনের বিদ্যুৎ সংযোগ, রিপেয়ার ইলেকট্রিক্যাল কন্ট্রোল, বয়লার সিস্টেম, থার্মোস্ট্যাট, এয়ার কন্ডিশন, ওয়্যারিং, লাইটিং সিস্টেম, সাউন্ড সিস্টেম এবং সিকিউরিটি ক্যামেরা, অ্যালার্ম সিস্টেম, হাউস রেনোভেশন, টাইলস, সিটরাক, ফ্লোরিং, দরজা-জানালাসহ ফুল হাউস রেনোভেশনের কাজ করে থাকি।
MRT Electric, 347-251-7335, Email: muradhussain0907@gmail.com

Home & Habitat Realty Corp.
নিউইয়র্কে বাড়ী ক্রয় বিক্রয়ের বিশ্বস্ত প্রতিষ্ঠান
516-460-8260
Mohammed Islam, Branch Manager
646-724-6417
সুলভ মূল্যে বাড়ী ক্রয় বিক্রয়
71-20 35th Ave, Jackson Heights, NY 11372

মতিন MOTIN
An Icon of Growth & Development
Sweets & Masala

Mohammed A Azad MBA
Real Estate Developer
Libertyrenovation04@gmail.com
917-346-8207
বাজেটের মধ্যে আপনার স্বপ্নের বাড়ি ইনডোর এবং আউটডোর সংস্কার, পুনঃনির্মানে একটি বিশ্বস্ত প্রতিষ্ঠান। যে কোন আয়তনের কিচেন, বাথরুম, ফ্যামেলি রুম, অফিসসহ সম্পূর্ণ বাড়ির সংস্কার করা হয়।

জ্যামাইকার সাটফিন বুলেভার্ডে এই প্রথম বাংলাদেশি ডাক্তার
আমরা ইমিগ্রেশনের জন্য মেডিকেল করি
আমাদের সেবাসমূহ
- যত্নসহকারে পূর্ণাঙ্গ স্বাস্থ্যসেবা দেওয়া হয়
- প্রাইমারি কেয়ার/ইন্টারনাল মেডিসিন
- রক্ত, প্রস্রাব, ইকেজি, সনোগ্রাম, এলার্জি পরীক্ষার ব্যবস্থা আছে
- হজ ও ওমরাহ যাত্রীদের জন্য ফ্লু/ভ্যাকসিন
- জব, স্কুল, টিএলসি সম্পর্কিত শারীরিক পরীক্ষা (ফিজিক্যাল এক্সাম)
- হেলথ ইনসুযরেন্স ছাড়া রোগীদের বিশেষভাবে চিকিৎসার ব্যবস্থা আছে
- ফ্রি ব্লাড প্রেসার ও ডায়াবেটিস পরীক্ষার ব্যবস্থা আছে
- স্কুল ফর্ম পূরণ, WIC ফর্ম, PAP Smear পরীক্ষা, ড্রাগ টেস্ট করা হয়
- স্কুল–কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- অন্য সব ধরনের চিকিৎসা অত্যন্ত যত্নসহকারে করা হয় এবং পরার্মশ দেওয়া হয়।
- আমরা প্রায় সব ধরনের ইনসুরেন্স গ্রহণ করে থাকি।
আমাদের অফিস প্রায় ৭ দিনই খোলা।
আপনি জানেন কি?
- বাংলাদেশি ও ভারতীয় অভিবাসীদের হৃদরোগের আশঙ্কা অন্যান্য আমেরিকানদের চেয়ে বেশি।
- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখ, থাইরয়েড, এ্যাজমা (হাঁপানি), বাতের ব্যথা, চর্মরোগ, এলার্জি, যৌন রোগসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারীরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের আশঙ্কা সম্পর্কে জেনে নিন।
মোহাম্মদ এ. ওয়াহিদ, এমডি, বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ
রুবিনা আক্তার, এমডি, বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ
WAHID MEDICAL PLLC
147-28, Hillside Avenue, Jamaica, NY-11435
Tel: 718-487-3671, Fax: 718-487-3715

সম্পাদক: ইব্রাহীম চৌধুরী কর্তৃক মুদ্রিত ও পরিবেশিত: ৩৭-১৮, ৭৩ স্ট্রিট, সুট # ২০২ জ্যাকসন হাইটস, নিউইয়র্ক ১১৩৭২, ফোন: ৭১৮- ৩০৮ - ৫০২০, ই-মেইল: নিউজ: news@prothomalony.com, বিজ্ঞাপন: cm@prothomalony.com